# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট

ভর্তি পরীক্ষা : ২০২১-২২; সেট কোড: ২

## বাংলা-২৫

**01. "বিভীষণের প্রতি মেঘনাদ" কবিতাংশে 'বাসবত্রাস' বলা হয়েছে–**

Ⓐ বিভীষণকে Ⓑ মেঘনাদকে Ⓒ লক্ষ্মণকে Ⓓ রামকে

**B Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ-কাব্য'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে সংকলিত হয়েছে। এ কাব্যাংশে মেঘনাদকে 'অরিন্দম, রাবণি, বাসবত্রাস' নামে অভিহিত করা হয়েছে।

**02. "Waste not, want not." বাক্যের বঙ্গানুবাদ–**

Ⓐ অপচয় করো না, কষ্টেও পড়ো না।

Ⓑ অপচয় করো না, অভাবও হবে না।

Ⓒ নষ্ট করো না, কিছু চেয়ো না।

Ⓓ নষ্ট করো না, করলে আর দিব না।

**B Solve** গুরুত্বপূর্ণ বঙ্গানুবাদ : • What God wills no frost can kill? – রাখে আল্লাহ মারে কে? • Where there is Smoke, there is fire – কারণ বিনা কার্য হয় না। • Virtue proclaims itself – ধর্মের কল বাতাসে নড়ে। • Might is right – জোর যার মুল্লুক তার।

**03. 'Genocide'-এর বাংলা পরিভাষা–**

Ⓐ গণবিরোধী Ⓑ গণহত্যা Ⓒ গণশত্রু Ⓓ গণস্বার্থ

**B Solve** পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| General amnesty | সাধারণ ক্ষমা | Garrison | সেনাদল |
| Just war | ন্যায় যুদ্ধ | Litigation | মামলা |

**04. 'সূর্য' শব্দের সমার্থক হলো–**

Ⓐ অর্ণব Ⓑ অর্ক Ⓒ প্রসূন Ⓓ প্রদোষ

**B Solve** 'সূর্য' শব্দের সমার্থক : অর্ক, আদিত্য, রবি, ভানু, দিবাকর। 'অর্ণব'র সমার্থক 'সাগর', 'প্রসূন'র সমার্থক 'ফুল' এবং 'প্রদোষ'র সমার্থক শব্দ 'সন্ধ্যা'।

**05. ইন্দ্রিয়কে জয় করেছে যে–**

Ⓐ আধ্যাত্মিক Ⓑ ইন্দ্রজিৎ Ⓒ একাগ্রচিত্ত Ⓓ জিতেন্দ্রিয়

**D Solve** এককথায় প্রকাশ : ইন্দ্রকে জয় করেছে যে-ইন্দ্রজিৎ, অধ্যাত্ম বিষয়ক যা-আধ্যাত্মিক, একই বিষয়ে নিবিষ্ট চিত্ত যার-একাগ্রচিত্ত, অন্যদিকে মন দেয় না যে-অনন্যমনা।

**06. "অপরিচিতা" গল্পে কল্যাণীকে আশীর্বাদ করতে গিয়েছিলেন–**

Ⓐ হরিশ Ⓑ অনুপম Ⓒ অনুপমের মামা Ⓓ বিনুদাদা

**D Solve** রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পে কল্যাণীকে আশীর্বাদ করার বর্ণনাটি এরকম : 'কন্যাকে আশীর্বাদ করিবার জন্য যাহাকে পাঠানো হইল সে আমাদের বিনুদাদা, আমার পিসতুতো ভাই।'

**07. "রেইনকোট" গল্পে 'মিসক্রিয়েন্ট' বলতে বোঝানো হয়েছে–**

Ⓐ মিলিটারিদের Ⓑ রাজাকারদের

Ⓒ পুলিশদের Ⓓ মুক্তিযোদ্ধাদের

**D Solve** আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পে 'মিসক্রিয়ান্ট' (অর্থ : দুষ্কৃতকারী) শব্দটি বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের হেয় প্রতিপন্ন করার জন্য ব্যবহার করেছে পাকিস্তান সরকার ও তার সেনাবাহিনী।

**08. 'অলখ' শব্দের অর্থ হলো–**

Ⓐ প্রত্যক্ষ Ⓑ সরব Ⓒ অলক্ষ Ⓓ নীরব

**C Solve** শব্দার্থ :

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| অলখ | অলক্ষ, দৃষ্টি অগোচরে | পাথার | সমুদ্র |
| অর্ঘ্য | অঞ্জলি বা উপহার | উত্তরী | চাদর। উত্তরীয় |

**09. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' উক্তিটি–**

Ⓐ রাজবল্লভের Ⓑ জগৎশেঠের

Ⓒ মিরজাফরের Ⓓ উমিচাঁদের

**D Solve** 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' উমিচাঁদ'র এ উক্তিটি 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যভুক্ত।

**10. 'তাই তারা ছোটে,' 'ছোটে' কেন?–**

Ⓐ ধর্মের জন্য Ⓑ জীবিকার জন্য

Ⓒ কল্যাণের জন্য Ⓓ সুবিধার জন্য

**B Solve** সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' উপন্যাসে জীবিকার জন্য ছোটে চলার বর্ণনাটি এরকম : 'শস্যহীন জনবহুল এ অঞ্চলের বাসিন্দাদের বেরিয়ে পড়বার ব্যাকুলতা ধোঁয়াটে আকাশকে পর্যন্ত যেন সদাসন্ত্রস্ত করে রাখে।... দূরে তাকিয়ে যাদের চোখে আশা জ্বলে তাদের আর তর সয় না, দিন-মান-ক্ষণের সবুর ফাঁসির শামিল। তাই তারা ছোটে, ছোটে।'

**11. সংলাপ-নির্ভর রচনা কোনটি?**

Ⓐ ঐকতান Ⓑ সাম্যবাদী Ⓒ তাহারেই পড়ে মনে Ⓓ সেই অস্ত্র

**C Solve** সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতাটি গঠনরীতির দিক থেকে সংলাপনির্ভর। উল্লেখ্য, নাটকীয় বৈশিষ্ট্যসম্পন্ন এ কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।

**12. "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতায় প্রতিফলিত হয়েছে–**

Ⓐ দেশাত্মবোধ Ⓑ প্রকৃতিচেতনা

Ⓒ বাঙালির সম্প্রীতি Ⓓ সংস্কৃতি-ভাবনা

**A Solve** শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যভুক্ত 'ফেব্রুয়ারি ১৯৬৯' দেশপ্রেম, গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা। উল্লেখ্য, গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে রচিত কবিতাটি একুশের রক্তঝরা দিনগুলোতে স্বৈরশাসনের বিরুদ্ধে এদেশের সংগ্রামী মানুষের আত্মাহুতির মাহাত্ম্যে প্রগাঢ়তা লাভ করেছে।

**13. 'বিস্মিত' শব্দের প্রমিত উচ্চারণ–**

Ⓐ বিস্মিতো Ⓑ বিশ্‌মিতো Ⓒ বিশ্‌শিঁতো Ⓓ বিশ্‌সিতো

**C Solve** শব্দের প্রমিত উচ্চারণ :

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| বিস্ময় | বিশ্‌শঁয় | বিলুপ্ত | বিলুপ্‌তো |
| পেঁয়াজ | পেঁআজ্ | ন্যূনতম | নুনোতমো |

**14. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?**

Ⓐ অশ্রুজল Ⓑ কেবলমাত্র Ⓒ দৈন্যতা Ⓓ ইদানীং

**D Solve** অপপ্রয়োগ ও প্রয়োগ :

| অপপ্রয়োগ | প্রয়োগ |
|---|---|
| অশ্রুজল | অশ্রু |
| কেবলমাত্র | কেবল/মাত্র |
| দৈন্যতা | দৈন্য/দীনতা |

15. 'জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও'। – কী ধরনের বাক্য?
Ⓐ বিবৃতিমূলক Ⓑ প্রার্থনাসূচক
Ⓒ অনুজ্ঞাবাচক Ⓓ কার্যকারণাত্মক

**D Solve** যে বাক্যে নিয়ম, স্বীকৃতি, সংকেত, শর্ত ব্যক্ত হয়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন : জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও।

16. অনশনরত অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহিউদ্দিন আহমদ ইচ্ছে করেই কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি খেতেন; কারণ এতে–
Ⓐ ফুডভ্যালু নেই Ⓑ ভিটামিন সি আছে
Ⓒ খনিজ আছে Ⓓ পিপাসা মেটে

**A Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' থেকে সংকলিত 'বায়ান্নর দিনগুলো' রচনায় কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি খাওয়ার বর্ণনাটি এরকম : 'আমরা ইচ্ছা করে কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি খেতাম। কারণ এর মধ্যে কোনো ফুড ভ্যালু নাই'।

17. শব্দের আদিতে অবস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত 'ব'- ফলা–
Ⓐ দ্বিত্ব হয় Ⓑ উচ্চারিত হয় না Ⓒ অ-কারান্ত হয় Ⓓ লোপ পায়

**B Solve** সংযুক্ত বর্ণে ব্যঞ্জনের পরে ব-ফলা রূপে সাধারণত অন্তস্থ ব-ই আসে ; ব-ফলা বাংলায় উচ্চারিত হয় না, কেবল পূর্বস্থিত ব্যঞ্জনের দ্বিত্ব-ভাব ঘটায় ; আদ্য অক্ষরে ব-ফলা থাকলে, তার উচ্চারণই হয় না। যেমন : ত্বক (তক্), শ্বশুর (শোশুর্), স্বাধীন (শাধিন্)।

18. সবচেয়ে বড় দাসত্ব কোনটি?
Ⓐ পরাবলম্বন Ⓑ বিনয় Ⓒ মিথ্যা Ⓓ সংকোচ

**A Solve** কাজী নজরুল ইসলাম 'আমার পথ' ('রুদ্র-মঙ্গল' গ্রন্থভুক্ত) প্রবন্ধে পরাবলম্বনকে সবচেয়ে বড় দাসত্ব হিসেবে অভিহিত করেছেন। প্রবন্ধের বর্ণনানুযায়ী, 'নিজকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর অটুট বিশ্বাস আসে, এই স্বাবলম্বন, এই নিজের ওপর অটুট বিশ্বাস করতেই শেখাচ্ছিলেন মহাত্মা গান্ধীজি। কিন্তু আমরা তাঁর কথা বুঝলাম না, "আমি আছি" এই কথা না বলে সবাই বলতে লাগলাম "গান্ধীজি আছেন"। এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে। একেই বলে সবচেয়ে বড় দাসত্ব।'

19. 'ব্যাঙের সর্দি' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ অসম্ভব বিষয় Ⓑ বিস্মিত হওয়া Ⓒ কঠিন অসুখ Ⓓ সৌভাগ্য

**A Solve** গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা :

| বাগ্‌ধারা | অর্থ |
|---|---|
| একাদশে বৃহস্পতি | সৌভাগ্য |
| থ বনে যাওয়া | স্তম্ভিত হওয়া |
| ব্যাঙের আধুলি | সামান্য সম্পদ |
| হালে পানি পাওয়া | সুবিধা করা |

20. 'নিমরাজি' শব্দে 'নিম' যে অর্থে ব্যবহৃত হয়েছে–
Ⓐ পূর্ণ Ⓑ অতিরিক্ত Ⓒ একান্তভাবে Ⓓ আংশিক

**D Solve** উপসর্গ সম্পর্কিত তথ্য :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| নিম (ফারসি) | প্রায় অর্থে | নিমখুন |
| | অর্ধেক/আধা/আংশিক | নিমরাজি |

21. 'ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে?' উক্তিটি যার–
Ⓐ জমিলার Ⓑ মজিদের
Ⓒ আক্কাসের Ⓓ রহিমার

**D Solve** সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' উপন্যাসে রহিমার 'ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে? আপনে ওরে নিয়া আসেন ভিতরে।'– উক্তির মাধ্যমে মজিদের তথা ধর্মব্যবসায়ীদের বিরুদ্ধে মানুষের মমত্ববোধের জয়ধ্বনি ঘোষিত হয়েছে।

22. শুদ্ধ বানানগুচ্ছ কোনটি?
Ⓐ শারীরিক, সমীচিন, নিরীক্ষণ Ⓑ ইতিমধ্যে, ইতঃপূর্বে, উপরোক্ত
Ⓒ শ্রদ্ধাঞ্জলী, বাল্মীকি, আকাঙ্ক্ষা Ⓓ ভৌগোলিক, শতবার্ষিক, মুহুর্মুহু

**D Solve** বানানশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সমীচিন | সমীচীন | ইতিমধ্যে | ইতোমধ্যে |
| উপরোক্ত | উপর্যুক্ত/উপরিউক্ত | শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি |

23. 'হাসপাতাল' শব্দটি যে ভাষা থেকে এসেছে–
Ⓐ ফরাসি Ⓑ ফারসি Ⓒ ইংরেজি Ⓓ পর্তুগিজ

**C Solve** ইংরেজি ভাষা থেকে আগত শব্দ : ইউনিভার্সিটি, ইউনিয়ন, কলেজ, টিন, নভেল, নোট, পেন্সিল, লাইব্রেরি, লণ্ঠন।

24. নিচের যে শব্দটি উপসর্গযোগে গঠিত নয়–
Ⓐ আসন Ⓑ অনিন্দ্য Ⓒ আবেগ Ⓓ অবোলা

**A Solve** √আস্ + অন = আসন (সংস্কৃত প্রত্যয় যোগে গঠিত)। 'অনিন্দ্য, আবেগ, অবোলা' উপসর্গযোগে গঠিত শব্দ।

25. 'মোদাচ্ছের' কথাটির অর্থ–
Ⓐ আগন্তুক Ⓑ নাম না-জানা Ⓒ পরিচিত Ⓓ খ্যাতিমান

**B Solve** গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| নলি | জাহাজে চড়ার অনুমতিপত্র | হা শূন্য | অভাবগ্রস্ত। দারিদ্র্য। |
| আলগোছে | খুব সাবধানে | বেগানা | অনাত্মীয়। |

## General English-25

**Fill in the gaps (1-5)**

01. I don't see Meena anywhere; she —— early.
Ⓐ must left Ⓑ must have left
Ⓒ went Ⓓ may leave

**B Explanation** অতীত বা বর্তমানের কোনো যৌক্তিক সিদ্ধান্ত বা অনুমান বোঝাতে must have ব্যবহৃত হয়। এর পর verb এর past participle বসে। অর্থাৎ, মিনাকে কোথাও দেখা যাচ্ছে না, এর একটা যৌক্তিক সিদ্ধান্ত বা অনুমান হচ্ছে সে অবশ্যই অনেক আগে চলে গেছে।

02. You are fully aware —— the events.
Ⓐ at Ⓑ with Ⓒ off Ⓓ of

**D Explanation** Be aware of sth-কোনো কিছু সম্পর্কে সতর্ক থাকা।

03. It has been drizzling —— morning.
Ⓐ for Ⓑ from Ⓒ since Ⓓ in

**C Explanation** Point of time বা নির্দিষ্ট সময় হতে বোঝালে present perfect continuous tense-এ since বসে।

04. **Change into passive : 'Who killed the bird?'**
Ⓐ By whom was the bird killed?
Ⓑ By whom the bird was killed?
Ⓒ By whom had the bird killed?
Ⓓ By whom the bird had been killed?
**A** Explanation Active voice এর interogative sentence -এ who থাকলে passive করার সময় by whom প্রথমে বসে এবং এর পর auxiliary verb + subject + $v_3$ বসে।

05. **Hearing of the case will be next week. The boldfaced word is a/an —**
Ⓐ noun Ⓑ adverb
Ⓒ adjective Ⓓ verb
**A** Explanation Hearing (v + ing) বাক্যে gerund রূপে বাক্যের subject হিসেবে বসেছে। সাধারণত, gerund বাক্যে noun এর কাজ করে।

06. **The story "Photograph" depicts –**
Ⓐ the situation of senior citizens
Ⓑ human relationships
Ⓒ the generation gap
Ⓓ a brave woman
**D** Explanation Anglo-Indian writer Ruskin Bond (1934-present) এর একটি বিখ্যাত ছোটগল্প Photograph। এই ছোটগল্পে তিনি একজন সাহসী নারীর চিত্র অঙ্কিত করেছেন।

07. **Change into indirect speech: My colleague said to me, "Without traffic it will take 15 minutes to go." –**
Ⓐ My colleague told me that it would take 15 minutes to go without traffic.
Ⓑ My colleague asked me that it will take 15 minutes to go without traffic.
Ⓒ My colleague told me that it would be taking 15 minutes to go without traffic.
Ⓓ My colleague marned me that it would take 15 minutes to go without traffic.
**A** Explanation Assertive sentence এর indirect speech এ said to এর পরিবর্তে told হয় এবং reporting verb past হওয়ায় reported speech ও past tense এ হবে।

08. **Diseases like cancer, kidney failure and heart problems can be attributed all together as –**
Ⓐ fatal Ⓑ contagious
Ⓒ psychosomatic Ⓓ respiratory
**A** Explanation Fatal-মৃত্যুঘটায় এমন (cause to death)। Cancer, Kidney failure, heart এর রোগসমূহ মানুষে মৃত্যু ঘটাতে পারে বলে এদের fatal disease বলা হয়।

09. **Pandas are the victim of –**
Ⓐ Tsunami Ⓑ flood
Ⓒ soli erosion Ⓓ climate change
**D** Explanation জলবায়ু পরিবর্তনের victim যেসব প্রাণী তাদের মধ্যে পাণ্ডা অনত্যম।

10. **Two-third of the work — finished.**
Ⓐ have been Ⓑ have
Ⓒ has been Ⓓ will have
**C** Explanation Fraction (ভগ্নাংশ) এর ক্ষেত্রে ভগ্নাংশের পর যে noun বা pronoun থাকে সেটা অনুযায়ী verb হয়। The work হলো uncountable noun তাই এর verb singular হবে।

11. **The flood caused much damage — crops.**
Ⓐ to Ⓑ in Ⓒ at Ⓓ on
**A** Explanation কোনো কিছু ঘটানোর ক্ষেত্রে cause এর পর preposition to হয়। বাক্যটির বাংলা অর্থ : বন্যা ফসলের ব্যাপক ক্ষতি করল অর্থাৎ, বন্যার কারণে ফসলের ব্যাপক ক্ষতি হলো।

12. **The synonym of the word 'confinement' is —**
Ⓐ discrimination Ⓑ isolation
Ⓒ delusion Ⓓ togetherness
**B** Explanation Confinement শব্দের অর্থ বন্দিত্ব, ঘরের বাইরে যেতে না পারার অবস্থা। এর সমার্থক শব্দ isolation (বিচ্ছিন্নকরন)। Discrimination- বৈষম্য; delusion- প্রতারণা; togetherness- একতা।

13. **Find the word which is in plural form–**
Ⓐ Curriculum Ⓑ Alumnus
Ⓒ Nucleus Ⓓ Syllabi
**D** Explanation Syllabus এর plural হলো syllabi। Curriculum এর plural হলো: curricula; alumnus এর plural হলো alumni; neucleus এর plural হলো neuclei।

14. **Use the right form of verb: Once the youth (be) fond of footbal –**
Ⓐ were Ⓑ was Ⓒ is Ⓓ are
**A** Explanation Adjective এর পূর্বে the বসলে সেটা plural common noun-কে নির্দেশ করে এবং verb plural হয়।

15. **The meaning of 'null and void' is –**
Ⓐ useless Ⓑ useful
Ⓒ valid Ⓓ invalid
**D** Explanation Null and void- আইনত নিষ্ফল ও বাতিল (invalid)

16. **The adverb form of 'base' is –**
Ⓐ based Ⓑ basis Ⓒ basic Ⓓ basically
**D** Explanation Base (ভিত্তি) হলো noun। এর adverb হবে basically (মৌলিকভাবে) এবং adjective হবে basic (মৌলিক)।

17. **William Wordsworth is a poet of –**
Ⓐ love Ⓑ democracy
Ⓒ nature Ⓓ politics
**C** Explanation রোমান্টিক যুগের বিখ্যাত কবি William Wordsworth (1770-1850) প্রকৃতির কবি বা poet of nature হিসেবে পরিচিত ছিলেন।

18. **Nadine Gordimer said, "He is at the epicenter of our time." Here 'He' refers to –**
Ⓐ F. W. de Klerk Ⓑ Nelson Mandela
Ⓒ Mahatma Gandhi Ⓓ Martin Luther king
**B** Explanation দক্ষিণ আফ্রিকার বিখ্যাত লেখক এবং রাজনৈতিক ব্যক্তিত্ব Nadine Gordimer (1923-2014) নেলসন ম্যান্ডেলা সম্পর্কে বলেছেন "He is at the epicentre of our time"।

**19. The past form of the word 'beat' is –**

Ⓐ beat Ⓑ bit Ⓒ bite Ⓓ bitten

**A** Explanation Beat (আঘাত করা, প্রহার করা) এর past form beat এবং past participle form beaten।

**20. Complete the sentence : There may come a time when we will cry for water and find it nowhere unless we —**

Ⓐ take care of our rivers
Ⓑ build dams
Ⓒ control our rivers
Ⓓ control our environments

**A** Explanation Unless- যদি না। অর্থাৎ, আমরা যদি আমাদের নদীর যত্ন না নেই, তাহলে একদিন আমাদের পানির জন্য কষ্ট পেতে হবে।

**21. Change into negative : I want only a pen.–**

Ⓐ I want none but a pen. Ⓑ I want nothing but a pen.
Ⓒ I do not want a pen. Ⓓ I want nothing more than a pen.

**B** Explanation Affirmative sentence এ only থাকলে negative করার সময় only এর পরিবর্তে nothing but হয়।

**22. In Langston Hughes's poem "Dreams", 'Life' is not compared with –**

Ⓐ a broken-winged bird Ⓑ a barren field
Ⓒ morning glow Ⓓ freezing snow

**C** Explanation বিখ্যাত আমেরিকান কবি James Mercer Langston Hughes (1901-1967) তাঁর Dreams কবিতায় মানুষের life কে অনেক কিছুর সাথে তুলনা করেছেন। কিন্তু morning glow এর সাথে তুলনা করেননি।

**23. Translate : পদ্মা সেতু দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম সেতু।**

Ⓐ Padma Bridge is the second large bridge in South Asis
Ⓑ Padma Bridge is the second largest bridge in South Asia.
Ⓒ Padma Bridge is the second largest bridges of South Asia.
Ⓓ Padma Bridge is the second largest bridge of South Asia.

**B** Explanation দ্বিতীয় বৃহত্তম the second largest এবং দক্ষিণ এশিয়ায় পদ্মা সেতুর অবস্থান বোঝাতে preposition in বসবে।

**24. Choose the correct sentence —**

Ⓐ The sun rose and the fog disappeared.
Ⓑ The sun having rose, the fog disappeared.
Ⓒ When the sun rose, the fog disappeared.
Ⓓ The sun having risen, the fog disappeared.

**D** Explanation বাক্যটি perfect participle আকারে হবে অর্থাৎ, having + $v_3$ হবে।

**25. The Rime of the Ancient Mariner is a poem by –**

Ⓐ William Wordsworth Ⓑ William Blake
Ⓒ Robert Frost Ⓓ S. T. Coleridge

**D** Explanation রোমান্টিক যুগের বিখ্যাত কবি Samuel Taylor Coleridge (1772-1834) এর একটি বিখ্যাত কবিতা "The Rime of the Ancient Mariner"। এটি হলো Coleridge এর একটি দীর্ঘকবিতা বা long narrative poem যেখানে তিনি suppernaturalism এর বর্ণনা দিয়েছেন।

## সাধারণ জ্ঞান

**01. বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম শত্রুমুক্ত জেলা-**

Ⓐ কুমিল্লা Ⓑ ঢাকা
Ⓒ গোপালগঞ্জ Ⓓ যশোর

**D** Solve ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশে জেলা ছিল ১৯টি। এই ১৯টি জেলার মধ্যে ৬ ডিসেম্বর ১৯৭১ প্রথম শত্রুমুক্ত হয় যশোর জেলা। সর্বশেষ শত্রুমুক্ত হয় ঢাকা জেলা। ১৯৭২ সালের ৩১ জানুয়ারি ঢাকা হানাদার মুক্ত হয়।

**02. ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত খাত হলো-**

Ⓐ শিক্ষা Ⓑ জনপ্রশাসন
Ⓒ প্রতিরক্ষা Ⓓ পরিবহন ও যোগাযোগ

**B** Solve ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সর্বোচ্চ বরাদ্দকৃত ৩টি খাত নিম্নে উপস্থাপিত হল।

| খাতের নাম | বাজেটের পরিমাণ | মোট বাজেটের শতাংশ |
|---|---|---|
| ১. জনপ্রশাসন | ২,২১,১৪৯ কোটি টাকা | ১৯.৯০% |
| ২. শিক্ষা ও প্রযুক্তি | ৯৯,৯৭৭ কোটি টাকা | ১৪.৭০% |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৮১,৫১০ কোটি টাকা | ১২% |

**03. সংসদের একটি অধিবেশন সমাপ্ত হওয়ার পর, সর্বোচ্চ —— মধ্যে পরবর্তী অধিবেশন আহ্বান করতে হয়।**

Ⓐ ৯০ দিনের Ⓑ ৮০ দিনের
Ⓒ ৭০ দিনের Ⓓ ৬০ দিনের

**D** Solve বাংলাদেশের সংবিধানের ৭২(১) উপ-দফায় বলা হয়েছে– 'সরকারী বিজ্ঞপ্তি-দ্বারা রাষ্ট্রপতি সংসদ আহবান, স্থগিত ও ভঙ্গ করিবেন এবং সংসদ আহবানকালে রাষ্ট্রপতি প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করিবেন; সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকিবে না'।

**04. পদ্মা বহুমুখী সেতু রাজধানী ঢাকার সঙ্গে দক্ষিণ-পশ্চিম অঞ্চলের কয়টি জেলাকে যুক্ত করেছে?**

Ⓐ ১৭টি Ⓑ ২০টি
Ⓒ ২১টি Ⓓ ২৪টি

**C** Solve পদ্মা বহুমুখী সেতু উদ্বোধন করা হয় ২৫ জুন ২০২২, বাংলা ১১ আষাঢ় ১৪২৯। পদ্মা সেতু চালু হওয়ার ফলে ঢাকা বিভাগের ৫টি জেলা, বরিশাল বিভাগের ৬টি জেলা ও খুলনা বিভাগের ১০টি জেলাসহ মোট ২১ টি জেলাকে রাজধানী ঢাকার সঙ্গে সংযুক্ত করেছে।

**05. বাংলাদেশ বিমান বাহিনী একাডেমি অবস্থিত-**

Ⓐ চট্টগ্রাম Ⓑ খুলনায়
Ⓒ ঢাকায় Ⓓ যশোর

**D** Solve বাংলাদেশ বিমান বাহিনী প্রতিষ্ঠিত হয় ২৮ সেপ্টেম্বর ১৯৭১। এই বাহিনীর প্রতীক উড়ন্ত ঈগলের ওপরে শাপলা এবং দু'পাশে দুটি করে মোট ৪টি তারকা। এই বাহিনীর স্লোগান 'বাংলার আকাশ রাখিব মুক্ত'। বিমান বাহিনীর সদর দপ্তর ঢাকা সেনানিবাসে এবং বিমান বাহিনী একাডেমি যশোরের মতিউর রহমান বিমান ঘাঁটিতে অবস্থিত।

**06. ২০২৪ সালের আইসিসি নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে-**

Ⓐ বাংলাদেশে Ⓑ ভারতে Ⓒ নিউজিল্যান্ডে Ⓓ ইংল্যান্ডে

**A** Solve ২০০৯ সালে প্রথম নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে এবং চ্যাম্পিয়ন হয় ইংল্যান্ড। ২০২০ সালে সর্বশেষ ৭ম নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়াতে এবং চ্যাম্পিয়ন হয় অস্ট্রেলিয়া। ২০২৩ সালে ৮ম নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে দক্ষিণ আফ্রিকায়। ২০২৪ সালে ৯ম নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে বাংলাদেশে এবং ২০২৬ সালে ১০ম নারী টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ইংল্যান্ডে।

**07. বাংলাদেশ প্রথমে যে আন্তর্জাতিক সংস্থার সদস্য পদ লাভ করে-**

Ⓐ বিশ্বস্বাস্থ্য সংস্থা Ⓑ কমনওয়েলথ

Ⓒ আন্তর্জাতিক মুদ্রা তহবিল Ⓓ জোটনিরপেক্ষ আন্দোলন

**B** Solve প্রশ্নে উল্লিখিত সংস্থাগুলো থেকে বাংলাদেশ সদস্যপদ পাওয়ার সময়।

| সংস্থার নাম | বাংলাদেশ সদস্যপদ লাভের সময় |
|---|---|
| কমনওয়েলথ | ১৮ এপ্রিল ১৯৭২ |
| বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | ১৭ মে ১৯৭২ |
| আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) | ১৭ আগস্ট ১৯৭২ |
| জোট নিরপেক্ষ আন্দোলন (NAM) | ৫ সেপ্টেম্বর ১৯৭৩ |

**08. 'আন্তর্জাতিক নারী দিবস' পালিত হয় যে তারিখে-**

Ⓐ ৯ মার্চ Ⓑ ১১ মার্চ Ⓒ ১০ মার্চ Ⓓ ৮ মার্চ

**D** Solve ১৯০৮ সালের ৮ মার্চ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে নারী বস্ত্র শ্রমিকরা তাদের কাজের সম্মান আদায়ের লক্ষ্যে ধর্মঘট ও হরতাল পালন করে। ১৯০৯ সাল থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালিত হয়ে আসছে। জাতিসংঘ কর্তৃক 'আন্তর্জাতিক নারী দিবস' ১৯৭৫ সাল থেকে পালন হচ্ছে।

**09. বাংলাদেশের প্রথম টানেল যে নদীর তলদেশে নির্মাণ করা হচ্ছে-**

Ⓐ পদ্মা Ⓑ সুরমা Ⓒ কর্ণফুলী Ⓓ যমুনা

**C** Solve চট্টগ্রাম জেলায় অবস্থিত কর্ণফুলী নদীর তলদেশে বাংলাদেশের প্রথম নির্মিতব্য টানেল 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল'। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং চীনের রাষ্ট্রপতি শি জিন পিং টানেলটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ২০১৬ সালের ১৪ অক্টোবর। প্রধানমন্ত্রী শেখ হাসিনা টানেলটির আনুষ্ঠানিক কাজের উদ্বোধন বা বোরিং কার্যক্রমের উদ্বোধন করেন ২৪ ফেব্রুয়ারি ২০১৯।

**10. বাংলাদেশ ও ভারতের মধ্যে সদ্য চালু হওয়া ট্রেনের নাম-**

Ⓐ মিতালী এক্সপ্রেস Ⓑ মৈত্রী এক্সপ্রেস

Ⓒ বন্ধন এক্সপ্রেস Ⓓ সখ্য এক্সপ্রেস

**A** Solve ১ জুন ২০২২ ভারতের পশ্চিমবঙ্গের নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন পর্যন্ত চালু হওয়া ট্রেনের নাম মিতালী এক্সপ্রেস। এটি বাংলাদেশ ও ভারতের মধ্যে চালু হওয়া তৃতীয় ট্রেন, এর আগে থেকেই বাংলাদেশ ও ভারতের মধ্যে মৈত্রী এক্সপ্রেস ও বন্ধন এক্সপ্রেস চালু রয়েছে।

**11. ধীরেন্দ্রনাথ দত্ত যে আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট-**

Ⓐ নীল বিদ্রোহ Ⓑ ভাষা আন্দোলন

Ⓒ তেভাগা আন্দোলন Ⓓ নাচোল বিদ্রোহ

**B** Solve পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি জানান কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত, ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮। ভাষা আন্দোলন, বাংলাদেশের বিভিন্ন স্বাধিকার আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধেও অংশগ্রহণ করেছিলেন ধীরেন্দ্রনাথ দত্ত।

**12. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের যে ক্রিকেটার প্রথম ৫০০০ রান করেন-**

Ⓐ সাকিব আল হাসান Ⓑ তামিম ইকবাল

Ⓒ মাশরাফি বিন মর্তুজা Ⓓ মুশফিকুর রহিম

**D** Solve টেস্ট ক্রিকেটে বাংলাদেশের পক্ষে এপর্যন্ত দুই জন ক্রিকেটার ৫,০০০ রান করার রেকর্ড করেন। প্রথম মুশফিকুর রহিম, দ্বিতীয় তামিম ইকবাল।

**13. বাস্তিল দুর্গের পতন যে দেশের ইতিহাসের সঙ্গে সংশ্লিষ্ট-**

Ⓐ ভারত Ⓑ রাশিয়া

Ⓒ ফ্রান্স Ⓓ জার্মানি

**C** Solve ফ্রান্সের স্বৈরাচারী রাজাদের কুখ্যাত কারাগার হিসেবে ব্যবহৃত হতো 'বাস্তিল দুর্গ'। স্বাধীনতাকামী ব্যক্তিদের এই দুর্গে বন্দী করে অমানবিক নির্যাতন করা হতো। ১৭৮৯ সালের ১৪ জুলাই ফ্রান্সের জনগণ এই দুর্গ দখলে নিয়ে ফরাসি বিপ্লবের আনুষ্ঠানিক যাত্রা শুরু করেন, ফলশ্রুতিতে সম্রাট ষোড়শ লুই এর পতন ত্বরান্বিত হয়।

**14. 'অশনি' একটি —— এর নাম-**

Ⓐ ভবন Ⓑ ঘূর্ণিঝড় Ⓒ প্রতিষ্ঠান Ⓓ চলচ্চিত্র

**B** Solve ভারত মহাসাগর তথা বঙ্গোপসাগরে সৃষ্ট সর্বশেষ ঘূর্ণিঝড়ের নাম 'অশনি'। অশনি নামকরণ করে শ্রীলংকা, এটি সিংহলী ভাষার শব্দ যার অর্থ ক্রোধ বা রাগ।

**15. বাংলাদেশ যে সংস্থার সদস্য নয়-**

Ⓐ সার্ক Ⓑ বিমসটেক Ⓒ ব্রিকস Ⓓ ডি-৮

**C** Solve ব্রিকস বা BRICS এর সদস্য দেশ ৫টি, যথা : ব্রাজিল, রাশিয়া, ইন্ডিয়া, চিন ও দক্ষিণ আফ্রিকা। এটি একটি অর্থনৈতিক জোট। BRICS কর্তৃক প্রতিষ্ঠিত NDB (New Development Bank) এর সদস্য দেশ ৭টি। NDB'র ৭টি সদস্যের মধ্যে BRICS-এর ৫টি দেশ ছাড়াও বাকী ২টি দেশ বাংলাদেশ (১৬ সেপ্টেম্বর, ২০২১) ও সংযুক্ত আরব আমিরাত (৪ অক্টোবর, ২০২১)।

**16. বাংলাদেশের অভ্যুদয় যে ধরনের রাষ্ট্রের দৃষ্টান্ত-**

Ⓐ সাম্যবাদী রাষ্ট্র Ⓑ এককেন্দ্রিক রাষ্ট্র

Ⓒ জাতিরাষ্ট্র Ⓓ পুঁজিবাদী রাষ্ট্র

**C** Solve বাংলাদেশের অভ্যুদয় সম্পর্কে সংবিধানের ৯ম অনুচ্ছেদে বলা হয়েছে, 'ভাষাগত ও সংস্কৃতিগত একক সত্তাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছে, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি।

**17. সম্প্রতি যে দেশের ১৬টি পণ্য আমদানিতে করমুক্ত সুবিধা প্রদানে বাংলাদেশ সম্মত হয়েছে-**

Ⓐ ভুটান Ⓑ মালয়েশিয়া

Ⓒ ইউক্রেন Ⓓ ঘানা

**A** Solve স্বাধীনতার ৫০ বছর তথা সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন এবং ভুটান বাংলাদেশকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি প্রদান উপলক্ষে বাংলাদেশ ও ভুটানের মধ্যে PTA (Preferential Trade Agreement) চুক্তি স্বাক্ষরিত হয় ৬ ডিসেম্বর ২০২০। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেন, বর্তমান ১৮ টি পণ্যের সঙ্গে নতুন আরো ১৬টিসহ মোট ৩৪টি কোডভুক্ত পণ্য ভুটান শুল্কমুক্ত সুবিধায় বাংলাদেশে রফতানির সুযোগ পাবে।

18. নদীর গতি পরিবর্তন হয় যার প্রভাবে-

Ⓐ বজ্রপাত Ⓑ ভূমিকম্প Ⓒ ঘূর্ণিঝড় Ⓓ প্রবল বৃষ্টিপাত

**B Solve** বিভিন্ন কারণে নদীর গতিপথ পরিবর্তন হতে পারে। নদীতে বাঁধ দিলে, নদীভাঙন হলে, নদীতে নতুন চর জাগলে, নদীতে ভূমিকম্প হলে ইত্যাদি কারণে নদীর গতি পরিবর্তন হতে পারে। উদাহরণ হিসেবে বলা যায়, ভূমিকম্পের কারণে ব্রহ্মপুত্র নদের গতি পরিবর্তন হয়ে যমুনা নদীর সৃষ্টি হয়েছিল।

19. স্বাধীনভাবে বসবাস যে ধরনের অধিকারের অন্তর্গত-

Ⓐ সামাজিক Ⓑ রাজনৈতিক Ⓒ ব্যক্তিগত Ⓓ নৈতিক

**A Solve** সামাজিক অধিকারের অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ কিছু অধিকার নিম্নরূপ–

১. জীবনের অধিকার বা আত্মরক্ষার অধিকার।
২. ব্যক্তি স্বাধীনভাবে সমাজে বা রাষ্ট্রে বসবাসের অধিকার।
৩. চিন্তা ও মত প্রকাশের অধিকার।
৪. সভা-সমিতির অধিকার।
৫. চলাফেরার অধিকার।
৬. সম্পত্তির অধিকার।
৭. ধর্ম পালনের অধিকার।

20. বাংলাদেশ সরকার যে প্রকল্পের অধীনে গৃহহীন হাজার হাজার মানুষকে গৃহ প্রদান করেছে-

Ⓐ গৃহহীন প্রকল্প Ⓑ আবাসন প্রকল্প
Ⓒ নিকেতন প্রকল্প Ⓓ আশ্রয়ণ প্রকল্প

**D Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা' গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালে ডিজিটাল বাংলাদেশ এবং ২০৪১ সালে দারিদ্র্যমুক্ত উন্নত দেশ গড়ার লক্ষ্যে ২০০৯ সালে ১০টি বিশেষ উদ্যোগ গ্রহণ করে। প্রধানমন্ত্রীর ১০টি উদ্যোগের 'দ্বিতীয়টির নাম- 'আশ্রয়ণ প্রকল্প'। আশ্রয়ণ প্রকল্পের স্লোগান-'আশ্রয়ণের অধিকার, শেখ হাসিনার উপহার।

21. যে দেশে সবচেয়ে বেশি গ্রিনহাউজ গ্যাস নির্গমন হয়-

Ⓐ জাপান Ⓑ চিন Ⓒ রাশিয়া Ⓓ ভারত

**B Solve** সামগ্রিকভাবে সবচেয়ে বেশি গ্রিনহাউজ গ্যাস নির্গমন করে-চিন, দ্বিতীয়-যুক্তরাষ্ট্র, তবে মাথাপিছু গিনহাউজ গ্যাস নির্গমনে শীর্ষ দেশ-যুক্তরাষ্ট্র,দ্বিতীয়-রাশিয়া ও তৃতীয়-চিন।

22. 'জেনেভা কনভেনশন' হলো কতগুলো-

Ⓐ মানবাধিকার চুক্তি Ⓑ সামরিক চুক্তি
Ⓒ যুদ্ধচুক্তি Ⓓ অর্থনৈতিক চুক্তি

**A Solve** 'জেনেভা কনভেনশন' নামে ৪ টি চুক্তি স্বাক্ষর ও কার্যকর হয়। নিম্নে ৪ টি চুক্তি তুলে ধরা হল।

| চুক্তি | স্বাক্ষর | কার্যকর | বিষয় |
|---|---|---|---|
| ১ম | ২২ আগস্ট ১৮৬৪ | ২২ জুন ১৮৬৫ | যুদ্ধাহত সৈন্যদের অবস্থার উন্নতির লক্ষ্যে |
| ২য় | ৬ জুলাই ১৯০৬ | ৯ আগস্ট ১৯০৭ | সমুদ্র অঞ্চলে যুদ্ধাহত সৈন্যদের অবস্থার উন্নতির লক্ষ্যে |
| ৩য় | ২৭ জুলাই ১৯২৯ | ১৯ জুন ১৯৩১ | যুদ্ধবন্দিদের সামগ্রিক অবস্থার উন্নতির লক্ষ্যে |
| ৪র্থ | ১২ আগস্ট ১৯৪৯ | ২১ অক্টোবর ১৯৫০ | যুদ্ধকালীন বেসামরিক জনগণকে নিরাপত্তা দানের লক্ষ্যে |

23. বাংলা ভাষা পাকিস্তানের সংবিধানে অন্তর্ভুক্ত হয় যে সালে-

Ⓐ ১৯৫২ Ⓑ ১৯৫৩
Ⓒ ১৯৫৫ Ⓓ ১৯৫৬

**D Solve** পাকিস্তান গণপরিষদ কর্তৃক বাংলা ভাষাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয় ৯ মে ১৯৫৪ এবং পাকিস্তানের সংবিধান কর্তৃক বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার স্বীকৃতি দেয়া হয় ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬ সালে।

24. জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর হিসাবে বাংলাদেশে বর্তমানে স্বাক্ষরতার হার-

Ⓐ ৭৪.৬৬% Ⓑ ৭৫.৫৬%
Ⓒ ৭৬.০২% Ⓓ ৭৭.১২%

**A Solve** ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর কিছু তথ্য-

| | |
|---|---|
| শুমারির তারিখ | ১৫-২১ জুন, ২০২২ (সিলেট অঞ্চলে ২৮ জুন পর্যন্ত) |
| প্রতিপাদ্য | জনশুমারিতে তথ্য দিন, পরিকল্পিত উন্নয়নে অংশ নিন |
| গণনা পদ্ধতি | মোডিফাইড ডিফ্যাক্টো |
| জনসংখ্যা | ১৬,৫১,৫৮,৬১৬ জন |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংখ্যা | ১৬,৫০,১৫৯ জন (জনসংখ্যার ০.৯৯%) |
| জনসংখ্যা বৃদ্ধির হার | ১.২২% |
| জনসংখ্যার ঘনত্ব | ১,১১৯ জন (প্রতি বর্গ কিমি) |
| পুরুষ-নারীর অনুপাত | ৯৮.০৪ : ১০০ |
| সাক্ষরতা (%) | ৭৪.৬৬, পুরুষ-৭৬.৫৬, নারী-৭২.৮২ |

25. অহিংস আন্দোলনের পথিকৃৎ ছিলেন-

Ⓐ নেলসন ম্যান্ডেল Ⓑ মহাত্মা গান্ধী
Ⓒ মার্টিন লুথার কিং জুনিয়র Ⓓ মার্শাল টিটো

**B Solve** মহাত্মা গান্ধী ১৯৩০ সালে প্রথম তাঁর অহিংস আন্দোলনের মতাদর্শ প্রয়োগ করেন। লবণ করের বিরুদ্ধে প্রতিবাদ হিসেবে ৪০০ কিলোমিটার পথ হাটেন, যা অহিংস আন্দোলনের দৃষ্টান্ত। মহাত্মা গান্ধীর জন্মদিন ২ অক্টোবরকে 'আন্তর্জাতিক অহিংস দিবস' হিসেবে স্বীকৃতি দেয় জাতিসংঘ।

26. আসিয়ান —— অঞ্চলের একটি সংস্থা-

Ⓐ পূর্ব এশিয়া Ⓑ দক্ষিণ-পূর্ব এশিয়া
Ⓒ পূর্ব এশিয়া Ⓓ দক্ষিণ এশিয়া

**B Solve** আসিয়ান-এর সংক্ষিপ্ত পরিচিতি।

| | |
|---|---|
| পূর্ণরূপ | Association of Southeast Asian Nations (ASEAN) |
| প্রতিষ্ঠা | ৮ আগস্ট ১৯৬৭ |
| সদস্য | দক্ষিণ-পূর্ব এশিয়ার পূর্ব তিমুর ব্যতীত বাকী ১০টি দেশ |
| সর্বশেষ সদস্য | কম্বোডিয়া |
| সদর দপ্তর | জাকার্তা, ইন্দোনেশিয়া |

27. যে শহর দুই মহাদেশে বিস্তৃত-

Ⓐ ইস্তাম্বুল Ⓑ প্যারিস Ⓒ কায়রো Ⓓ কাসাব্লাঙ্কা

**A Solve** তুরস্কের ইস্তাম্বুল শহরটি এশিয়া ও ইউরোপ মহাদেশ জুড়ে বিস্তৃত। দুই মহাদেশে অবস্থিত ইস্তাম্বুল শহরকে পৃথক করেছে বসফরাস প্রণালি।

**28. যে ভাষাবংশটি সবচেয়ে বড়–**

Ⓐ ইন্দো-ইউরোপীয় Ⓑ চিনা-তিব্বতি
Ⓒ দ্রাবিড়ীয় Ⓓ অ্যাফ্রো-এশীয়

**A Solve** ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর প্রধান শাখা ২টি, কেন্তুম ও শতম। শতম শাখা আবার চার ভাগে বিভক্ত, যার একটি ভাগের নাম ইন্দো-ইরানীয়। ইন্দো-ইরানীয় শাখার ভারতীয় অংশ থেকে ভারত উপমহাদেশের বেশিরভাগ ভাষার জন্ম হয়েছে।

**29. 'জয় বাংলা' হলো আমাদের –**

Ⓐ জাতীয় শ্লোগান Ⓑ মৈত্রীর শ্লোগান
Ⓒ রাজনৈতিক শ্লোগান Ⓓ গণতান্ত্রিক শ্লোগান

**A Solve** মন্ত্রিসভার বৈঠকে 'জয় বাংলা' কে জাতীয় স্লোগান হিসেবে স্বীকৃতি দেয়া হয় ২০ ফেব্রুয়ারি ২০২২ এবং আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয়া হয় বা মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয় ২ মার্চ ২০২২।

**30. কোনটি বর্তমান বাংলা বছর?**

Ⓐ ১৪১২ Ⓑ ১৪১৮
Ⓒ ১৪২৯ Ⓓ ১৪২৪

**C Solve** ইংরেজি সাল থেকে ৫৯৩ বিয়োগ করলে বাংলা সাল বের হয়, যেমন ২০২২–৫৯৩ = ১৪২৯।

**31. পঞ্চবার্ষিক পরিকল্পনার চূড়ান্ত অনুমোদন দেয়–**

Ⓐ মন্ত্রিপরিষদ Ⓑ জাতীয় অর্থনৈতিক পরিষদ
Ⓒ অর্থ মন্ত্রণালয় Ⓓ জাতীয় সংসদ

**B Solve** পঞ্চবার্ষিক পরিকল্পনার চূড়ান্ত অনুমোদন দেয় জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC)। NEC এর সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী। সর্বশেষ দেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা NEC বা National Economic Council থেকে অনুমোদন পায় ২৯ ডিসেম্বর ২০২০।

**32. সরকার কী ধরনের প্রতিষ্ঠান?**

Ⓐ অর্থনৈতিক Ⓑ প্রজাতন্ত্রী
Ⓒ রাজনৈতিক Ⓓ সামাজিক

**C Solve** একটি গণতান্ত্রিক রাষ্ট্রে রাজনৈতিক দলের গুরুত্ব– ক. জনমত গঠন, খ. সরকার গঠন, গ. ভিন্নমুখী মতামতকে একত্রীকরণ, জনগণ ও সরকারের মধ্যে সেতুবন্ধন।

**33. হাজংদের বাস মূলত যেসকল জেলায়-**

Ⓐ ময়মনসিংহ ও নেত্রকোণা Ⓑ সিলেট ও রাঙামাটি
Ⓒ রংপুর ও দিনাজপুর Ⓓ কক্সবাজার ও বান্দরবান

**A Solve** ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হাজংদের বসবাস রয়েছে ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর ও সুনামগঞ্জ জেলায়। হাজংরা সনাতন বা হিন্দু ধর্মাবলম্বী।

**34. কত সালে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে?**

Ⓐ ২০২৩ Ⓑ ২০২৪
Ⓒ ২০২৫ Ⓓ ২০২৬

**A Solve** বঙ্গবন্ধু স্যাটেলাইট–২ উৎক্ষেপণের জন্য রাশিয়ার রাষ্ট্রীয় মহাকাশ সংস্থা Roscosmos এর অঙ্গ প্রতিষ্ঠান Glavkosmos এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয় ২ ফেব্রুয়ারি ২০২২। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট–২' হবে আর্থ অবজারভেটরি ক্যাটাগরির স্যাটেলাইট।

**35. মুদ্রাস্ফীতির প্রধান কারণ–**

Ⓐ অর্থের যোগান হ্রাস Ⓑ মুদ্রানীতি
Ⓒ অর্থের যোগান বৃদ্ধি Ⓓ ঋণব্যবস্থাপনা

**C Solve** মুদ্রার সরবরাহ বৃদ্ধি পাওয়াকেই সাধারণত মুদ্রাস্ফীতি বলে। অর্থনীতির পরিভাষায়, মুদ্রার সরবরাহ বেড়ে গেলে এবং পণ্য ও সেবার সরবরাহ অপরিবর্তিত থাকলে তাকে মুদ্রাস্ফীতি বলে।

**36. নাগরিকের জাতীয় দায়িত্ব হলো–**

Ⓐ বিশ্বশান্তি রক্ষা Ⓑ কর্মসংস্থান সৃষ্টি
Ⓒ কর প্রদান Ⓓ জ্ঞানচর্চা

**C Solve** নাগরিকের জাতীয় দায়িত্বসমূহ–
ক. রাষ্ট্রের প্রতি আনুগত্য।
খ. আইন মান্য করা।
গ. সততার সাথে ভোটাধিকার প্রয়োগ করা।
ঘ. সৎ ও যোগ্য নেতৃত্ব নির্বাচন করা।
ঙ. নিয়মিত কর প্রদান করা।
চ. রাষ্ট্রের সেবা করা।
ছ. সন্তানদের শিক্ষাদানের ব্যবস্থা করা।

**37. ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ফুটবলের আয়োজক মহাদেশ হলো–**

Ⓐ এশিয়া Ⓑ আফ্রিকা
Ⓒ ইউরোপ Ⓓ উত্তর আমেরিকা

**D Solve** ২০২৬ সালে ফিফা বিশ্বকাপ ফুটবলের ২৩তম আসর অনুষ্ঠিত হবে উত্তর আমেরিকা মহাদেশের ৩টি দেশে, যথা : যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা। এই বিশ্বকাপে ৪৮টি দেশ অংশগ্রহণ করবে। তিনটি দেশের মোট ১৬টি শহরকে নির্বাচিত করা হয়েছে ম্যাচগুলো সম্পাদনের জন্য, এর মধ্যে যুক্তরাষ্ট্রের ১১টি শহর, মেক্সিকোর ৩টি ও কানাডার ২টি শহরে অনুষ্ঠিত হবে ২৩তম বিশ্বকাপ ফুটবল।

**38. সোনা মসজিদ স্থলবন্দরের সঙ্গে ভারতের যে জেলা সংযুক্ত–**

Ⓐ নদীয়া Ⓑ মালদা
Ⓒ হুগলি Ⓓ জলপাইগুড়ি

**B Solve** সোনা মসজিদ স্থলবন্দর অবস্থিত চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায়। এই স্থলবন্দরের সাথে ভারতের স্থান মাহাদীপুর, মালদহ, পশ্চিমবঙ্গ।

**39. বিটুবি, বিটুসি প্রভৃতি হলো–**

Ⓐ টেলিমেডিসিন Ⓑ দূরশিক্ষণ
Ⓒ অফিস ব্যবস্থাপনা Ⓓ ই-কমার্স

**D Solve** Business to Business এবং Business to Consumer হচ্ছে ইলেকট্রনিক বাণিজ্য অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে পণ্য সংগ্রহ এবং সরবরাহ পদ্ধতিকে বিটুবি ও বিটুসি বলে।

**40. —— এনএফসি প্রযুক্তি ব্যবহারের জন্য প্রাসঙ্গিক নয়।**

Ⓐ ক্রেডিট কার্ড Ⓑ টোল প্রদান
Ⓒ ওয়াইম্যাক্স Ⓓ বাস-ভাড়া পরিশোধ

**C Solve** NFC (Near Field Communication) হলো রেডিও সিগন্যাল ব্যবহার করে ৪ সেন্টিমিটার থেকে সর্বোচ্চ ১০ সেন্টিমিটারের মধ্যে দুইটি ডিভাইসকে পরস্পরের মধ্যে তারবিহীন ডেটা যোগাযোগ করার প্রটোকল। মোবাইল ফোন, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, টোল পরিশোধের কার্ড ইত্যাদি NFC এর উদাহরণ।

**41. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের তারিখ–**

Ⓐ ২৬ ডিসেম্বর ১৯৭১ Ⓑ ১ জানুয়ারি ১৯৭২
Ⓒ ১০ জানুয়ারি ১৯৭২ Ⓓ ১৭ মার্চ ১৯৭২

**Ⓒ Solve** পাকিস্তানের মিয়ানওয়ালি কারাগার থেকে মুক্ত হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ লন্ডন গিয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যাডওয়ার্ড হিথ এর সঙ্গে সাক্ষাৎ করেন। লন্ডন থেকে তিনি দিল্লিতে আসেন ও ভারতের তৎকালীন রাষ্ট্রপতি ভিভি গিরি এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাথে সাক্ষাৎ করেন। ১০ জানুয়ারি ১৯৭২ দুপুর ১ টা ৪১ মিনিটে তিনি পা রাখেন স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মাটিতে।

**42. ২০২১ সালের সাহিত্যে নোবেল পুরস্কার বিজয়ীর নাম–**

Ⓐ আবদুল রাজাক গুরনা Ⓑ লিউসি গ্লুক
Ⓒ পিটার হ্যান্ডকে Ⓓ বব ডিলান

**Ⓐ Solve** ২০২১ সালে সাহিত্যে নোবেল বিজয়ী আবদুল রাজাক গুরনা তাঞ্জানিয়ার ঔপন্যাসিক। জাঞ্জিবার বিপ্লবের সময় শরনার্থী হিসেবে তিনি যুক্তরাজ্যে চলে যান। তাঁর উপন্যাসগুলোর বিশেষ বৈশিষ্ট্য 'উপনিবেশবাদ ও শরনার্থী সঙ্কট'। ২০২২ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করে ফরাসি লেখক আনি এরনো।

**43. জাতিসংঘের বর্তমান মহাসচিব হলেন-**

Ⓐ আন্তোনিও গুতেরেজ Ⓑ কার্ট ওয়াল্ডহেইম
Ⓒ জেনেস্ স্টোল্টেনবার্গ Ⓓ বান কি মুন

**Ⓐ Solve** আন্তোনিও গুতেরেস জাতিসংঘের ৯ম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ১ জানুয়ারি ২০১৭। তিনি পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী এবং জাতিসংঘের শরনার্থীবিষয়ক হাইকমিশনার ছিলেন। জাতিসংঘের মহাসচিবের মেয়াদ ৫ বছর, তিনি দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন এবং ২০২৬ সালে পর্যন্ত তিনি মহাসচিব হিসেবে থাকবেন।

**44. ২০২২ সালে বৈশ্বিক শান্তিসূচকে সবচেয়ে শান্তিপূর্ণ দেশ হলো-**

Ⓐ আইসল্যান্ড Ⓑ নিউজিল্যান্ড
Ⓒ আয়ারল্যান্ড Ⓓ অস্ট্রিয়া

**Ⓐ Solve** অস্ট্রেলীয় গবেষণা প্রতিষ্ঠান 'ইনস্টিটিউট ফর ইকোনমিকস্ অ্যান্ড পিস' ২০২২ সালের বৈশ্বিক শান্তি সূচক প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী সবচেয়ে শান্তিপূর্ণ দেশ আইসল্যান্ড এবং সবচেয়ে খারাপ বা অশান্তির দেশ আফাগাননিস্তান (১৬৩ তম)। বাংলাদেশের অবস্থান ৯৬তম।

**45. ইউক্রেন যে দেশের অন্তর্ভুক্ত ছিল-**

Ⓐ ইতালি Ⓑ যুক্তরাজ্য
Ⓒ ইউএসএসআর Ⓓ ফ্রান্স

**Ⓒ Solve** বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক দেশ USSR (Union of Soviet Socialist Republic) প্রতিষ্ঠিত হয়েছিল ১৯১৭ সালের রুশ বিপ্লবের মাধ্যমে, তবে USSR নামটি গৃহীত হয় ১৯২২ সালে। ১৯৯১ সালে USSR রাষ্ট্রটি ভেঙ্গে গেলে মোট ১৫টি স্বাধীন দেশের জন্ম হয়। ভেঙ্গে যাওয়া USSR এর থেকে স্বাধীন হওয়া ১৫টি দেশের প্রধান দেশে হচ্ছে রাশিয়া এবং অন্যতম দেশ ইউক্রেন, বেলারুশ, জর্জিয়া, মলদোভা ইত্যাদি।

**46. — হলো কোনো কম্পিউটার সিস্টেমে ব্যক্তি শনাক্তকরণ কৌশল।**

Ⓐ বায়োমেট্রিক্স Ⓑ ফিশিং
Ⓒ স্লিকিং Ⓓ ক্রায়োসার্জারি

**Ⓐ Solve** একজন ব্যক্তির পরিচয়কে ফিজিক্যাল অথবা আচরণগত বৈশিষ্ট্যের ব্যবহার সত্যতা যাচাইয়ের মাধ্যমে নিশ্চিত করার প্রযুক্তিকে বায়োমেট্রিক্স বলা হয়।

**47. বাংলাদেশ প্রথম ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধন পায়-**

Ⓐ ইলিশ মাছ Ⓑ জামদানি
Ⓒ পাট Ⓓ ফজলি আম

**Ⓑ Solve** বাংলাদেশের প্রথম GI (Geographical Indication বা ভৌগোলিক নির্দেশক) পণ্য হিসেবে নিবন্ধন পায় জামদানি শাড়ী (১৭ নভেম্বর ২০১৬)। বাংলাদেশের দশম বা সর্বশেষ GI পণ্য হিসেবে নিবন্ধন পায় বাগদা চিংড়ি (২৪ এপ্রিল ২০২২)।

**48. ফিদেল ক্যাস্ত্রো যে দেশের নাগরিক-**

Ⓐ পেরু Ⓑ কিউবা
Ⓒ ব্রাজিল Ⓓ মেক্সিকো

**Ⓑ Solve** ফিদেল ক্যাস্ত্রো ১৯২৬ সালের ১৩ আগস্ট কিউবায় জন্মগ্রহণ করেন। ১৯৫৯ সালে কিউবান বিপ্লবের মাধ্যমে কিউবার ক্ষমতা দখল এবং প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। ১৯৬১ সালে তিনি কিউবা কমিউনিস্ট দল প্রতিষ্ঠা করেন। তিনি ১৯৫৯–১৯৭৬ পর্যন্ত প্রধানমন্ত্রী এবং ১৯৭৬–২০০৮ পর্যন্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন। ২৫ নভেম্বর ২০১৬ কিউবাতেই মৃত্যুবরণ করেন এই সমাজতান্ত্রিক নেতা।

**49. স্টপ জেনোসাইড তথ্যচিত্রের নির্মাতা-**

Ⓐ খান আতাউর রহমান Ⓑ জহির রায়হান
Ⓒ চাষী নজরুল ইসলাম Ⓓ আলমগীর কবীর

**Ⓑ Solve** জহির রায়হানের 'Stop Genocide' ১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি হানাদার বাহিনীর গণহত্যার প্রামাণ্যচিত্র। তার আরেকটি প্রমাণ্যচিত্র Let there be light, এটিও মুক্তিযুদ্ধে গণহত্যার উপর নির্মিত।

**50. নিচের যেটি দ্বিতীয় বিশ্বযুদ্ধে অক্ষশক্তির দেশ ছিল-**

Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ ফ্রান্স
Ⓒ রাশিয়া Ⓓ ইতালি

**Ⓓ Solve** দ্বিতীয় বিশ্বযুদ্ধের গুরুত্বপূর্ণ তথ্য–

| | |
|---|---|
| মিত্রশক্তির দেশ | ব্রিটেন, ফ্রান্স, বেলজিয়াম, যুক্তরাষ্ট্র, USSR (রাশিয়া) |
| অক্ষশক্তির দেশ | জাপান, জার্মানি, ইতালি |
| যুদ্ধ শুরু | ১ সেপ্টেম্বর ১৯৩৯, জার্মানির পোল্যান্ড আক্রমণের মাধ্যমে |
| যুদ্ধ শেষ | ২ সেপ্টেম্বর ১৯৪৫, জাপানের চুক্তি স্বাক্ষরের মাধ্যমে |
| জার্মানির আত্মসমর্পণ | ৭ মে ১৯৪৫ |
| জাপানের আত্মসমর্পণ | ১৪ আগস্ট ১৯৪৫ |
| দ্বিতীয় বিশ্বযুদ্ধের সাথে জড়িত কিছু শব্দ | D-Day, V.E.Day, V-J Day, ডেজার্ট র‍্যাট, ডেজার্ট ফক্স, হলোকস্ট, লিটল বয়, ফ্যাট ম্যান |

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজ
### ভর্তি পরীক্ষা : ২০২০-২১; সেট: ০১
### ইউনিট : কলা ও সামাজিক বিজ্ঞান

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

**01. 'সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?' উক্তিটি–**

Ⓐ রাজবল্লভের Ⓑ জগৎশেঠের Ⓒ মিরজাফরের Ⓓ মিরনের

C Solve সিকান্দার আবু জাফর কর্তৃক রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যে মিরজাফর আলোচ্য উক্তিটি করেন।

**02. ভাষার অপপ্রয়োগের একটি দৃষ্টান্ত হলো–**

Ⓐ দৈন্যতা Ⓑ গীতাঞ্জলি Ⓒ সহযোগিতা Ⓓ সাক্ষ্য

A Solve 'তা' এবং 'ত্ব' বিশেষ্যবাচক প্রত্যয়। এগুলো 'বিশেষণ' শব্দকে 'বিশেষ্যে' পরিণত করে। সেজন্য বিশেষ্য শব্দের সঙ্গে পুনরায় 'তা' এবং 'ত্ব' প্রয়োগের প্রয়োজন নেই। প্রয়োগ করলে তা হবে অশুদ্ধ। উদাহরণস্বরূপ :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অপকর্ষতা | অপকর্ষ | কৃচ্ছ্রতা | কৃচ্ছ্র |
| দৈন্যতা | দৈন্য | ঐক্যতা | ঐক্য |

**03. 'অজর' শব্দে 'অ' এর উচ্চারণ বিবৃত হওয়ার কারণ–**

Ⓐ না-বোধকতা Ⓑ অভিশ্রুতি Ⓒ স্বরসঙ্গতি Ⓓ অপিনিহিতি

A Solve 'অজর' {অ (নঞ) + জরা} শব্দের অর্থ : জরাগ্রস্ত হয় না এমন। জরা বা বার্ধক্যরহিত। শব্দের আদিতে না-বোধক 'অ' এর উচ্চারণ বিবৃত হয়। যেমন : অটল, অনাচার।

**04. কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস নয়–**

Ⓐ বাঁধনহারা Ⓑ শিউলিমালা Ⓒ মৃত্যু-ক্ষুধা Ⓓ কুহেলিকা

B Solve কাজী নজরুল ইসলাম রচিত 'শিউলিমালা' ছোটগল্প গ্রন্থ। মোট ৪টি গল্পের (পদ্ম-গোখরো, জিনের বাদশা, অগ্নি-গিরি, শিউলিমালা) সমন্বয়ে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ১৯৩১ খ্রিস্টাব্দে (১৩৩৮ বঙ্গাব্দের কার্তিকে)।

**05. 'Primitive' শব্দের বাংলা পরিভাষা হলো–**

Ⓐ অসীম Ⓑ অপরিসীম Ⓒ আদিম Ⓓ আমৃত্যু

C Solve কতিপয় গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Protocol | সৌজন্যবিধি | Postpone | মুলতবি রাখা |
| Post-age | ডাকমাসুল | Part-time | খণ্ডকালীন |

**06. মাকে নিয়ে অনুপম যাচ্ছিল–**

Ⓐ বিদেশে Ⓑ তীর্থে Ⓒ আত্মীয়ের বাড়ি Ⓓ গ্রামে

B Solve রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প। 'অপরিচিতা' মনস্তাপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তার পাপস্খলনের অকপট কথামালা।

**07. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালা তুলনীয় যার সাথে–**

Ⓐ ফুল Ⓑ নদী Ⓒ নক্ষত্র Ⓓ পর্বতমালা

C Solve গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে রচিত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটিতে শামসুর রাহমান বর্ণমালাকে নক্ষত্রের সঙ্গে তুলনা করে বলেন–

দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।

**08. 'অরুণরাঙা' যে কর্মধারয় সমাসের উদাহরণ–**

Ⓐ রূপক Ⓑ মধ্যপদলোপীⒸ উপমিত Ⓓ উপমান

D Solve সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন : ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে 'ভ্রমর' উপমান এবং 'কেশ' উপমেয়। কৃষ্ণত্ব হলো সাধারণ ধর্ম।

**09. যে বানানটি শুদ্ধ–**

Ⓐ বুভুক্ষু Ⓑ বুভূক্ষু Ⓒ বূভুক্ষূ Ⓓ বুভুক্ষূ

A Solve কতিপয় শুদ্ধ বানান : ব্যূহ, বিদ্বজ্জন, ব্যুৎপত্তি, ব্যতীত, বিন্যস্ত, বিভীষিকা, বাল্মীকি, বুদ্ধিজীবী, বহিষ্কার, বক্ষ্যমাণ, বন্দ্যোপাধ্যায়।

**10. 'Pros and cons' এর বঙ্গানুবাদ হলো–**

Ⓐ সুবিধা-অসুবিধা Ⓑ কাছাকাছি
Ⓒ লাভ-ক্ষতি Ⓓ আগে-পিছে

A Solve কতিপয় গুরুত্বপূর্ণ বাংলা অনুবাদ : Pride goeth before destruction– অতি বাড় বেড়ো না ঝড়ে পড়ে যাবে; Patience is bitter, but its fruit is sweet– সবুরে মেওয়া ফলে; Penny wise, pound foolish– বজ্র আঁটুনি ফসকা গেরো।

**11. শূন্যস্থান পূরণ কর : কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি–/'— দুয়ার গেছে খুলি'?**

Ⓐ পূর্ব Ⓑ দক্ষিণ Ⓒ উত্তর Ⓓ পশ্চিম

B Solve উক্ত লাইনটি সুফিয়া কামাল রচিত 'তাহারেই পড়ে মনে' কবিতা থেকে নেওয়া হয়েছে। জননী সাহসিকা সম্ভাষণে ভূষিত সুফিয়া কামালের (১৯১১-১৯৯৯) সংলাপনির্ভর রচনা 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিস্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। 'তাহারেই পড়ে মনে' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**12. 'লালসালু' উপন্যাসের শুরুতেই মজিদ প্রবেশ করে–**

Ⓐ মতিগঞ্জে Ⓑ মধুপুরে Ⓒ আওয়ালপুরে Ⓓ মহব্বতনগরে

D Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মজিদ চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে– মজিদ সমাজের একটি টাইপ চরিত্র। উপন্যাস অনুসারে বলা হয়ে থাকে সে এখন উড়ে চলা পাতা নয়। মজিদ চরিত্রটি স্বার্থপরতা, প্রতিপত্তি, শোষণ, নিষ্ঠুর ও প্রতিশোধপরায়ণের চিরন্তন প্রতিভূ। তাছাড়া মজিদ হচ্ছে ভণ্ড, আধিপত্যবাদী, ঈর্ষাপরায়ণ, মিথ্যাবাদী ও ধর্মান্ধ।

**13. 'সকল শিক্ষকগণ আমন্ত্রিত।' বাক্যটি যে দোষে দুষ্ট–**

Ⓐ আসত্তি Ⓑ আকাঙ্ক্ষা Ⓒ যোগ্যতা Ⓓ বাহুল্য

D Solve প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতাগুণ হারিয়ে থাকে। যেমন : দেশের সব আলেমগণই এ ব্যাপারে আমাদের সমর্থন দান করেন। 'আলেমগণ' বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য-দোষ সৃষ্টি করেছে।

**14. 'ঐকতান' কবিতাটি যে ছন্দে রচিত–**

Ⓐ অক্ষরবৃত্ত Ⓑ স্বরবৃত্ত Ⓒ মাত্রাবৃত্ত Ⓓ গদ্যছন্দ

Ans A Solve 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। ১৩৪৭ বঙ্গাব্দের ফাগুন সংখ্যা 'প্রবাসী'তে কবিতাটি 'ঐকতান' নামে প্রথম প্রকাশিত হয়।

**15. 'সেই অস্ত্র' কবিতায় যে পৌরাণিক নগরীর উল্লেখ রয়েছে–**

Ⓐ রোম Ⓑ এথেন্স Ⓒ ট্রয় Ⓓ স্পার্টা

Ans C Solve আহসান হাবীব (১৯১৭-৮৫) রচিত 'সেই অস্ত্র' কবিতায় উল্লেখকৃত ট্রয় নগরী হলো প্রাচীন গ্রিসের স্থাপত্যকলায় নন্দিত এক শহর (বর্তমানে তুরস্কে অবস্থিত)। মানুষের হিংসা-বিদ্বেষ ঈর্ষা আর দম্ভের শিকার হয়ে পৃথিবীর ইতিহাসে বারংবার ধ্বংস হয়েছে এই নগরী। যুদ্ধের নির্মমতার এক চিরায়ত দৃষ্টান্ত এই ট্রয়।

## English

**16. The word 'fierce' means–**

Ⓐ fearful Ⓑ ferocious Ⓒ timid Ⓓ modest

Ans B Explanation fierce – নৃশংস, হিংস্র (ferocious)। timid/ fearful – ভীত।

**17. Bangladesh is blessed — huge water resources.**

Ⓐ with Ⓑ for Ⓒ in Ⓓ from

Ans A Explanation Blessed with (sth) – আশীর্বাদপুষ্ট।

**18. I wish I — the piano.**

Ⓐ should play Ⓑ can play
Ⓒ may play Ⓓ could play

Ans D Explanation 'I wish' সাধারণত unreal fact বোঝায়। তাই এর পর be verb সর্বদা were এবং principal verb past হয়।

**19. If I — a king, I could — the poor.**

Ⓐ were, feed Ⓑ was, help
Ⓒ were, help Ⓓ be, assist

Ans C

**20. He pulled the boy by — ear.**

Ⓐ her Ⓑ one's Ⓒ ann Ⓓ the

Ans D Explanation Pull sb by the ear– কাউকে কান ধরে টেনে নেওয়া।

**21. The antonym of the word 'artifical' is–**

Ⓐ offended eⒷ normal Ⓒ current Ⓓ natural

Ans D Explanation Artificial – কৃত্রিম, খাঁটি নয় এমন, অস্বাভাবিক। Natural অর্থ প্রাকৃতিক, অকৃত্রিম।

**22. Find the word which is in singular form–**

Ⓐ agenda Ⓑ data Ⓒ bacteria Ⓓ crisis

Ans D Explanation

| **Singular** | **Plural** |
|---|---|
| Agendum | Agenda |
| Datum | Data |
| Crisis | Crises |
| Bacterium | Bacteria |

**23. Use the right form of verb: She never (eat) anything in luncheon.**

Ⓐ eat Ⓑ eating Ⓒ been eatingⒹ eats

Ans D

**24. The meaning of 'in a nutshell' is–**

Ⓐ in brief Ⓑ likely
Ⓒ in a fix Ⓓ in fulfillment

Ans A Explanation In a nutshell – অর্থ সংক্ষিপ্তাকারে, সংক্ষেপে।

**25. Make into negative: He always obeys his superiors.**

Ⓐ He does not obey his superiors
Ⓑ He is not obeying his superiors
Ⓒ He never disobeys his superiors
Ⓓ He never obey his superiors

Ans C Explanation Affirmative -এ always থাকলে negative -এ রূপান্তরের সময় always'র পরিবর্তে never বসে।

**26. Kuakata is locally known as–.**

Ⓐ Sagar pori Ⓑ Sagar Kannya
Ⓒ Sagar Rupa Ⓓ Sagar Labony

Ans B

**27. Choose the correct spelling.**

Ⓐ aknowledgement Ⓑ acknowledgement
Ⓒ aknowlegemnt Ⓓ acknowlegdment

Ans B Explanation সঠিক বানান Acknowledgement (প্রাপ্তি স্বীকার)।

**28. 'A bolt from the blue' refers to –**

Ⓐ thunder shower Ⓑ heavenly feeling
Ⓒ unexpected news Ⓓ an intreovert person

Ans C Explanation A bolt from the blue – অর্থ বিনা মেঘে বজ্রপাত অর্থাৎ অনাকাঙ্ক্ষিত কোনো সংবাদ।

**29. Change into passive: 'You have wasted much time'.**

Ⓐ Much time was wasted by you
Ⓑ Much time wasted by you
Ⓒ Much time has been wasted
Ⓓ Much time have wasted

Ans C

**30. The verb form of 'civilization' is–**

Ⓐ civilize Ⓑ civil Ⓒ civilized Ⓓ civilian

Ans A Explanation Civilize (v) সভ্য করা, সুশীল করে গড়ে তোলা। এর noun form civilization – সভ্যতা।

**31. Robert Frost is a poet of–**

Ⓐ UK Ⓑ treiand
Ⓒ Germany Ⓓ USA

Ans D

**32. Change into indirect speech: He said to me, "Can you help me now?"**

Ⓐ He asked me if I can help him now
Ⓑ He asked me if I could help him then
Ⓒ He asked me if I could help him now
Ⓓ He asked me wheter I can help him now

Ans B Explanation Direct speech – এ reporting verb past হলে এবং reported speech auxiliary verb দ্বারা শুরু হলে, Indirect -এ reporting verb 'asked' হয় এবং reported speech - এর পূর্বে if/whether বসে।

**33. The past form of the word 'bear' is–**

Ⓐ beared Ⓑ bore Ⓒ born Ⓓ borne

Ans B Explanation Bear – bore – born – বহন করা, সহ্য করা।

**34. Translate: সচেতনতা কোভিড-১৯ এর প্রাদুর্ভাব কমাতে পারে।**

Ⓐ Awareness can reduce in COVID-19 outbreaks.
Ⓑ Awareness can reduce COVID-19 outbreaks.
Ⓒ Awareness to reduce the COVID-19 outbreaks.
Ⓓ Awareness will reduce in COVID-19 outbreaks.

Ans B

**35. Choose the correct sentence–**

Ⓐ He prefers milk to tea Ⓑ He prefers milk in tea
Ⓒ He prefers milk tea Ⓓ He prefers milk at tea

Ans A Explanation Prefer + noun + to + noun অর্থাৎ দুটি জিনিসের মধ্যে একটিকে (প্রথমটি) অধিক পছন্দ করা অর্থে prefer to ব্যবহৃত হয়।

36. **The 'Diary of a young Girl' was published in–**
Ⓐ 1947 Ⓑ 1948 Ⓒ 1949 Ⓓ 1920 Ans Ⓐ

37. **Join an appropriate word: Hardly had I reached home; it began to rain.**
Ⓐ than Ⓑ then Ⓒ when Ⓓ while
Ans A Explanation Hardly had + sub + $v_3$ + ext + than + sub + $v_2$ + ext.

38. **The synonym of the word 'emancipation' is–**
Ⓐ enchantment Ⓑ captivity Ⓒ enslavement Ⓓ liberation
Ans D Explanation Emancipation অর্থ মুক্তি, স্বাধীনতা (liberation)।

39. **Find the correct present form–.**
Ⓐ He cut his finger Ⓑ She lost her way
Ⓒ I found in interesting Ⓓ We seldom visit here
Ans D Explanation Cut – cut – cut – কাঁটা, find – found – found – খুঁজে পাওয়া, lose – lost – lost – হারানো।

40. **"Blow, blow, thou winter wind. Thou are not so unkind." is taken from the writings of–**
Ⓐ William blake Ⓑ John keats
Ⓒ William Shakespeare Ⓓ P.B Shelley Ans Ⓒ

## সাধারণ জ্ঞান

41. **বাঙালি জাতির মুক্তির সনদ হলো –**
Ⓐ ৬ দফা Ⓑ ১১ দফা Ⓒ ৭ মার্চের ভাষণ Ⓓ ২১ দফা
Ans A Solve ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু ঘোষিত বাঙালির মুক্তির সনদ হিসেবে পরিচিত ছয় দফার দাবিসমূহ নিম্নরূপ :

| দফা | বিবরণ |
|---|---|
| ১ | প্রাদেশিক শাসন কাঠামো গঠন |
| ২ | কেন্দ্রীয় সরকারের হাতে ক্ষমতা |
| ৩ | স্বতন্ত্র মুদ্রা ও ব্যাংক ব্যবস্থা |
| ৪ | রাজস্ব আদায়ের ক্ষমতা |
| ৫ | বৈদেশিক বাণিজ্য ও মুদ্রা নিয়ন্ত্রণ |
| ৬ | নিজস্ব নিরাপত্তা বাহিনী গঠন |

42. **বাল্যবিবাহ প্রতিরোধে হেল্পলাইন হলো–**
Ⓐ ১০৯ Ⓑ ১০৩ Ⓒ ৯৯৯ Ⓓ ৩৩৩
Ans D Solve বাল্য বিবাহ বন্ধে ১২ এপ্রিল ২০১৯ সালে চালু হয় সরকারি হেল্পলাইন ৩৩৩। এই নম্বরে দেশের যেকোনো জায়গা থেকে ফোন করে বাল্যবিবাহ সংক্রান্ত তথ্য ও অভিযোগ জানানো যাবে। অপরদিকে ১০৯ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং ৯৯৯ জরুরি সেবা বিষয়ক হেল্প নম্বর।

43. **নিচের যেটি আঞ্চলিক জোট নয়–**
Ⓐ সার্ক Ⓑ ওপেক Ⓒ আসিয়ান Ⓓ আরব লীগ
Ans B Solve OPEC-Organization of the petroleum Exporting Countries (OPEC) তেলের উৎপাদন ও মূল্য নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ১৪ সেপ্টেম্বর ১৯৬০ সালে গঠিত হয়। ওপেকের সদস্য বর্তমানে ১৩টি দেশ। সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায় অবস্থিত।

44. **জনসংখ্যার দিক থেকে বিশ্বে বাংলাদেশের অবস্থান–**
Ⓐ সপ্তম Ⓑ অষ্টম Ⓒ নবম Ⓓ দশম
Ans B Solve জনসংখ্যা বিষয়ক বাংলাদেশের তথ্য :

| জনসংখ্যার তথ্য | অবস্থান |
|---|---|
| জনসংখ্যার দিক থেকে বিশ্বে বাংলাদেশের অবস্থান | অষ্টম |
| মুসলিম বিশ্বে বাংলাদেশের অবস্থান | চতুর্থ |
| জনসংখ্যায়-এশিয়াতে বাংলাদেশের অবস্থান | পঞ্চম |
| সার্কভুক্ত দেশের মধ্য বাংলাদেশের অবস্থান | তৃতীয় |

45. **স্যার জগদীশচন্দ্র বসুর বিশেষ অবদান যে জ্ঞান শাখায়–**
Ⓐ গণিত Ⓑ জীববিজ্ঞান Ⓒ রসায়ন Ⓓ উদ্ভিদবিদ্যা
Ans D Solve স্যার জগদীশ চন্দ্র বসু (১৮৫৮-১৯৩৭) একজন খ্যাতনামা বাঙালি পদার্থবিদ, উদ্ভিদবিদ ও জীববিজ্ঞানী যিনি প্রথম আবিষ্কার করেন 'গাছের প্রাণ আছে'। তিঁনি আরো 'ক্রেসকোগ্রাফ' নামক যন্ত্র আবিষ্কার করেন যা দিয়ে উদ্ভিদের বৃদ্ধি পরিমাপ করা হয়।

46. **ভৌগোলিক নির্দেশিত পণ্য স্বীকৃতি দেয় –**
Ⓐ ডাব্লিউআইপিও Ⓑ ইউএনইপি
Ⓒ ইউএনএইচসিআর Ⓓ ইউএনডিপি
Ans A Solve World Intellectual Property Organization (WIPO) ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হয়। সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড এবং বর্তমান সদস্য দেশ ১৯৩টি। WIPO বিভিন্ন দেশের ভৌগোলিক নির্দেশক পণ্যের স্বীকৃতি প্রদান করে থাকে।

47. **ভোক্তা অধিকার নিয়ে কাজ করে যে সংস্থা–**
Ⓐ বাপা Ⓑ বিএসটিআই Ⓒ টিসিবি Ⓓ ক্যাব
Ans D Solve ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত, Consumers Association of Bangladesh (CAB) যা একটি বেসরকারি ও অলাভজনক সংস্থা। ক্যাব দেশের ভোক্তাদের অধিকার ও স্বার্থ রক্ষা ও প্রচারের জন্য নিবেদিত। 'ভোক্তা অধিকার সংরক্ষণ' আইন প্রণয়ন করা হয় ২০০৯ সালে।

48. **ট্যাক্স হলিডে সুবিধা পান যারা-**
Ⓐ ভোক্তা Ⓑ ব্যবসায়ী
Ⓒ রপ্তানিকারক Ⓓ নারী উদ্যোক্তা
Ans D Solve Tax Holiday অর্থ সাময়িকভাবে ট্যাক্স হ্রাস করা বা বাদ দেওয়া। স্থানীয় রপ্তানি মুখী শিল্পকে সুবিধা প্রদান, অনগ্রসর এলাকায় শিল্প-কারখানা স্থাপনের জন্য উৎসাহ প্রদান এবং বিদেশি পুঁজি বিনিয়োগে উৎসাহিত করার উদ্দেশ্যে সরকার বিভিন্ন মেয়াদে শিল্প প্রতিষ্ঠান সমূহকে উক্ত বছরে কর/ট্যাক্স প্রদান থেকে ছুটি বা অব্যাহতি দিয়ে থাকে।

49. **প্রাচীন বাংলার প্রথম স্বাধীনতা সার্বভৌম শাসক ছিলেন–**
Ⓐ শশাঙ্ক Ⓑ ধর্মপাল Ⓒ হর্ষবর্ধন Ⓓ বল্লাল সেন
Ans A Solve প্রাচীন বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম শাসক ছিলেন শশাঙ্ক। শশাঙ্কের রাজধানী ছিলো কর্ণসুবর্ণে শশাঙ্ক ৫৯৪ খ্রিস্টাব্দের গোড়ার দিকে গৌড় অঞ্চলে ক্ষমতা দখল করে স্বাধীন গৌড় রাজ্য স্থাপন করেন।

50. **ম্যাগসেসে পুরস্কার ২০২১ লাভ করেছেন–**
Ⓐ ফেরদৌসী কাদরী Ⓑ জেবা ইসলাম সিরাজ
Ⓒ সায়েবা আক্তার Ⓓ হাফিজা খাতুন
Ans A Solve এশিয়ার নোবেল খ্যাত 'ম্যাগসেসে পুরস্কার ২০২১' পেয়েছেন বিজ্ঞানী ফেরদৌসী কাদরী। বিজ্ঞানী ফেরদৌসী কাদরী আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশ (আইসিডিডিআরবি) এর জ্যেষ্ঠ বিজ্ঞানী।

51. **সুশাসনের স্তম্ভ নয় যা–**
Ⓐ স্বচ্ছতা Ⓑ অংশগ্রহণ Ⓒ কেন্দ্রীকরণ Ⓓ আইনের শাসন
Ans C Solve সুশাসন (Good Governance) ধারণাটি বিশ্বব্যাংক উদ্ভাবিত। ১৯৮৯ সালে বিশ্বব্যাংক তাদের একটি সমীক্ষায় সুশাসন প্রত্যয়টি প্রথম ব্যবহার করে। ২০০০ সালের দিকে বিশ্বব্যাংক মনে করে সুশাসন ৪টি স্তম্ভের উপর প্রতিষ্ঠিত যথাক্রমে: দায়িত্বশীলতা (Responsibility), স্বচ্ছতা (Transparency), আইনের শাসন (Rule of Law) এবং অংশগ্রহণ (Participation)।

**52. আলুটিলা গুহা যে জেলায় অবস্থিত–**

Ⓐ খাগড়াছড়ি Ⓑ রাঙামাটি Ⓒ বান্দরবান Ⓓ কক্সবাজার

**A Solve** আলুটিলা গুহা বাংলাদেশের খাগড়াছড়ি জেলায় অবস্থিত একটি প্রাকৃতিক গুহা। খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলার মূল শহর হতে ৭ কিলোমিটার পশ্চিমে সমুদ্র সমতল হতে ৩০০০ ফুট উচ্চতা বিশিষ্ট আরবারী পাহাড়ে আলুটিলা গুহা অবস্থিত। স্থানীয়রা 'মাতাই হাকড় বা দেবতার গুহা' বলে।

**53. 'মুজিববর্ষ'-এর থিম সং-এর রচয়িতা–**

Ⓐ নির্মলেন্দু গণ Ⓑ কামাল চৌধুরী

Ⓒ নকিব খান Ⓓ হেলাল হাফিজ

**B Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী পালনের মাধ্যমে শুরু হয় 'মুজিব বর্ষ' উদ্‌যাপন। ১৭ মার্চ ২০২০ সোহরাওয়ার্দী উদ্যানে 'মুক্তির মহানায়ক' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উৎসবের মূল সংগীত বা থিম সং 'তুমি বাংলার ধ্রুবতারা' গানটি সমবেত কণ্ঠে পরিবেশন করা হয়, যার গীতিকার কবি কামাল চৌধুরী এবং সুরকার নকীব খান।

**54. 'আইনের দৃষ্টিতে সবাই সমান'– উক্তিটি যাঁর–**

Ⓐ স্পেন্সার Ⓑ বার্কার Ⓒ মিল Ⓓ লাস্কি

**Blank Solve** 'আইনের দৃষ্টিতে সবাই সমান' এই বিখ্যাত উক্তিটি অ্যালবার্ট ভেন ডাইসি'র। ভেন ডাইসি (১৮৩৫-১৯২২) ব্রিটিশ আইন পণ্ডিত এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ইংরেজি আইন বিভাগের সাবেক অধ্যাপক। অ্যালবার্ট ভেন ডাইসিকে 'আইনের শাসন তত্ত্ব' এর প্রবক্তা বলা হয়।

**55. বাংলাদেশ সরকারের এটর্নি জেনারেল কাজ করেন যে বিভাগের অধীনে–**

Ⓐ শাসনবিভাগ Ⓑ বিচার বিভাগ

Ⓒ আইন বিভাগ Ⓓ জনপ্রশাসন বিভাগ

**A Solve** 'অ্যাটর্নি জেনারেল' রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা এবং এটি একটি সাংবিধানিক পদ। অ্যাটর্নি জেনারেল সরকারকে সংবিধান, সাধারণ আইন, আন্তর্জাতিক চুক্তি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আইনগত পরামর্শ প্রদান করেন। সংবিধানের ৬৪নং অনুচ্ছেদে অ্যাটর্নি জেনারেল সম্পর্কিত বিধানের উল্লেখ রয়েছে।

**56. যে উৎসবে 'ফানুস' উড়ানো হয়–**

Ⓐ ওয়ানগালা Ⓑ বৌদ্ধ পূর্ণিমা

Ⓒ দুর্গাপূজা Ⓓ প্রবারণা পূর্ণিমা

**D Solve** 'প্রবারণা পূর্ণিমা' আশ্বিন মাসে অনুষ্ঠিত পূর্ণিমা তিথি। এই পূর্ণিমাতে বৌদ্ধধর্মের ত্রৈমাসিক বর্ষাবাস ব্রত, চীবর দান সমাপ্ত হয় তখন ফানুস উড়িয়ে, প্রদীপ জ্বালিয়ে দিনটি উদ্‌যাপন করা হয়। বৌদ্ধ পূর্ণিমাতে ভগবান বুদ্ধ শাক্য রাজবংশে জন্মগ্রহণ করেন এবং বৌদ্ধ পূর্ণিমাতেই কুশীনগরে মৃত্যুবরণ করেন।

**57. যেটি ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম নয়–**

Ⓐ ওরাকল Ⓑ এমএস-এক্সেল

Ⓒ এমএস-অ্যাকসেস Ⓓ এমএস-এসকিউএল সার্ভার

**B Solve** এমএস-এক্সেল বা Microsoft Excel হিসাব রক্ষার কাজে ব্যবহৃত সবচেয়ে বেশি ব্যবহৃত প্রোগ্রাম। এমএস-এক্সেল ব্যবহার করে জটিল/সরল গাণিতিক ও পরিসংখ্যান জাতীয় সমস্যার সমাধান করা যায়। এক্সেলের ফাইলকে ওয়ার্ক বুক বলা হয়। যেখানে ২৫৬টি কলাম, ৬৫৫৩৫টি রো থাকে। কলাম ও রো এর সমন্বয়ে গঠিত প্রতিটি ঘরকে সেল বলে।

**58. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি উপাচার্য ছিলেন–**

Ⓐ এ এফ রহমান Ⓑ আর সি মজুমদার

Ⓒ মাহমুদ হোসেন Ⓓ এস এম হোসেন

**A Solve** স্যার এ এফ রহমান (১৮৮৯-১৯৪৫) ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি উপাচার্য। ১৯৩৪ সালের ১ জুলাই তিনি উপাচার্য হিসেবে নিয়োগ পান। তিনি ১৯৪২ সালে ব্রিটিশ সরকার কর্তৃক নাইট হুড উপাধিতে ভূষিত হন।

**59. মুক্তিযুদ্ধে ঢাকা শহরের গেরিলা দল যে নামে পরিচিত ছিল–**

Ⓐ আকবর বাহিনী Ⓑ বাতেন বাহিনী

Ⓒ চুলু প্লাটুন Ⓓ ক্র্যাক প্লাটুন

**D Solve** ক্র্যাক প্লাটুন বাংলাদেশের মুক্তিযুদ্ধের ২নং সেক্টরের অধীন একটি স্বতন্ত্র গেরিলা দল যারা মূলত গণবাহিনীর অংশ হিসেবে পরিচিত। ক্র্যাক প্লাটুন গঠনে প্রধান ভূমিকা পালন করেন খালেদ মোশাররফ (বীর বিক্রম) এবং এটি এম হায়দার (বীর উত্তম)।

**60. মুক্তিযুদ্ধকালে মুজিবনগর যে সেক্টরের অধীনে ছিল–**

Ⓐ ১১ Ⓑ ৮ Ⓒ ২ Ⓓ ১০

**B Solve** মুক্তিযুদ্ধকালে কর্নেল এম এ জি ওসমানী সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব সেক্টরে বিভক্ত করেন। মুজিবনগর ছাড়াও কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মাগুরা, ঝিনাইদহ, গোপালগঞ্জ, নড়াইল, রাজবাড়ী, বাগেরহাট, বরিশাল (আংশিক), ফরিদপুরের অধিকাংশ এলাকা নিয়ে ৮নং সেক্টর গড়ে ওঠেছিল।

**61. টি২০ বিশ্বকাপ ২০২১ এ বাংলাদেশ প্রথম যে দলের মুখোমুখি হয়–**

Ⓐ ওমান Ⓑ পাপুয়া নিউ গিনি Ⓒ স্কটল্যান্ড Ⓓ শ্রীলংকা

**C Solve** ২০২১ সালে অনুষ্ঠিত টি-২০ বিশ্বকাপের ৭ম আসর অনুষ্ঠিত হয় সংযুক্ত আরব আমিরাত ও ওমানে। উক্ত আসরে বাংলাদেশ মোট ম্যাচ খেলে ৮টি এবং প্রথম ম্যাচ খেলে ১৭ অক্টোবর ২০২১ স্কটল্যান্ডের বিপক্ষে। উল্লেখ্য, উক্ত আসরের চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া এবং রানার্সআপ নিউজিল্যান্ড।

**62. তঞ্চঙ্গা নৃগোষ্ঠীর মানুষ বেশি বাস করে যে জেলায়–**

Ⓐ চট্টগ্রাম Ⓑ রাঙামাটি Ⓒ খেপুপাড়া Ⓓ কুয়াকাটা

**B Solve** বাংলাদেশের উপজাতি সংক্রান্ত তথ্য:

| বসবাসের স্থান | উপজাতি | বসবাসের স্থান | উপজাতি |
|---|---|---|---|
| চট্টগ্রাম | চাকমা, রাখাইন | রাঙ্গামাটি | তঞ্চঙ্গ্যা, ম্রো, লুসাই |
| কুয়াকাটা | রাখাইন | খেপুপাড়া (পটুয়াখালী) | রাখাইন |

**63. স্বাধীন বাংলাদেশের প্রথম বাজেট পেশ করেন–**

Ⓐ সৈয়দ নজরুল ইসলাম Ⓑ ক্যাপ্টেন মনসুর আলী

Ⓒ তাজউদ্দিন আহমদ Ⓓ আব্দুল মালেক উকিল

**C Solve** স্বাধীন বাংলাদেশের প্রথম বাজেট বঙ্গবন্ধু সরকারের আমলে ১৯৭২ সালের ৩০ জুন পেশ করা হয়। প্রথম বাজেটটি পেশ করেন তৎকালীন অর্থমন্ত্রী তাজউদ্দিন আহমদ। প্রথম বাজেটের পরিমাণ ছিল ৭৮৬ কোটি টাকা।

**64. আমার দেখা নয়াচীন গ্রন্থের ভূমিকা লেখেন–**

Ⓐ আনিসুজ্জামান Ⓑ শেখ হাসিনা

Ⓒ শেখ রেহানা Ⓓ শামসুজ্জামান খান

**B Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত তৃতীয় গ্রন্থ "আমার দেখা নয়াচীন"। গ্রন্থটি মূলত ভ্রমণ কাহিনি, ১৯৫২ সালের অক্টোবর মাসে বঙ্গবন্ধু চীনের পিকিংয়ে অনুষ্ঠিত এশিয়া প্রশান্ত মহাসাগরীয় আঞ্চলিক শান্তি সম্মেলনে পাকিস্তানের প্রতিনিধি হিসেবে যোগ দেন। বইটি ২ ফেব্রুয়ারি ২০২০ বাংলা একাডেমি থেকে প্রথম প্রকাশিত হয়।

**65. বাংলাদেশ সরকারের রাজস্বের প্রধান উৎস–**

Ⓐ রেমিটেন্স Ⓑ বৈদেশিক বাণিজ্য
Ⓒ কর Ⓓ তৈরি পোশাকশিল্প

**C Solve** সরকারি আয়ের প্রধান উৎস হলো কর অর্থাৎ রাজস্ব বাবদ সংগৃহীত অর্থ। মূলত প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর এই ধরনের করের সমন্বয়ে রাজস্ব গঠিত এবং এ খাত থেকে সরকারের মোট আয়ের সিংহভাগ অর্থ সংগৃহীত হয়।

**66. গ্রেটা থুনবার্গ হলেন একজন–**

Ⓐ পরিবেশকর্মী Ⓑ নারীবাদী কর্মী
Ⓒ প্রাণী-অধিকারকর্মী Ⓓ মানবাধিকারকর্মী

**A Solve** গ্রেটা থুনবার্গ ২০০৩ সালে সুইজারল্যান্ডে জন্মগ্রহণকারী একজন পরিবেশ কর্মী। ২০১৮ সালে তিনি জলবায়ুর পরিবর্তন মোকাবিলার জন্য স্কুল ধর্মঘট করেন। ২০১৯ সালে টাইমস' বর্ষসেরা ব্যক্তিত্ব নির্বাচিত হন।

**67. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি যে পুরস্কার পেয়েছেন–**

Ⓐ মাদার অব হিউমানিটি Ⓑ ইউএন-উইমেন
Ⓒ এসডিজি অগ্রগতি Ⓓ ম্যাগসেসে

**C Solve** দারিদ্র্য দূরীকরণ, পৃথিবী সুরক্ষা এবং সবার জন্য শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের সর্বজনীন আহবানে সাড়া দিয়ে বাংলাদেশকে সঠিক পথে অগ্রসরের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'এসডিজি অগ্রগতি' পুরস্কার প্রদান করেছে জাতিসংঘের 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক (এসডিএসএন)'।

**68. আওয়ামী লীগের যে পদ নিয়ে বঙ্গবন্ধু রাজনৈতিক জীবন শুরু করেন –**

Ⓐ সাধারণ সম্পাদক Ⓑ যুগ্ম-সম্পাদক
Ⓒ কোষাধ্যক্ষ Ⓓ সহ-সভাপতি

**B Solve** ২৩ জুন ১৯৪৯ সালে আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন নাম ছিল ' আওয়ামী মুসলিম লীগ'। প্রতিষ্ঠাকালে দলটির সভাপতি ছিলেন মওলানা আবদুল হামিদ খান ভাসানি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন যুগ্ম-সম্পাদক। পরবর্তীতে ১৯৬৬ সালে তিনি দলটির সভাপতি নির্বাচিত হন।

**69. ডেটাবেইজকে সাধারণত কয়ভাগে ভাগ করা হয়?**

Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫

**A Solve** ডেটাবেইস মানে তথ্য-উপাত্তের সমাবেশ। কম্পিউটারে তথ্য রক্ষণাবেক্ষণ, ব্যবহার ও পরিচালনার জন্য ডেটাবেইজ একটি তথ্য ভাণ্ডার। ডেটাবেইজ দুই প্রকার: (১) সাধারণ ডেটাবেজ (২) রিলেশনাল ডেটাবেজ।

**70. পারসোনাল এরিয়া নেটওয়ার্কের ব্যপ্তি সাধারণত হয়ে থাকে–**

Ⓐ ৫-১৫ মিটার Ⓑ ২-৮ মিটার Ⓒ ৩-১০ মিটার Ⓓ ৪-১২ মিটার

**C Solve** পারসোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) নিকটবর্তী ডিভাইস গুলো নিয়ে গঠিত নেটওয়ার্ক। থমাস জিমারম্যান PAN এর ধারণা দেন। PAN এর ব্যাপ্তি ১০ মিটারের মধ্যে সীমাবদ্ধ, তবে ক্ষেত্র বিশেষে ২০ মিটার পর্যন্ত হতে পারে। ল্যাপটপ, পিডিএ, মোবাইল ইত্যাদি ক্ষেত্রে PAN ব্যবহৃত হয়।

**71. নিচের যেটি লোকশিল্প–**

Ⓐ তাঁতের শাড়ি Ⓑ ফুলদানি Ⓒ তৈলচিত্র Ⓓ জামদানি

**A Solve** লোকশিল্প হলো সাধারণ লোকের সৃষ্টি যার পরিধি ব্যাপক ও বিস্তৃত। পটচিত্র, পুতুলচিত্র, খেলনাচিত্র, নকশা পাটি, পাখা, নকশি কাঁথা, তাঁতের শাড়ী, দেবমূর্তি, নকশা পিঠা, ভাস্কর্য ও স্থাপত্যশিল্প, মুখোশ, পালকি, বাঁশ ও বেতের শিল্প ইত্যাদি গ্রামবাংলার গুরুত্বপূর্ণ লোকশিল্প।

**72. ডেটা যোগাযোগে নিচের যেটি রিসিভারের অন্তর্গত নয়–**

Ⓐ মডেম Ⓑ রাউটার
Ⓒ সার্ভার Ⓓ মাইক্রোফোন

**D Solve** যার কাছে তথ্য প্রেরণ করা হয় বা তথ্য গ্রহণ করে তাকে গ্রাহক বা প্রাপক (Receiver) বলে। মডেম, সার্ভার, রাউটার ইত্যাদি যোগাযোগের ক্ষেত্রে রিসিভার হিসেবে কাজ করে।

**73. মিশরীয় সভ্যতার নিদর্শন যেটি–**

Ⓐ প্যাপিরাস Ⓑ গ্রেট ওয়াল Ⓒ কিউনিফর্ম Ⓓ পার্থেনন

**A Solve** খ্রিস্টপূর্ব ৫০০০ থেকে ৩২০০ অব্দ পর্যন্ত নীলনদের অববাহিকায় একটি সমৃদ্ধ জনপদ 'মিশরীয় সভ্যতা' গড়ে ওঠে। ধর্মীয় চিন্তা, শিল্প, ভাস্কর্য, লিখন পদ্ধতি, কাগজের আবিষ্কার, জ্ঞান ও বিজ্ঞানচর্চা সবকিছুতে তাদের অবদান উল্লেখযোগ্য। পিরামিড, প্যাপিরাস, হায়ারোগ্লিফিক ইত্যাদি মিশরীয়দের অবদান।

**74. ২০২১ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন–**

Ⓐ ১ জন Ⓑ ২ জন
Ⓒ ১টি প্রতিষ্ঠান Ⓓ ১ জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান

**B Solve** মত প্রকাশের স্বাধীনতা, গণতন্ত্র ও টেকসই উন্নয়ন ও শান্তির পক্ষে লড়াইয়ের স্বীকৃতি স্বরূপ ২০২১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন মারিয়া রেসা (ফিলিপাইন) দিমিত্র মুরাতভ (রাশিয়া)।

**75. সম্প্রতি অনুষ্ঠিত জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক সম্মেলন যে নামে পরিচিত–**

Ⓐ ন্যাম Ⓑ কপ ২৬ Ⓒ বিমসটেক Ⓓ আর্থসামিট

**B Solve** কপ-২৬ হচ্ছে ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশান অন ক্লাইমেট চেঞ্জ (UNFCCC) বা জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘের সদস্য দেশগুলোর ২৬তম সম্মেলন। ৩১ অক্টোবর থেকে ১২ নভেম্বর পর্যন্ত কপ-২৬ সম্মেলনটি স্কটল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত হয়।

**76. যে সংস্থা কোভিড-১৯ অতিমারী ঘোষণা করেছে–**

Ⓐ এফএও Ⓑ ডাব্লিউএইচও Ⓒ ইউনেস্কো Ⓓ এফডিএ

**B Solve** বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ১১ মার্চ ২০২০ কোভিড-১৯ কে অতিমারী (Pendamic) ঘোষণা। ৩১ ডিসেম্বর ২০১৯ চীনের হুবেই প্রদেশের উহান শহরে প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়।

**77. অনলাইন ক্লাস পরিচালনার একটি উপযুক্ত অ্যাপলিকেশন হলো–**

Ⓐ এমএস আউটলুক Ⓑ জুমলা
Ⓒ টিকটক Ⓓ গুগল মিট

**D Solve** গুগল মিট (Google Meet) হলো গুগলের ব্যবসা ফোকাসড ভিডিও কনফারেন্সিং টুল। গুগল মিটে রয়েছে গুগল চ্যাট ও গুগল হ্যাংআউটসের ভিত্তিও চ্যাট ফিচারসহ অসংখ্য এন্টার প্রাইজ লেভেলের ব্যবহারযোগ্য ফিচার। বর্তমানে গুগল মিট ভিডিও কনফারেন্সিং টুল হিসেবে জনপ্রিয়।

**78. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়–**

Ⓐ ৮ জানুয়ারি Ⓑ ১০ জানুয়ারি Ⓒ ১৭ মার্চ Ⓓ ২০ মার্চ

**B Solve** ১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে পাকিস্তান কারাগারে নিয়ে যাওয়া হয়। ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয় অর্জনের পর ৮ জানুয়ারি পাকিস্তান কারাগার থেকে মুক্ত হয়ে ১০ জানুয়ারি ১৯৭২ দেশে ফিরে আসেন। বর্তমানে ১০ জানুয়ারি 'স্বদেশ প্রত্যাবর্তন' দিবস হিসেবে পালন করা হয়।

79. জর্জ হ্যারিসনের উদ্যোগে 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠিত হয়–
Ⓐ লন্ডনে Ⓑ নিউইয়র্কে Ⓒ ওয়াশিংটনে Ⓓ প্যারিসে

**B Solve** ১৯৭১ সালের ১ আগস্ট মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশি শরনার্থীদের পক্ষে জনমত ও তহবিল সংগ্রহের জন্য নিউইয়র্ক শহরের ম্যাডিসন স্কয়ারে আয়োজন করা হয় 'Concert for Bangladesh'। এই কনসার্ট ফর বাংলাদেশের তত্ত্বাবধানে ছিলেন জর্জ হ্যারিসন এবং মূল উদ্যোক্তা ছিলেন পণ্ডিত রবিশঙ্কর।

80. বাংলাদেশের মুক্তিযুদ্ধ যে কয়টি ব্রিগেডে বিভক্ত ছিল–
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ১১

**B Solve** মুক্তযুদ্ধকালে প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী ৩ জন সেক্টর কমান্ডারের নামের আদ্যক্ষর দিয়ে মুক্তি বাহিনীর ৩টি বিশেষ ফোর্স গঠন করেন। ফোর্স তিনটি যথাক্রমে জেড ফোর্স (মেজর জিয়াউর রহমান), এস ফোর্স (মেজর কে. এম শফিউল্লাহ) ও কে ফোর্স (মেজর খালেদ মোশাররফ)।

81. ২০২১ সালের অক্টোবরে অনুষ্ঠিত সাফ ফুটবলের আয়োজক দেশ ছিল–
Ⓐ মালদ্বীপ Ⓑ নেপাল Ⓒ ভুটান Ⓓ ভারত

**A Solve** ২০২১ সালের (১-১৬) অক্টোবর পর্যন্ত মালদ্বীপে অনুষ্ঠিত হয় সাফ চ্যাম্পিয়নশিপের ১৩তম আসর। এই সাফ চ্যাম্পিয়নশিপে সার্কভুক্ত ৫টি দেশ অংশগ্রহণ করে। চ্যাম্পিয়ন হয়েছে ভারত এবং রানার্সআপ নেপাল।

82. সম্প্রতি যে দেশে প্রথম বারের মতো জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়–
Ⓐ সৌদি আরব Ⓑ উত্তর কোরিয়া Ⓒ নামিবিয়া Ⓓ কাতার

**D Solve** প্রথমবারের মতো কাতারের আইনসভার (শুরা কাউন্সিল) নির্বাচন অনুষ্ঠিত হয় ২ অক্টোবর ২০২১। কাতারের আইনসভার আসন সংখ্যা ৪৫টি এর মধ্যে ৩০টিতে নির্বাচন অনুষ্ঠিত হয়। নারীরা এই নির্বাচনে প্রথমবারের মতো অংশগ্রহণ করেন।

83. অসমাপ্ত আত্মজীবনী ভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র হলো–
Ⓐ চিরঞ্জীব মুজিব Ⓑ মুজিব মানে মুক্তি
Ⓒ মুজিব আমার পিতা Ⓓ টুঙ্গীপাড়ার মিঞাভাই

**A Solve** বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা নিবেদিত শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত চলচ্চিত্র 'চিরঞ্জীব মুজিব'। কাহিনী, চিত্রনাট্য ও পরিচালনা করেছেন নজরুল ইসলাম।

84. এশিয়ার সবচেয়ে বড় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়–
Ⓐ কানে Ⓑ সিঙ্গাপুরে Ⓒ চেন্নাইতে Ⓓ বুসানে

**D Solve** দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত 'বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব' এশিয়ার সবচেয়ে মর্যাদাপূর্ণ চলচ্চিত্র উৎসব। ২০২১ সালে উৎসবের ২৬তম আসরে বাংলাদেশের 'রেহানা মরিয়ম নূর' 'নো ম্যান্স ল্যান্ড' ও 'পাঁয়ের তলায় মাটি নেই' তিনটি চলচ্চিত্র প্রথমবারের মতো প্রদর্শিত হয়।

85. সম্প্রতি সাভার সেনানিবাসে স্থাপিত 'মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ' হলো–
Ⓐ বিজয় কেতন Ⓑ শিখা অনির্বাণ
Ⓒ শিখা চিরন্তন Ⓓ বিজয় চেতন

**D Solve** ঢাকা সাভার সেনানিবাসের কোর অব মিলিটারি পুলিশ সেন্টার অ্যান্ড স্কুল (সিএমপিসিঅ্যান্ডএস) চত্বরে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'বিজয় চেতন'। সিএমপির ১৭জন শহিদের স্মৃতির উদ্দেশ্যে নির্মিত এই স্তম্ভের উদ্বোধন করা হয় ২৮ সেপ্টেম্বর ২০২১।

86. বাংলাদেশের চলচ্চিত্র "রেহানা মরিয়ম নূর"-এর পরিচালক–
Ⓐ তানভীর মোকাম্মেল Ⓑ তৌকীর আহমেদ
Ⓒ আবদুল্লাহ মোহাম্মদ সাদ Ⓓ আবু সাইদ

**C Solve** 'রেহানা মরিয়ম নূর' ২০২১ সালের আলোচিত চলচ্চিত্র যার পরিচালক আবদুল্লাহ মোহাম্মদ সাদ। চলচ্চিত্রটির নাম ভূমিকায় অভিনয় করেছেন আজমেরী হক বাঁধন।

87. হোম ইন দ্যা ওয়ার্ল্ড: আ মেমোয়ার গ্রন্থের লেখক–
Ⓐ নিরদ সি চৌধুরী Ⓑ আনিসুজ্জামান
Ⓒ দ্বিজেন শর্মা Ⓓ অমর্ত্য সেন

**D Solve** 'হোম ইন দ্যা ওয়ার্ল্ড: আ মেমোয়ার' বইটি নোবেল পুরস্কার বিজয়ী অমর্ত্য সেনের আত্মস্মৃতিকথামূলক বই। বইটি জুলাই মাসে রেন্ডম হাউজ প্রকাশনা থেকে প্রকাশিত হয়। The Country of First Boys, On Economic Inequality, Identity and Violence তাঁর বিখ্যাত বই।

88. ভিটামিন-ডি এর প্রধান উৎস–
Ⓐ সূর্যালোক Ⓑ কডলিভার ওয়েল Ⓒ মাছ Ⓓ ডিম

**A Solve** ভিটামিন ডি হাড়, দাঁত ও মাংসপেশির স্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভিটামিন ডি এর প্রধান উৎস সূর্যের আলো এছাড়াও ডিমের কুসুম, দুধ, মাখন, যকৃৎ, সামুদ্রিক মাছ, বাঁধাকপি ইত্যাদি। ভিটামিন ডি এর অভাবে শিশুদের রিকেট্স ও বড়দের অস্টিওম্যালেশিয়া রোগ হয়।

89. পরিসংখ্যান ব্যুরোর তথ্যানুসারে বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ...... ডলার।
Ⓐ ২,৫০০ Ⓑ ২,৬০০ Ⓒ ২,৫৫৪ Ⓓ ২,৬৬৬

**C Solve** পরিসংখ্যান ব্যুরো বা বিবিএস এর সর্বশেষ হিসাব অনুযায়ী গড় মাথাপিছু আয় ২,৫৫৪ মার্কিন ডলার। অর্থনৈতিক সমীক্ষা ২০২১ অনুযায়ী মাথাপিছু আয় ২,২২৭ মার্কিন ডলার।

90. সম্প্রতি বাংলাদেশ সরকার যে ক্ষেত্রে বঙ্গবন্ধু জাতীয় — পদক প্রদানের ঘোষণা দিয়েছে–
Ⓐ কৃষি Ⓑ শিল্প Ⓒ মুক্তিযুদ্ধ Ⓓ চিত্রকলা

**A Solve** বাংলাদেশ কৃষি মন্ত্রণালয়ের অধীনে ১৯৭৩ সালে বঙ্গবন্ধু কৃষি পুরস্কার প্রবর্তন করা হয়। এর পূর্বনাম ছিলো রাষ্ট্রপতি পুরস্কার। ২০২১ সালে কৃষিক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ২৭ জন ব্যক্তি ও ৫টি প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু কৃষি পুরস্কার প্রদান করা হয়।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

91. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে 'বাসবত্রাস' বলা হয়েছে–
Ⓐ বিভীষণকে Ⓑ মেঘনাদকে Ⓒ লক্ষ্মণকে Ⓓ রামকে

**B Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদকে বিভিন্ন নামে অভিহিত করা হয়ে থাকে। যেমন : অরি বা শত্রুকে দমন করে যে = অরিন্দম। এখানে মেঘনাদকে বোঝানো হয়েছে। 'দেবতাদের রাজা ইন্দ্র বা বাসবকে জয় করেছে যে' = বাসবজয়ী (অর্থাৎ মেঘনাদ)। একই কারণে মেঘনাদের অপর নাম ইন্দ্রজিৎ। বাসবের ভয়ের কারণ যে মেঘনাদ অর্থাৎ বাসবত্রাস।

92. 'মন্বন্তর' এর ঠিক সন্ধিবিচ্ছেদ হলো–
Ⓐ মন + অন্তর Ⓑ মনু + অন্তর
Ⓒ মনো + ন্তর Ⓓ মনোঃ + অন্তর

**B Solve** উ-কার বা ঊ-কারের পর উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন :

| | |
|---|---|
| অনু + অয় = অন্বয় | সু + অল্প = স্বল্প |
| সু + অচ্ছ = স্বচ্ছ | তনু + ঈ = তন্বী |
| মনু + অন্তর = মন্বন্তর | পশু + আচার = পশ্বাচার |

93. 'পামর' শব্দের বিপরীতার্থক শব্দ হলো–
Ⓐ পাষাণ Ⓑ দয়ালু Ⓒ পুণ্যবান Ⓓ মহাত্মা

**D Solve** কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| প্রাখর্য | স্নিগ্ধতা | প্রাচ্য | প্রতীচ্য |
| প্রশস্ত | সংকীর্ণ | প্রবৃত্তি | নিবৃত্তি |
| প্রচ্ছন্ন | ব্যক্ত | প্রদোষ | প্রত্যয় |

94. ক্রিয়ার মূল অংশকে বলে–

Ⓐ কর্ম Ⓑ ধাতু Ⓒ বিভক্তি Ⓓ প্রাতিপদিক

**B Solve** কতিপয় সংজ্ঞার্থ :

| | |
|---|---|
| কর্ম | ক্রিয়ার সম্পাদন যাকে অবলম্বন করে হয়, তাকে বলা হয় কর্ম। |
| ধাতু | ক্রিয়ার মূল অংশকে বলে ধাতু। |
| বিভক্তি | শব্দকে বাক্যে ব্যবহারের পদ-এ রূপান্তরিত করার জন্য শব্দের সঙ্গে যা যোগ করতে হয়, তা-ই বিভক্তি। |
| প্রাতিপদিক | বিভক্তিহীন নাম শব্দকে 'নাম প্রকৃতি/প্রাতিপদিক' বলে। |

95. 'মাসি-পিসি' গল্পে ব্যবহৃত 'পাঁশুটে' শব্দের অর্থ–

Ⓐ ছাইবর্ণ Ⓑ রক্তিম বর্ণ Ⓒ নীলবর্ণ Ⓓ বেগুনি বর্ণ

**A Solve** 'মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাসি-পিসি' গল্পের কয়েকটি শব্দার্থ :

| | |
|---|---|
| পাঁশুটে | ছাইবর্ণবিশিষ্ট। পাংশুবর্ণ। পাণ্ডুর। ফ্যাকাশে। |
| হোগলা গাঁথা | তৃণ দিয়ে মাদুর তৈরি করা। |
| হোগলা | জলাভূমিতে জাত লম্বাকৃতির তৃণবিশেষ। |
| সড়গড় | রপ্ত। মুখস্থ। অভ্যস্ত। স্মৃতিগত। |
| ব্যঞ্জন | রান্না-করা তরকারি। |

96. 'টোপর' শব্দটির উৎসভিত্তিক পরিচয় হলো–

Ⓐ তৎসম Ⓑ তদ্ভব Ⓒ দেশি Ⓓ বিদেশি

**C Solve** কতিপয় গুরুত্বপূর্ণ দেশি শব্দ : ঝামটা, ঝামা, ঝোল, ঝ্যাটা, ঝুলি, বাতাসা, বাদাচিংড়ি, বাদাবন, পাতিল, বাবুই, সেঁওতি, জলপাই, কচি, কুড়ি, পেট, চুলা, কুলা, ডাব, টোপর, ঢেঁকি, ডাঙ্গর, ডিঙ্গা, ঢোল।

97. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কবি 'প্রাণ স্বপ্ন'কে রেখেছেন?

Ⓐ ভয়াল ঘূর্ণিতে Ⓑ বঙ্গোপসাগরে

Ⓒ গণমানবের বুকে Ⓓ নরদানবের মুখে

**B Solve** 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি কবি দিলওয়ারের 'রক্তে আমার অনাদি অস্থি' নামক কাব্যগ্রন্থের নাম কবিতা। কবিতায় কবি স্বপ্ন সম্পর্কে বলেছেন– রেখেছি আমার প্রাণ স্বপ্নকে/বঙ্গোপসাগরেই।

98. 'দেউল' শব্দের অর্থ–

Ⓐ দেবতা Ⓑ দেবালয় Ⓒ দেওয়াল Ⓓ দেহ

**B Solve** কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| দেউল | দেবালয়। মন্দির। |
| নীলাচল | জগন্নাথক্ষেত্র। নীলবর্ণযুক্ত পাহাড়। |
| শাক্যমুনি | শাকবংশে জন্ম যার। বুদ্ধদেব। |
| কন্দরে | পর্বতের গুহা। (হৃদয়ের) গভীর গোপন স্থান। |

99. এক কথায় প্রকাশ কর : যিনি অনেক দেখেছেন–

Ⓐ বহুজ্ঞাতা Ⓑ বহুদর্শী Ⓒ বহুমাত্রিক Ⓓ প্রত্যক্ষদর্শী

**B Solve** কতিপয় এক কথায় প্রকাশ : বেঁচে থাকার ইচ্ছা– জিজীবিষা; গোপন করার ইচ্ছা– জুগুপ্সা; গমন করার ইচ্ছা– জিগমিষা; গ্রহণ করার ইচ্ছা– জিঘৃক্ষা; হরণ করার ইচ্ছা– জিহীর্ষা; হনন করার ইচ্ছা– জিঘাংসা।

100. নূরলদীনের ডাকে জেগে উঠেছিল–

Ⓐ গ্রামের মানুষ Ⓑ নারীসমাজ

Ⓒ ছাত্রসমাজ Ⓓ প্রতিবাদী জনতা

**D Solve** 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় নূরলদীন এক ঐতিহাসিক চরিত্র। রংপুর-দিনাজপুর অঞ্চলে সামন্তবাদ-সাম্রাজ্যবাদবিরোধী সাহসী কৃষকনেতা নূরলদীনের সংগ্রামের কথা ইতিহাসে লিপিবদ্ধ রয়েছে।

# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ

ভর্তি পরীক্ষা: ২০১৯-২০; ইউনিট: কলা ও সামাজিক বিজ্ঞান; সেট: A

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

01. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে তুলনা করা হয়েছে–

Ⓐ কৃষ্ণচূড়া Ⓑ রক্তজবা

Ⓒ পতাকা Ⓓ নক্ষত্র

**D Solve** গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে রচিত 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটিতে কবি শামসুর রাহমান বর্ণমালাকে নক্ষত্রের সঙ্গে তুলনা করে বলেছেন–

দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।

02. 'সিরাজউদ্দৌলা' নাটকে নবাব সিরাজের হত্যাকারী ছিলেন–

Ⓐ মীর জাফর Ⓑ মোহাম্মদী বেগ

Ⓒ মিরন Ⓓ ক্লাইভ

**B Solve** সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্যে মোহাম্মদী বেগ নবাব সিরাজউদ্দৌলাকে হত্যা করে।

03. ভাষার অপপ্রয়োগের একটি দৃষ্টান্ত হলো–

Ⓐ একত্র Ⓑ স্বপরিবারে

Ⓒ বার্ষিক Ⓓ শ্রদ্ধাঞ্জলি

**B Solve** কতিপয় বাক্যশুদ্ধিকরণ :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| ছেলেটি ভয়ানক মেধাবী। | ছেলেটি অত্যন্ত মেধাবী। |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত। | আপনি সপরিবারে আমন্ত্রিত। |
| তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন। | তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন। |

04. 'Sabotage' শব্দের বাংলা পরিভাষা–

Ⓐ অপঘাত Ⓑ হাঙ্গামা

Ⓒ অন্তর্ঘাত Ⓓ শ্বাসাঘাত

**C Solve** কতিপয় গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Statue | প্রতিমূর্তি | Sovereignty | সার্বভৌমত্ব |
| Scheme | পরিকল্প | Script | উত্তরপত্র |

05. উপসর্গযোগে গঠিত শব্দের দৃষ্টান্ত হলো–

Ⓐ বড়াই Ⓑ উপর্যুপরি

Ⓒ গবাক্ষ Ⓓ প্রকল্প

**D Solve** 'প্র' উপসর্গের কয়েকটি প্রয়োগ :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| প্র | প্রকৃষ্ট/সম্যক অর্থে | প্রভাব, প্রজ্ঞা, প্রচলন, প্রস্ফুটিত। |
| | উৎকর্ষ অর্থে | প্রকৃষ্ট, প্রদর্শন, প্রবাদ, প্রমূর্ত, প্রভাত। |
| | খ্যাতি অর্থে | প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব, প্রকীর্তি, প্রখ্যাত। |
| | আধিক্য অর্থে | প্রগাঢ়, প্রসার, প্রকোপ, প্রচণ্ড, প্রমত্ত। |

06. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' উক্তিটি যার–

Ⓐ উমিচাঁদ Ⓑ রায়দুর্লভ Ⓒ মানিকচাঁদ Ⓓ হলওয়েল

A Solve সিকানদার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যে ব্রিটিশ সৈন্যদের অসহায়ত্ব ও পালিয়ে যাওয়ার দৃশ্য দেখে উমিচাঁদ আলোচ্য উক্তিটি করেন।

07. 'সিন' নদীর উল্লেখ রয়েছে যে গল্পে–

Ⓐ অপরিচিতা Ⓑ আহ্বান
Ⓒ রেইনকোট Ⓓ নেকলেস

D Solve বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর শ্রেষ্ঠ গল্পগুলোর মধ্যে 'নেকলেস' অন্যতম। ফরাসি ভাষায় গল্পটির নাম 'La Parure'। ১৮৮৪ সালের ১৭ ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা 'La Gaulois'-এ গল্পটি প্রকাশিত হয়। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।

08. বাক্যে পদসজ্জার শৃঙ্খলাকে বলে–

Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ শৃঙ্খল Ⓒ আসত্তি Ⓓ অভিপ্রায়

C Solve মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলো এমনভাবে পর পর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশে বাধাগ্রস্ত না হয়। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি।

09. বঙ্গবন্ধু 'জুলিও কুরি' পদকে ভূষিত হন যে সালে–

Ⓐ ১৯৭১ Ⓑ ১৯৭২ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৭৪

B Solve ম্যারি কুরি ও পিয়েরে কুরি এ বিজ্ঞানী দম্পতির মহান অবদান চিরস্মরণীয় করে রাখার লক্ষ্যে বিশ্ব শান্তি পরিষদ ১৯৫০ সাল থেকে ফ্যাসিবাদবিরোধী, সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে মানবতার কল্যাণে শান্তির সপক্ষে বিশেষ অবদানের জন্য বরণীয় ব্যক্তি ও সংগঠনকে 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করে আসছে।

10. 'ঐকতান' কবিতায় কবি সম্মান পাওয়ার কথা বলেছেন–

Ⓐ কবিদের Ⓑ উপেক্ষিত মানুষদের
Ⓒ মানবসমাজের Ⓓ নারীসমাজের

B Solve 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়।

11. 'লালসালু' উপন্যাসে মহব্বতনগর গ্রামে মজিদকে প্রথম দেখেছিল তাহের এবং-

Ⓐ খালেক Ⓑ আক্কাস Ⓒ আমেনা Ⓓ কাদের

D Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে মহব্বতনগর গ্রামে মজিদের আগমনকে নাটকীয় বলে উল্লেখ করেছেন।

12. 'আমার পথ' প্রবন্ধে 'পরাবলম্বন' বলতে বোঝানো হয়েছে–

Ⓐ মূর্খতা Ⓑ দরিদ্রতা
Ⓒ পরনির্ভরতা Ⓓ নিষ্ক্রিয়তা

C Solve 'আমার পথ' প্রবন্ধে নজরুলের মতে, পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করছে। অন্তরে যাদের গোলামির ভাব তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে? আত্মাকে চিনলে আত্মনির্ভরতা আসে।'

## English

13. The correctly spelt word is-

Ⓐ definition Ⓑ complition
Ⓒ desicion Ⓓ migrasion

A Explanation Definition সংজ্ঞা। completion সম্পূর্ণতা decision সিদ্ধান্ত; migration অভিপ্রয়ান বা দেশান্তর হওয়া।

14. The word 'mobilize' means-

Ⓐ discourage Ⓑ inspire
Ⓒ deceive Ⓓ donate

Ans Blank

**Note :** Mobilize একত্র করা। সঠিক উত্তর নেই।

15. The word 'fast' is a/an-

Ⓐ noun Ⓑ adjective
Ⓒ verb Ⓓ adverb

D Explanation Fast হলো adverb। যে word noun বা pronoun বাদে বাকি verb adjective, adverb এমনকি sentence কে modify করে তাকে adverb বলে।

16. The verb form of the word 'criticism' is-

Ⓐ critical Ⓑ critic
Ⓒ criticize Ⓓ critique

C Explanation Criticism (শিল্প- সাহিত্য সমালোচনা) হলো noun। এর verb হবে criticize (সমালোচনা করা)।

17. The phrase 'In lieu of' is well-matched to-

Ⓐ in place of Ⓑ at the point of
Ⓒ by the side of Ⓓ at the close of

A Explanation In lieu of পরিবর্তে in place of ব্যবহার করা যায়।

18. If we finish our work —— we can go to the movies.

Ⓐ since Ⓑ excellent Ⓒ nice Ⓓ quickly

D Explanation Quickly দ্রুত। শূন্যস্থানে adverb বসবে।

19. "All in the valley of ——/ Road the —— hundred."

Ⓐ Death, six Ⓑ Life, six
Ⓒ Death, five Ⓓ Life, five

A Explanation All in the valley of Death/ Road the six hundred, লাইনটি নেয়া হয়েছে Alfred Tennyson (1809 – 1892) রচিত "The Charge of the Light Brigade" কবিতা থেকে।

20. "Slow and steady —— the race."

Ⓐ win Ⓑ wins Ⓒ has won Ⓓ won

B Explanation And দ্বারা দুটি noun যুক্ত হয়ে যদি একই অর্থ দেয় তবে verb singular হয়।

21. He is at home —— Mathematics.

Ⓐ of Ⓑ in
Ⓒ on Ⓓ no preposition

B Explanation Subject এর নামের পূর্বে in হয়।

22. The man is blind —— his son's fault.

Ⓐ to Ⓑ of
Ⓒ with Ⓓ in

A Explanation Blind of দৃষ্টিতে অন্ধ। blind to বিচার করতে অসমর্থ বা দোষের প্রতি অন্ধ।

**23. The singular form of 'alumni' is-**
Ⓐ alumni Ⓑ alumnus Ⓒ alloy Ⓓ aluminium
B Explanation Alumni এর singular হবে alumnus (সকল কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র)

**24. The birthplace of the poet W.B. Yeats is-**
Ⓐ England Ⓑ Ireland Ⓒ Scotland Ⓓ France
B Explanation Irish কবি W.B Yaeats (1865-1939) জন্মগ্রহন করেছিলেন Ireland এর Sandymount এ।

**25. 'He was disappointed in love.' The synonym of the bold faced word is-**
Ⓐ optimistic Ⓑ proud
Ⓒ frustrated Ⓓ engaged
C Explanation Disappoint হতাশা হওয়া (frustrate)

**26. The name of the tree which in not mentioned in the poem "I Have Seen Bengal's Face."**
Ⓐ Hizal Ⓑ Tamal Ⓒ Taal Ⓓ Bat Ans C

**27. "I have a dream" is a statement of-**
Ⓐ Mahatma Gandhi Ⓑ Martin Luther King Jr.
Ⓒ William Shakespeare Ⓓ Nelson Mandela
B Explanation উক্তিটি করেছেন American civil right activist Martin Luther king Jr

**28. Choose the best English translation of "বাংলাদেশের ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল।"**
Ⓐ Bangladesh has a very bright future.
Ⓑ Bangladesh will be a prosperous country.
Ⓒ Bangladesh has a beautiful future.
Ⓓ The future of Bangladesh is great. Ans A

**29. —— is written by Emily Dickinson.**
Ⓐ To Daffodils
Ⓑ Oh Captain, My Captain
Ⓒ I Died For Beauty
Ⓓ Poem in October
C Explanation I Died for Beauty কবিতাটি লিখেছেন আমেরিকান কবি Emily Dickinson (1830-1886)।

**30. The correct sentence is-**
Ⓐ She was working hard to standing first.
Ⓑ She works hard to standing first.
Ⓒ She is working hard to stand first.
Ⓓ She is working hardly to stand first.
C Explanation Work Hard কঠোর পরিশ্রম করা। To এর পর $v_1$ হবে।

**31. Mina said to me, "I was ill." Indirect speech of the sentence is-**
Ⓐ Mina told me that she has been ill.
Ⓑ Mina said to me that she was ill.
Ⓒ Mina told me that I had been ill.
Ⓓ Mina told me that she had been ill. Ans D

**32. Change into passive voice: "Whom do you want?"**
Ⓐ By whom you are wanted?
Ⓑ Who is wanted by you?
Ⓒ Whom is wanted by you?
Ⓓ By whom are you wanted?
B Explanation Whom থাকার কারনে passive এ who আসবে।

**Read the following passage and answer questions (33-37) using information from it:**

The history of Bengal is the history of a people who have repeatedly made their highways crimson with their blood. We shed blood in 1952; even though we were the victors in the elections of 1954 we could not form a government then. In 1958 Ayub Khan declared Martial Law to enslave us for the next ten years. In 1966 when we launched the six point movement our boys were shot dead on 7 June. When after the movement of 1969 Ayub Khan fell from power and Yahya Khan assumed the reins of the government he declared that he would give us a constitution and restore democracy; we listen to him then. A lot has happened since and elections have taken place.

**33. The word 'crimson' indicates-**
Ⓐ bloody history Ⓑ glorious past
Ⓒ previous battle Ⓓ history of conflict Ans B

**34. The year not mentioned in the passage is-**
Ⓐ 1969 Ⓑ 1954
Ⓒ 1971 Ⓓ 1958 Ans C

**35. Ayub Khan wanted to make us slaves for-**
Ⓐ 4 years Ⓑ 6 years
Ⓒ 8 years Ⓓ 10 years Ans D

**36. The boys of Bengal were shot dead in the year-**
Ⓐ 1954 Ⓑ 1958 Ⓒ 1966 Ⓓ 1968 Ans C

**37. 'We listen to him then.' Here 'him' refers to-**
Ⓐ Yahya Khan Ⓑ Ayub Khan
Ⓒ Bangabandhu Ⓓ Z. Bhutto Ans B

## সাধারণ জ্ঞান

**38. তিস্তা বাঁধ অবস্থিত-**
Ⓐ পাবনায় Ⓑ খুলনায়
Ⓒ কুষ্টিয়ায় Ⓓ লালমনিরহাটে
D Solve তিস্তা বাঁধ নির্মিত হয়েছে ১৯৯৮ সালে তিস্তা নদীর বাংলাদেশ অংশে। হাতিবান্ধা উপজেলার গাডিমারী ইউনিয়নের দোয়ানী গ্রামে ১৯৭৯ সালে এই বাঁধ নির্মাণ কার্যক্রম শুরু হয়।

**39. — একটি যোগাযোগ-বাহন-**
Ⓐ স্বপ্ন Ⓑ ভাষা Ⓒ ঘুম Ⓓ নীরবতা
B Solve ভাব প্রকাশের প্রবণতা মানুষের চিরন্তন আকাঙ্ক্ষা। মানুষ তার মনের ভাব প্রকাশ করার জন্য কথা বলে। তাই ভাষাকে যোগাযোগের অন্যতম বাহন হিসেবে বিবেচনা করা হয়।

**40. 'মহাযান' প্রত্যয়টি যে ধর্মের সঙ্গে সম্পর্কিত-**
Ⓐ শিখ Ⓑ বৌদ্ধ Ⓒ জৈন Ⓓ হিন্দু
B Solve মহাযান হল বৌদ্ধধর্মের প্রধান দুটি অধুনা প্রচলিত শাখা সম্প্রদায়ের অন্যতম। মহাযান বলতে সকল চেতন সত্ত্বার কল্যাণ কামনায় পরিপূর্ণ বোধির অনুসন্ধানে বোধিসত্ত্বের পথও বোঝায়।

**41. পারস্যের বর্তমান নাম-**
Ⓐ ইরাক Ⓑ ইরান Ⓒ কুয়েত Ⓓ কাতার
B Solve **বিভিন্ন দেশের পুরাতন নাম:** জাপানের পুরাতন নাম– নিপ্পন; ইরাক– মেসোপটেমিয়া; মিয়ানমার– বার্মা; চীন– ক্যাথে; নেদারল্যান্ডস– হল্যান্ড এবং মালয়েশিয়া– মালয়।

42. অর্থশাস্ত্রের জনক হলেন-
Ⓐ অ্যাডাম স্মিথ Ⓑ ডেভিড রিকার্ডো
Ⓒ জন স্টুয়ার্ট মিল Ⓓ এরিস্টটল

A Solve বিভিন্ন শাস্ত্রের জনক : ইতিহাসের জনক- হেরোডোটাস; প্রাণিবিজ্ঞানের জনক- অ্যারিস্টটল; রসায়নের জনক- জাবির ইবনে হাইয়ান; বিজ্ঞানের জনক- থেলিস এবং দর্শন শাস্ত্রের জনক- সক্রেটিস।

43. গণতন্ত্রের সূতিকাগার ছিল-
Ⓐ স্পার্টা Ⓑ এথেন্স Ⓒ ক্রিট Ⓓ সিসিলি

B Solve বাংলা 'গণতন্ত্র' পরিভাষাটি ইংরেজি Democracy থেকে এসেছে। শব্দটির উৎপত্তি গ্রিক শব্দ Demokratia থেকে। আর Demokratia শব্দটির উৎপত্তি Demos ও Kritia থেকে। গ্রিক শব্দ Demos অর্থ জনগণ আর Kritia অর্থ শাসনক্ষমতা বা কর্তৃত্ব। যুক্তরাজ্যে আধুনিক গণতন্ত্রের যাত্রা শুরু হয় ১৫ জুন ১২১৫ ম্যাগনাকাটা চুক্তির মাধ্যমে।

44. —— আমল ছিল ভারতের স্বর্ণযুগ-
Ⓐ পাল Ⓑ সেন
Ⓒ গুপ্ত Ⓓ মৌর্য

C Solve গুপ্ত সাম্রাজ্য ছিল একটি প্রাচীন ভারতীয় সাম্রাজ্য। আনুমানিক খ্রিস্টীয় ৩২০ থেকে ৫৫০ শতাব্দীর মধ্যবর্তী সময়ে ভারতীয় উপমহাদেশের অধিকাংশ অঞ্চল জুড়ে এই সাম্রাজ্য প্রসারিত ছিল।

45. লর্ড —— বঙ্গভঙ্গের কালে ভারতের ভাইসরয় ছিলেন-
Ⓐ কার্জন Ⓑ ক্লাইভ
Ⓒ ক্যানিং Ⓓ বেন্টিংক

A Solve বঙ্গভঙ্গ বাংলার ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জনের আদেশে বঙ্গভঙ্গ সম্পন্ন হয়। ১৯১১ সালে প্রচণ্ড গণআন্দোলনের ফলশ্রুতিতে বঙ্গভঙ্গ রহিত হয়।

46. স্থানীয় সরকারের অংশ নয়-
Ⓐ পৌরসভা Ⓑ সিটি কর্পোরেশন
Ⓒ জজ কোর্ট Ⓓ উপজেলা পরিষদ

C Solve বাংলাদেশে তিনস্তর বিশিষ্ট স্থানীয় সরকার বিদ্যমান। বাংলাদেশে স্থানীয় সরকারসমূহ হলো-

* জেলা পরিষদ।
* উপজেলা পরিষদ।
* সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ।

47. হায়ারোগ্লিফিক এক প্রকার-
Ⓐ ভাষা Ⓑ সংগীত
Ⓒ কবিতা Ⓓ লিপি

D Solve হায়ারোগ্লিফিক হলো মিশরীয় লিপিবিশেষ প্রাচীন মিশরে তিন ধরনের লিপি প্রচলিত ছিল : হায়ারোগ্লিফিক, হায়রাটিক এবং ডেমোটিক। তিনটি লিপির নামই গ্রিকদের দেয়া।

48. ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের নির্বাচনের প্রতীক ছিল-
Ⓐ গাড়ি Ⓑ ঘড়ি
Ⓒ পাখা Ⓓ নৌকা

D Solve যুক্তফ্রন্ট ১৯৫৩ সালের ৪ ডিসেম্বরে গঠিত হয়। যুক্তফ্রন্টের প্রধান তিন নেতা ছিলেন মওলানা আব্দুল হামিদ খান ভাষানী, শেরে বাংলা একে ফজলুল হক এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

49. 'আদর্শ রাষ্ট্র' ধারণাটি-
Ⓐ প্লেটোর Ⓑ সেবেসের
Ⓒ সক্রেটিসের Ⓓ সোলনের

A Solve রাষ্ট্র (State) বলতে এমন এক রাজনৈতিক সংগঠনকে বোঝায় যা কোনো একটি ভৌগোলিক এলাকা ও তৎসংশ্লিষ্ট এলাকার জনগণকে নিয়ন্ত্রণ করার সার্বভৌম ক্ষমতা রাখে। রাষ্ট্র সাধারণত একগুচ্ছ প্রতিষ্ঠানের সমন্বয়ে গড়ে উঠে।

50. 'রূপকল্প ২০২১' হলো একটি-
Ⓐ বই Ⓑ স্বপ্ন Ⓒ পরিকল্পনা Ⓓ চুক্তি

C Solve রূপকল্প ২০২১ ছিলো ২০০৮ সালের জাতীয় নির্বাচনে জয়ী হওয়ার আগে বাংলাদেশ আওয়ামী লীগের একটি নির্বাচনী ইশতেহার। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করাও এর অন্যতম প্রধান উদ্দেশ্য।

51. 'স্বাস্থ্য বাতায়ন'-এর জরুরি সেবা নম্বর হলো-
Ⓐ ১৬২৬৩ Ⓑ ৩৩৩
Ⓒ ১০৬ Ⓓ ১০০

A Solve স্বাস্থ্য বাতায়ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের 'স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রণালয়ের' আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস বিভাগ কর্তৃক পরিচালিত একটি সেবা।

52. বাংলাদেশে বিভাগ আছে-
Ⓐ ৪টি Ⓑ ৬টি Ⓒ ৭টি Ⓓ ৮টি

D Solve বর্তমানে বাংলাদেশের ৮টি বিভাগ এর অন্তর্গত ৬৪টি জেলা রয়েছে। ৮টি বিভাগ হলো- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ও ময়মনসিংহ।

53. 'রেনেসাঁ' বলতে বোঝায়-
Ⓐ নবজন্ম Ⓑ পুনর্গঠন
Ⓒ টিকে থাকা Ⓓ পুনঃপ্রতিষ্ঠা

A Solve রেনেসাঁ বলতে মধ্যযুগের পরে ইউরোপের এক ঐতিহাসিক যুগকে বোঝায়। এই যুগের ব্যাপ্তিকাল ছিল আনুমানিক চতুর্দশ থেকে ষোড়শ শতাব্দী পর্যন্ত।

54. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার-
Ⓐ ২.৫% Ⓑ ১.৩৮%
Ⓒ ১.৭৪% Ⓓ ২.০৫%

B Solve অর্থনৈতিক সমীক্ষা ২০২১ অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা ১৬ কোটি ৮২ লাখ। জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৭% এবং পুরুষ ও মহিলার অনুপাত ১০০.২ : ১০০।

55. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের কাল-
Ⓐ ২০১৬-২০৩০ Ⓑ ২০১৫-২০৩০
Ⓒ ২০১৮-২০৩০ Ⓓ ২০১৭-২০৩০

A Solve টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ভবিষ্যৎ আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ লক্ষ্যমাত্রা। ২০১৫ সালের ২৫-২৭ সেপ্টেম্বর ১৯৩টি দেশের সম্মতিতে SDG গৃহীত হয়। এতে মোট ১৭টি লক্ষ্য মাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

56. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে সবচেয়ে বেশি বিনিয়োগ করেছে যে দেশ-
Ⓐ চীন Ⓑ ভারত Ⓒ রাশিয়া Ⓓ জাপান

C Solve রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হচ্ছে ২.৪ গিগাওয়ার্ট ক্ষমতাসম্পন্ন একটি পরিকল্পিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র যা বাংলাদেশের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুর নামক স্থানে নির্মিত হচ্ছে।

57. স্বাধীনতা জাদুঘর অবস্থিত-
Ⓐ আগারগাঁওয়ে Ⓑ সেগুনবাগিচায়
Ⓒ সোহরাওয়ার্দী উদ্যানে Ⓓ মতিঝিলে

C Solve স্বাধীনতা জাদুঘর বাংলাদেশের ঢাকায় ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত একটি জাদুঘর যা দেশটির স্বাধীনতা সংগ্রামের ইতিহাস চিহ্নিত করে। স্বাধীনতা জাদুঘর ২০১৫ সালের ২৫ মার্চে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়।

58. বাংলাদেশে সম্প্রতি আঘাত হানা ঘূর্ণিঝড়ের নাম-
Ⓐ সিডর Ⓑ আইলা Ⓒ সুনামি Ⓓ বুলবুল

Blank Solve বাংলাদেশে সম্প্রতি আঘাত হানা ঘূর্ণিঝড়ের নাম 'ইয়াস' (২৬ মে ২০২১)।

59. মুক্তিযুদ্ধে অবদানের জন্য ক্যাপ্টেন সিতারা বেগম যে খেতাবে ভূষিত হন-
Ⓐ বীরশ্রেষ্ঠ Ⓑ বীরউত্তম
Ⓒ বীরবিক্রম Ⓓ বীরপ্রতীক

D Solve ডা. ক্যাপ্টেন সিতারা বেগম একজন নারী মুক্তিযোদ্ধা। ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বিশেষ অবদানের জন্য তিনি বীর প্রতীক উপাধিতে ভূষিত হন। বাংলাদেশের সিরাজগঞ্জে সিতারা বেগম জন্মগ্রহণ করেন।

60. 'দাম দিয়ে কিনেছি বাংলা' গানটির রচয়িতা-
Ⓐ আবু জাফর Ⓑ আবদুল লতিফ
Ⓒ সত্য সাহা Ⓓ অজিত রায়

B Solve আব্দুল লতিফ একজন খ্যাতনামা বাংলাদেশি গীতিকার ও সুরকার। তিনি বাংলাদেশের জনপ্রিয় গান; যেমন : ওরা আমার মুখের ভাষা, আমি দাম দিয়ে কিনেছি বাংলা ইত্যাদির রচয়িতা।

61. বাংলাদেশের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে-
Ⓐ প্রধানমন্ত্রীর সচিবালয় Ⓑ পরিকল্পনা মন্ত্রণালয়
Ⓒ অর্থ মন্ত্রণালয় Ⓓ বাংলাদেশ ব্যাংক

B Solve বাংলাদেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করে পরিকল্পনা কমিশন। 'পরিকল্পনা কমিশন' ঢাকার আগারগাঁয়ে অবস্থিত। উন্নয়নে পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রবর্তক স্ট্যালিন। বর্তমানে ৮ম পঞ্চবার্ষিকী (২০২০-২০২৫) পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

62. বাংলাদেশে প্রচলিত প্রাইজবন্ডের ইউনিট-মূল্য-
Ⓐ ১০ টাকা Ⓑ ৫০ টাকা Ⓒ ১০০ টাকা Ⓓ ৫০০ টাকা

C Solve বাংলাদেশে প্রাইজবন্ড হলো বাংলাদেশের সরকার কর্তৃক সঞ্চয়ের প্রবর্তিত এক প্রকার কাগুজে মুদ্রা পদ্ধতি। ১৯৭৪ সালে বাংলাদেশে সর্বপ্রথম প্রাইজবন্ড চালু হয়। সরকারের পক্ষে যাবতীয় প্রাইজবন্ডের কাজ করে বাংলাদেশ ব্যাংক।

63. ন্যাম-এর বর্তমান সদস্য-সংখ্যা-
Ⓐ ১২০ Ⓑ ১২৫ Ⓒ ১১২ Ⓓ ১০২

A Solve NAM এর পূর্ণরূপ হচ্ছে Non-Aligned Movement. এটি একটি আন্তর্জাতিক সংগঠন। ১৯৬১ সালে পুরাতন যুগোস্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে জন্ম হয় জোট নিরপেক্ষ আন্দোলনের।

64. বাংলাদেশের পরবর্তী আদমশুমারি অনুষ্ঠিত হবে যে সালে-
Ⓐ ২০২০ Ⓑ ২০২১ Ⓒ ২০২২ Ⓓ ২০২৩

B Solve কোনো দেশের বা কোনো নির্দিষ্ট অঞ্চলের মানুষ গণনাকেই মূলত আদমশুমারি বলা হয়। বাংলাদেশে প্রতি দশ বছর অন্তর অন্তর আদমশুমারি করা হয়। ১৯৭৪ সালে বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়।

65. রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো-
Ⓐ নির্দিষ্ট ভূখণ্ড Ⓑ জনসংখ্যা
Ⓒ সরকার Ⓓ সার্বভৌমত্ব

D Solve রাষ্ট্র একটি রাজনৈতিক প্রতিষ্ঠান। রাষ্ট্রের চারটি উপাদান আছে- জনসমষ্টি, নির্দিষ্ট ভূখণ্ড, সরকার ও সার্বভৌমত্ব।

66. সাজেক উপত্যকা যে জেলায় অবস্থিত-
Ⓐ রাঙামাটি Ⓑ বান্দরবান
Ⓒ খাগড়াছড়ি Ⓓ ফেনী

A Solve সাজেক ভ্যালি বাংলাদেশের রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায় অন্তর্গত সাজেক ইউনিয়নের একটি বিখ্যাত পর্যটন আকর্ষণ।

67. 'নাসা' যে দেশের মহাকাশ গবেষণা সংস্থা-
Ⓐ জাপান Ⓑ যুক্তরাষ্ট্র
Ⓒ চীন Ⓓ রাশিয়া

B Solve NASA এর পূর্ণরূপ– National Aeronautics and Space Administration. এটি ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হয়। NASA এর সদরদপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত।

68. বাংলাদেশের জিডিপিতে যে খাতের অবদান সবচেয়ে বেশি-
Ⓐ কৃষি Ⓑ শিল্প
Ⓒ সেবা Ⓓ বাণিজ্য

C Solve বাংলাদেশের জিডিপিতে তিনটি গুরুত্বপূর্ণ খাত হলো– কৃষি, শিল্প ও সেবা। বর্তমানে সেবা খাতের অবদান সবচেয়ে বেশি। শিল্প খাতের অবদান ক্রমশ বাড়ছে কিন্তু কৃষি খাতের অবদান ক্রমশ কমছে।

69. ইউরোপীয় ইউনিয়নের মুদ্রার নাম হলো-
Ⓐ ডলার Ⓑ পেসো
Ⓒ ইউরো Ⓓ বাথ

C Solve ইউরোপীয় ইউনিয়ন ইউরোপ মহাদেশের অধিকাংশ দেশের একটি অর্থনৈতিক ও রাজনৈতিক জোট। বর্তমানে ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্র সংখ্যা ২৭।

70. ২০২৩ সালের আইসিসি বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যে দেশে-
Ⓐ ভারত Ⓑ শ্রীলঙ্কা
Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ বাংলাদেশ

A Solve ২০২৩ সালের আইসিসি বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতা ত্রয়োদশ আসর।

71. বাংলার 'ফকির আন্দোলনের' নেতা ছিলেন-
Ⓐ আহমদ শাহ Ⓑ মজনু শাহ
Ⓒ দুদু মিঞা Ⓓ তিতুমীর

B Solve ফকির আন্দোলন বাংলায় ইস্ট ইন্ডিয়া কোম্পানির আধিপত্যের বিরুদ্ধে মুসলিম ফকির (সুফি) ও হিন্দু যোগী-সন্ন্যাসীদের সম্মিলিত সশস্ত্র প্রতিরোধ আন্দোলন। ১৭৬০ সালে এ আন্দোলন শুরু হয় এবং চার দশকের অধিককাল স্থায়ী থাকে।

72. ২০১৯ সালের অস্কার বিজয়ী চলচ্চিত্র হলো-
Ⓐ গ্রিন বুক Ⓑ রোমা
Ⓒ টাইটানিক Ⓓ বেন-হুর

A Solve ২০২১ সালে অস্কার বিজয়ী চলচ্চিত্র পুরস্কার পেয়েছে নোম্যাডল্যান্ড। এছাড়াও শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন ফ্রান্সিস ম্যাকডরমেন্ড এবং শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার জিতেছেন এ্যান্টনি হফকিংস।

**73. নিচের যেটি বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান নয়-**

Ⓐ সরকারি কর্মকমিশন Ⓑ নির্বাচন কমিশন
Ⓒ দুর্নীতিদমন কমিশন Ⓓ ট্যারিফ কমিশন

**D Solve** বাংলাদেশের সংবিধানের আওতায় বেশ কয়েকটি সাংবিধানিক প্রতিষ্ঠান রয়েছে। এগুলো হলো– ১. নির্বাহী বিভাগ বা শাসন বিভাগ; ২. আইন বিভাগ; ৩. বিচার বিভাগ; ৪. নির্বাচন কমিশন; ৫. সরকারি কর্ম কমিশন; ৬. অ্যাটর্নি জেনারেলের কার্যালয় এবং ৭. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়।

**74. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি যে বিশ্ববিদ্যালয়ে অবস্থিত-**

Ⓐ ঢাকা Ⓑ খুলনা
Ⓒ চট্টগ্রাম Ⓓ রাজশাহী

**D Solve** 'সাবাস বাংলাদেশ' ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী তরুণ মুক্তিযোদ্ধাদের প্রতীকী ভাস্কর্য। এই ভাস্কর্যটির স্থপতি শিল্পী নিতুন কুন্ডু।

**75. 'ওয়ানগালা' উৎসব যে নৃগোষ্ঠী পালন করে-**

Ⓐ সাঁওতাল Ⓑ চাকমা Ⓒ গারো Ⓓ মারমা

**C Solve** বাংলাদেশে মোট ৫০ টি নৃগোষ্ঠী বসবাস করে। বাংলাদেশের সবচেয়ে বড় নৃতাত্ত্বিক গোষ্ঠী চাকমা। গারোরা বাংলাদেশের বৃহত্তর ময়মনসিংহ জেলায় বসবাস করে। গারোদের আদি ধর্মের নাম– সংসারেক।

**76. বাংলাদেশের অন্যতম 'ভৌগোলিক নির্দেশক পণ্য' যেটি-**

Ⓐ জামদানি Ⓑ বেনারসি
Ⓒ কাঁঠাল Ⓓ আম

**A Solve** বাংলাদেশে বর্তমানে ভৌগোলিক নির্দেশক পণ্য এগারোটি (সনদপ্রাপ্ত নয়টি)। সর্বশেষ ফজলী আম ও বাগদা চিংড়ি।

**77. নীল নদের তীরে গড়ে ওঠা সভ্যতা হলো-**

Ⓐ সিন্ধু Ⓑ মিশরীয়
Ⓒ মেসোপটেমীয় Ⓓ রোমান

**B Solve** মেসোপটেমীয় সভ্যতা টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে গড়ে উঠেছিল। ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি হাম্বুরাবি।

**78. আফ্রিকা মহাদেশের অন্তর্গত নয় যে দেশ-**

Ⓐ মরক্কো Ⓑ লিবিয়া
Ⓒ ইয়েমেন Ⓓ তিউনিশিয়া

**C Solve** আফ্রিকা আয়তন ও জনসংখ্যা উভয় বিচারে বিশ্বের ২য় বৃহত্তম মহাদেশ। আফ্রিকার মাঝখান দিয়ে নিরক্ষরেখা চলে গেছে। আফ্রিকাতে ৫৪ টি রাষ্ট্র আছে। ইয়েমেন মধ্যপ্রাচ্যের একটি দেশ। এটি আরব উপদ্বীপের দক্ষিণ-পশ্চিম প্রান্তে অবস্থিত।

**79. 'নেলসন ম্যান্ডেলা' নামটির সঙ্গে জড়িত দেশ হলো-**

Ⓐ দক্ষিণ আফ্রিকা Ⓑ নরওয়ে
Ⓒ সুইডেন Ⓓ ইংল্যান্ড

**A Solve** নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রথম রাষ্ট্রপতি। তিনি ১৯৯৪ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন। ম্যান্ডেলা ২৭ বছর কারাবাস করেন, অধিকাংশ সময় রুবেন দ্বীপে।

**80. বাংলাদেশের প্রাচীনতম ঐতিহাসিক স্থান হলো-**

Ⓐ পাহাড়পুর Ⓑ মহাস্থানগড়
Ⓒ সোনারগাঁও Ⓓ ময়নামতি

**B Solve** মহাস্থানগড় বগুড়া শহর থেকে ১৩ কিলোমিটার উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত। পাহাড়পুর নওগাঁ জেলায় ও ময়নামতি কুমিল্লা জেলায় অবস্থিত প্রাচীন নিদর্শন।

**81. বাংলাদেশের প্রধান বিচারপতিকে নিয়োগ দিয়ে থাকেন-**

Ⓐ স্পিকার Ⓑ মন্ত্রিসভা
Ⓒ জাতীয় সংসদ Ⓓ রাষ্ট্রপতি

**D Solve** বাংলাদেশের প্রধান বিচারপতি হলেন বাংলাদেশের বিচার ব্যবস্থার প্রধান ব্যক্তি। অন্যভাবে তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রধান ও সর্বোচ্চ বিচারপতি।

**82. যেটির স্থপতি লুই আই কান-**

Ⓐ শহিদ মিনার Ⓑ হাইকোর্ট
Ⓒ জাতীয় সংসদ Ⓓ কার্জন হল

**C Solve** জাতীয় সংসদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইনসভা। আইনসভার ৩৫০ জন সদস্যের মধ্যে ৩০০ জন প্রত্যক্ষ ভোটে নির্বাচিত ও ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত।

**83. কম্পিউটার 'বুট' নিতে পারে না যদি এতে না থাকে-**

Ⓐ কম্পাইলার Ⓑ লোডার
Ⓒ অপারেটিং সিস্টেম Ⓓ অ্যাসেম্লার

**C Solve** কম্পিউটারে বুটিং এর কাজ হলো যে কোনো প্রোগ্রাম চলার জন্য যা যা দরকার তা আগে ফিজিকাল বা ভার্চুয়াল মেমরিতে লোড করে নেওয়া। কম্পিউটার চলে অপারেটিং সিস্টেমের মাধ্যমে। অপারেটিং সিস্টেমের প্রক্রিয়াই হলো Bootstrap যাকে সংক্ষেপে Boot বা Booting বলা হয়। অপরেটিং সিস্টেম অনুযায়ী Boot Process সম্পন্ন করা হয়।

**84. 'জাংক ইমেইল', —— নামেও পরিচিত-**

Ⓐ স্প্যাম Ⓑ স্পুফ
Ⓒ স্লিফার স্ক্রিপ্ট Ⓓ স্পুল

**A Solve** জাঙ্ক মেইল হচ্ছে অযাচিত ই-মেইল অথবা যে মেইলটি কোনো কাজে আসবে না অর্থাৎ জ্যাম্প মেইল।

**85. —— এক ধরনের সফট্ওয়্যার প্রোগ্রাম যা কোনো ওয়েব পেজ দেখার জন্য ব্যবহৃত হয়-**

Ⓐ ওয়েবসাইট Ⓑ হোস্ট
Ⓒ লিংক Ⓓ ব্রাউজার

**D Solve** ব্রাউজার হলো এমন একটি সফটওয়্যার যার মাধ্যমে একজন ব্যবহারকারী যেকোনো ওয়েব পেইজ বা ওয়েবসাইটের যেকোনো লেখা, ছবি এবং অন্যান্য তথ্যের অনুসন্ধান, ডাউনলোড কিংবা দেখতে পারেন।

**86. যেটি কম্পিউটারে তথ্য সংরক্ষণের ক্ষেত্রে সর্ববৃহৎ একক-**

Ⓐ জিবি Ⓑ কেবি Ⓒ এমবি Ⓓ টিবি

**D Solve** মূলত কম্পিউটারে তথ্য সংরক্ষেণের ক্ষেত্রে সর্ববৃহৎ একক পেটাবাইট। ১ পেটাবাইট = ১০২৪ টেরাবাইট। ১ টেরাবাইট = ১০২৪ গিগাবাইট।

**87. 'মুজিববর্ষ' উদ্‌যাপন-কাল হলো — ২০২০ থেকে — ২০২১।**

Ⓐ ১৭ মার্চ ২০২০, ১৭ মার্চ ২০২১
Ⓑ ২৬ মার্চ ২০২০, ২৬ মার্চ ২০২১
Ⓒ ১৭ এপ্রিল ২০২০, ১৭ এপ্রিল ২০২১
Ⓓ ১০ জানুয়ারি ২০২০, ১০ জানুয়ারি ২০২১

**A Solve** মুজিব বর্ষ ২০২০ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মতারিখ থেকে ২০২১ সালের ২৬ মার্চ পর্যন্ত। এখানে স্বাধীনতার সূবর্ণজয়ন্তীও থাকবে। মুজিবর্ষের বর্ধিত সময়সীমা ১৭ মার্চ ২০২০ - ৩১ মার্চ ২০২২।

# ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

## বাংলা

**88. প্রত্যক্ষ উক্তির জন্য ব্যবহৃত হয়–**

Ⓐ উদ্ধৃতি চিহ্ন Ⓑ কমা
Ⓒ কোলন Ⓓ ড্যাস

**A Solve** বক্তার প্রত্যক্ষ উক্তি এই চিহ্নের অন্তর্ভুক্ত হয়। যেমন : শিক্ষক বললেন, "গতকাল তুরস্কে ভয়ানক ভূমিকম্প হয়েছে।"

**89. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ' এর সংক্ষিপ্ত রূপ হলো–**

Ⓐ সায়াহ্ন Ⓑ অপরাহ্ণ
Ⓒ রাত Ⓓ রজনী

**A Solve** কতিপয় গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : রাত্রির প্রথমভাগ- পূর্বরাত্রি, রাত্রির শেষভাগ- শেষরাত্রি, রাত্রির তিনভাগ একত্রে- ত্রিযামা, রাত্রিকালীন যুদ্ধ- সৌপ্তিক।

**90. 'আত্মিক' শব্দের অর্থ–**

Ⓐ মনোজাগতিক Ⓑ বিপর্যস্ত
Ⓒ নৈকট্য Ⓓ রক্ত-সম্পর্কীয়

**A Solve** কতিপয় শব্দের অর্থ :

| | |
|---|---|
| কিরাত– জাতিবিশেষ। | স্থূলবুদ্ধি– সূক্ষ্ম বিচারবুদ্ধিহীন। |
| ক্যায়সে– কীভাবে। | গূঢ় অর্থ– প্রচ্ছন্ন গভীর তাৎপর্য। |

**91. 'তোলা' শব্দটি 'মাসি-পিসি' গল্পে যে অর্থে ব্যবহৃত হয়েছে–**

Ⓐ কাঁথা Ⓑ দা
Ⓒ খাজনা Ⓓ চাঁদা

**C Solve** 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কলকাতার 'পূর্বাশা' পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায় (মার্চ-এপ্রিল ১৯৪৬)। পরে এটি সংকলিত হয় 'পরিস্থিতি' (অক্টোবর ১৯৪৬) নামক গল্পগ্রন্থে। বর্তমান পাঠ গ্রহণ করা হয়েছে 'ঐতিহ্য' প্রকাশিত মানিক-রচনাবলি পঞ্চম খণ্ড থেকে।

**92. 'তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' কারণ তিনি ছিলেন–**

Ⓐ কিংবদন্তি Ⓑ ক্রীতদাস
Ⓒ কৃষক Ⓓ কবি

**B Solve** 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্য 'আমি কিংবদন্তির কথা বলছি' এর নাম কবিতা। কবিতাটিতে পূর্বপুরুষের পিঠের কথা বলতে গিয়ে কবি বলেছেন– তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল/কারণ তিনি ক্রীতদাস ছিলেন।

**93. 'বন্য' শব্দের চলতি রূপ হলো–**

Ⓐ বনো Ⓑ বুনো Ⓒ বণ্য Ⓓ বুন

**B Solve** কতিপয় সাধু ভাষাকে চলতি ভাষায় রূপান্তর :

| সাধু | চলিত | সাধু | চলিত |
|---|---|---|---|
| এরূপ | এমন | অতি | খুব |
| ঈষৎ | অল্প | অতিশয় | অত্যন্ত |

**94. যে সন্ধি বিশ্লেষণটি অশুদ্ধ–**

Ⓐ দুর্লভ = দুঃ + লভ Ⓑ তিরোধান = তিরঃ + ধান
Ⓒ আশ্চর্য = আ + চর্য Ⓓ তস্কর = তস্ + কর

**D Solve** 'তৎ + কর = তস্কর' এটি একটি নিপাতনে সিদ্ধ সন্ধি। কতিপয় নিপাতনে সিদ্ধ সন্ধি :

| | | |
|---|---|---|
| বৃহৎ + পতি = বৃহস্পতি | আ + পদ = আস্পদ | গো + পদ = গোষ্পদ |
| মনস + ঈষা = মনীষা | আ + চর্য = আশ্চর্য | ষট্ + দশ = ষোড়শ |

**95. তারিখ জ্ঞাপক সংখ্যার দৃষ্টান্ত হলো–**

Ⓐ তিন Ⓑ চৌঠা
Ⓒ পঞ্চ Ⓓ ষষ্ঠ

**B Solve** বাংলা মাসের তারিখ বোঝাতে যে সংখ্যাবাচক শব্দ ব্যবহৃত হয়, তাকে তারিখবাচক শব্দ বলে। যেমন : পহেলা, দোসরা, তেসরা, চৌঠা।

**96. 'মামলা' শব্দটি যে ভাষা থেকে আগত–**

Ⓐ উর্দু Ⓑ আরবি
Ⓒ ফারসি Ⓓ পর্তুগিজ

**B Solve** কতিপয় বিদেশি শব্দ :

| | |
|---|---|
| উর্দু | ঘুমা (ঘোরা), ঘাঘরা, চিল্লানি, চুটি। |
| আরবি | হাজির, রোয়াক, আস্তাবল, হালুয়া, কসাই, মশাল, কৈফিয়ৎ। |
| ফারসি | দস্তখত, মশক, গেরো, নালিশ, বান্দা, জিন্দা, জানোয়ার। |
| পর্তুগিজ | আলমারি, বালতি, পাউরুটি, গুদাম, আতা, পাদ্রি |

**97. সৈয়দ শামসুল হক বিবিসি-র যে বিভাগের প্রযোজক ছিলেন–**

Ⓐ বাংলা Ⓑ ইংরেজি
Ⓒ হিন্দি Ⓓ আরবি

**A Solve** সৈয়দ শামসুল হক প্রথমে সাংবাদিকতাকে পেশা হিসেবে বেছে নিয়েছিলেন। তিনি বিবিসি বাংলা বিভাগের প্রযোজক ছিলেন। পরে তিনি পুরোপুরি সাহিত্য সাধনায় আত্মনিয়োগ করেন।

**98. দরিদ্র যার কারণে চোর হয়–**

Ⓐ ধনীর Ⓑ স্বজাতির
Ⓒ আত্মীয়ের Ⓓ বন্ধুর

**A Solve** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনা 'বিড়াল' প্রবন্ধে বলেন- "কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধর্ম চোরের নহে– চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর।"

**99. রোকেয়ার মতে সমাজের মেরুদণ্ড হলেন–**

Ⓐ শিক্ষিত লোক Ⓑ রাজনীতিবিদ
Ⓒ চাষা Ⓓ ধনী

**C Solve** রোকেয়া সাখাওয়াত হোসেন 'চাষার দুক্ষু' শীর্ষক রচনাটিতে চাষাকে সমাজের মেরুদণ্ড বলে অভিহিত করেছেন। 'চাষার দুক্ষু' রচনাটি বাংলা একাডেমি প্রকাশিত 'রোকেয়া রচনাবলি' থেকে চয়ন করা হয়েছে।

**100. 'লোক-লোকান্তর' কবিতায় কবির চেতনারূপ পাখি বসে আছে যে বৃক্ষের ডালে–**

Ⓐ কদম Ⓑ শাল
Ⓒ চন্দন Ⓓ তমাল

**C Solve** কবি তাঁর কাব্যবোধ ও কাব্যচেতনাকে সাদা এক সত্যিকার পাখির প্রতিমায় উপস্থাপন করেছেন। কবির এ চেতনা-পাখি বসে আছে সবুজ অরণ্যের কোনো এক চন্দনের ডালে। এ চন্দন সুগন্ধি কাঠের গাছ। আর এর ফুল ঝাল-মিষ্টি লবঙ্গ। কবির কাব্যসত্তার মধুরতার সঙ্গে চন্দনের সম্পর্ক নিহিত।

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

ভর্তি পরীক্ষা: ২০১৮-১৯; ইউনিট: কলা ও সামাজিক বিজ্ঞান

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

## বাংলা

**'বায়ান্নর দিনগুলো' রচনা থেকে নেওয়া নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (1- 4)**

জাহাজ ছেড়ে দিল, আমরা বিছানা করে শুয়ে পড়লাম। সকালে দুইজনে পরামর্শ করে ঠিক করলাম, জাহাজে অনশন করি কী করে? আমাদের জেলে নিতে হবে অনশন শুরু করার পূর্বে। সমস্ত দিন জাহাজ চলল, রাতে গোয়ালন্দ ঘাটে এলাম। সেখান থেকে ট্রেনে রাত চারটায় ফরিদপুর পৌছালাম। রাতে আমাদের জেল কর্তৃপক্ষ গ্রহণ করল না। আমরা দুইজনে জেল সিপাহিদের ব্যারাকের বারান্দায় কাটালাম। সকালবেলা সুবেদার সাহেবকে বললাম, "জেল অফিসাররা না আসলে তো আমাদের জেলে নিবে না, চলেন কিছু নাশতা করে আসি।" নাশতা খাবার ইচ্ছা আমাদের নাই। তবে যদি কারও সাথে দেখা হয়ে যায়, তাহলে ফরিদপুরের সহকর্মীরা জানতে পারবে, আমরা ফরিদপুর জেলে আছি এবং অনশন ধর্মঘট করছি।

**01. বঙ্গবন্ধু অনশন করতে চেয়েছিলেন–**

Ⓐ জেলে Ⓑ জাহাজে Ⓒ ট্রেনে Ⓓ নদীঘাটে

A Solve 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থের 'বায়ান্নর দিনগুলো' রচনায় ১৯৫২ সালে বঙ্গবন্ধুর জেলজীবন ও জেল থেকে মুক্তিলাভের স্মৃতি বিধৃত হয়েছে। তৎকালীন পাকিস্তানি শাসকগোষ্ঠীর অপশাসন ও বিনাবিচারে বছরের পর বছর রাজবন্দিদের কারাগারে আটক রাখার প্রতিবাদে ১৯৫২ সালে শেখ মুজিবুর রহমান অনশন ধর্মঘট করেন।

**02. 'ব্যারাক' শব্দের অর্থ–**

Ⓐ সৈন্যদল Ⓑ অস্ত্রাগার Ⓒ সৈনিক-আবাস Ⓓ বিশ্রামাগার

C Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| সুপারিনটেনডেন্ট – তত্ত্বাবধায়ক | রেডিওগ্রাম – বেতারবার্তা |
| প্লুরিসিস – বক্ষব্যাধি | প্রকোষ্ঠ – ঘর বা কুঠরি |

**03. ইচ্ছা না থাকা সত্ত্বেও বঙ্গবন্ধু নাস্তা খাওয়ার প্রস্তাব করেছিলেন–**

Ⓐ বাধ্য হয়ে Ⓑ সহসা আর সুযোগ মিলবে না বলে
Ⓒ রাজনৈতিক উদ্দেশ্যে Ⓓ বন্ধুর কথা ভেবে

C Solve ফরিদপুরের রাজনৈতিক সহকর্মীদের তাদের জেলে অবস্থান এবং অনশন ধর্মঘটের কথা জানানোর অভিপ্রায়ে বঙ্গবন্ধু সুবেদার সাহেবকে নাস্তা খাওয়ার জন্য প্রস্তাব করেন।

**04. মহিউদ্দিন সাহেব এবং বঙ্গবন্ধু ফরিদপুর পৌছান–**

Ⓐ সকালে Ⓑ ভোররাতে Ⓒ দিনের বেলা Ⓓ সন্ধ্যাবেলা

B Solve মহিউদ্দিন এবং বঙ্গবন্ধু জাহাজে করে রাতে গোয়ালন্দ ঘাটে পৌছান এবং সেখান থেকে ট্রেনে রাত চারটায় ফরিদপুর পৌঁছান।

**05. শুদ্ধ বানানে লেখা নয়–**

Ⓐ ক্ষণজীবি Ⓑ প্রণয়ন
Ⓒ ধারণ Ⓓ নিরীক্ষণ

A Solve কতিপয় শুদ্ধ বানান : ক্ষীণজীবী, ক্ষিপ্রতা, ক্ষুণ্ন, ক্ষুন্নিবৃত্তি, ক্ষৌণীশ, আকাঙ্ক্ষা, মনস্তত্ত্ব, মুমূর্ত, মুমূর্ষু, শাশ্বত।

**06. 'ভালোমন্দ' যে সমাসের উদাহরণ–**

Ⓐ বহুব্রীহি Ⓑ দ্বন্দ্ব Ⓒ দ্বিগু Ⓓ কর্মধারয়

B Solve যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। ভালো ও মন্দ = ভালো-মন্দ।

**07. হলওয়েল ছিলেন–**

Ⓐ কোম্পানির সেনাপতি Ⓑ ফরাসি গুপ্তচর
Ⓒ কোম্পানির ডাক্তার Ⓓ নীলকর সাহেব

C Solve লন্ডনের গাইস হাসপাতাল থেকে ডাক্তারি পাস করে হলওয়েল কোম্পানির চাকরি নিয়ে ভারতবর্ষে আসেন। পলাশী যুদ্ধের সময় তিনি ফোর্টের অস্থায়ী গভর্নর নিযুক্ত হন।

**08. যৌগিক ক্রিয়ার উদাহরণ–**

Ⓐ আমি প্রীত হলাম Ⓑ মা শিশুকে খাওয়াচ্ছেন
Ⓒ বাঁশি বাজে Ⓓ বৃষ্টি এসে গেল

D Solve একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন : এখন যেতে পার।

**09. 'সম্মান' শব্দের প্রমিত উচ্চারণ–**

Ⓐ শম্‌মান্ Ⓑ শন্‌মান্
Ⓒ শোন্‌মান Ⓓ সোন্‌মান্

A Solve কতিপয় শব্দের প্রমিত উচ্চারণ : সম্ভব (শম্‌ভব্), সম্ভ্রান্ত (শম্‌ভ্রান্‌তো), সম্মার্জন (সম্‌মারজন্), সম্রাজ্ঞী (শম্‌ম্রাগ্‌গি)।

**10. কবি কাজী নজরুল ইসলাম মারা যান–**

Ⓐ কলকাতায় Ⓑ ঢাকায়
Ⓒ কুমিল্লায় Ⓓ আসানসোলে

B Solve কাজী নজরুল ইসলাম ২৯ আগস্ট ১৯৭৬ খ্রিস্টাব্দে (১২ভাদ্র, ১৩৮৩ বঙ্গাব্দ) ঢাকায় মারা যান।

**11. কল্যাণীর বাবা পেশায় একজন–**

Ⓐ ডাক্তার Ⓑ উকিল
Ⓒ শিক্ষক Ⓓ ব্যবসায়ী

A Solve কল্যাণীর বাবা শম্ভুনাথ সেন কানপুরের একজন ডাক্তার ছিলেন। অপরদিকে, অনুপমের পিতার পেশা ছিল ওকালতি।

**12. 'Schedule' শব্দের অন্যতম অর্থ–**

Ⓐ ধারাবাহিকতা Ⓑ অনুক্রম
Ⓒ তালিকা Ⓓ তফসিল

D Solve Schedule শব্দটি 'তফসিল' অর্থে ব্যবহৃত হলেও অনেক সময় 'তালিকা' অর্থে ব্যবহৃত হয়।

## English

**13. The correct sentence is ——**

Ⓐ I knew she would not be hungry
Ⓑ I thought he may go abroad.
Ⓒ I was confident I can help you
Ⓓ I think he is being help

A Explanation প্রথমে knew past আছে তাই পরের clause টি past হবে।

**14. Find the correctly spelt word —.**

Ⓐ begining Ⓑ concious
Ⓒ basicaly Ⓓ colleague

D Explanation Colleague - সহকর্মী।

**15. The word 'observer' means —**
Ⓐ engaged Ⓑ hiker
Ⓒ involved Ⓓ viewer
D Explanation Observer - যে ব্যক্তি পর্যবেক্ষণ করে (viewer)।

**16. Valentina Tereshkova was born — the 6th March 1937.**
Ⓐ on Ⓑ in Ⓒ at Ⓓ to
A Explanation তারিখ বা দিনের নামের পূর্বে on বসে। বাক্যে তারিখকে বোঝাচ্ছে, সাল নয়।

**17. Change into indirect speech: She said, " I never eat anything for luncheon."**
Ⓐ She said that she never ate anything for luncheon
Ⓑ She told that she had never eat anything for luncheon
Ⓒ She said that she had ever eaten anything for luncheon
Ⓓ She told that she never eat anything for luncheon
C Explanation Reporting verb past হওয়ায় eat পরিবর্তিত হয়ে had eaten হবে, বাকি সব ঠিক থাকবে।

**18. The next line of 'A mind at peace with all below' is-**
Ⓐ So soft, so calm, yet eloquent,
Ⓑ Of cloudless climes and starry skies;
Ⓒ A heart whose love is innocent!
Ⓓ Meet in her aspect and her eyes.
C Explanation উক্ত লাইনের পরের লাইনটি হবে 'A heart whose love is innocent!' যা Lord Byron (1788 - 1824) এর '*She walk in Beauty*' (1814, written in iambic tetrameter) থেকে নেওয়া হয়েছে।

**19. The poem *'I Died For Beauty'* is written by —**
Ⓐ Lord Byron Ⓑ D.H Lawrence
Ⓒ Emily Dickinson Ⓓ Langston Hughes
C Explanation '*I Died For Beauty*' কবিতাটি লিখেছেন American poet Emily Elizabeth Dickinson (1830 - 1886)।

**20. The country was <u>ruined</u> by war. The synonym of the bold faced (underlined) word is —**
Ⓐ destroyed Ⓑ weakened Ⓒ sabotaged Ⓓ pervaded
A Explanation Ruined (ধ্বংস) এর সমার্থক শব্দ destroyed।

**21. The noun form of 'complete' is —**
Ⓐ completion Ⓑ compile
Ⓒ complication Ⓓ contemplation
A Explanation Complete (সম্পূর্ণ, adjective and verb) এর noun হলো completion (সম্পূর্ণতা)।

**22. Find the misspelt word.**
Ⓐ Seperate Ⓑ Parallel Ⓒ Sense Ⓓ Successful
A Explanation Separate – বিভক্ত/পৃথক।

**23. Change the statement into active voice: "The captaincy of Mashrafe is appreciated by all"**
Ⓐ Everybody appreciated the captaincy of Mashrafe.
Ⓑ All appreciate the captaincy of Mashrafe.
Ⓒ Everyone appreciates the captaincy of Mashrafe.
Ⓓ All are appreciating the captaincy of Mashrafe.
B Explanation Passive এ object all আছে তাই active এ subject হবে all এবং বাক্যটি simple past এ হবে।

**24. Find the incorrect sentence.**
Ⓐ Have you ever met a person like Sakib?
Ⓑ When was this book published?
Ⓒ Are you being helped by anyone?
Ⓓ Do you know who is she?
D Explanation Embedded question অনুযায়ী WH-word + subject + verb হবে।

**25. The idiom 'By dint of' is well matched to –**
Ⓐ take care of Ⓑ as a result of
Ⓒ by way of Ⓓ a range of
B Explanation By dint of - ফলে। As a result of - ফলে।

**26. Choose the best English translation of 'সত্য ও সুন্দর এক ও অভিন্ন।'**
Ⓐ Truth and beauty is relevant.
Ⓑ Truth and beauty are pertinent.
Ⓒ Truth-beauty is not distinguishable.
Ⓓ Truth and beauty are the same.
D Explanation The same - এক ও অভিন্ন। Truth and beauty are the same.

**27. The antonym of the word 'kind' is —**
Ⓐ simple Ⓑ cruel
Ⓒ coward Ⓓ unruly
B Explanation Kind (দয়ালু) এর বিপরীত শব্দ cruel (নিষ্ঠুর)।

**28. Use appropriate articles: The man considered it quite — honour to find his name in — book.**
Ⓐ an, the Ⓑ a, the
Ⓒ the, the Ⓓ a, a
A Explanation Honour এর উচ্চারণ vowel এর মতো হওয়ায় এর পূর্বে an হবে।

**29. There is a bridge — the river.**
Ⓐ near Ⓑ across
Ⓒ along Ⓓ on
B Explanation নদীর এপার থেকে ওপার বোঝাতে across হয়।

**30. 'My brothers, I stand before you — a heart overflowing with grief'**
Ⓐ at Ⓑ on
Ⓒ with Ⓓ by
D Explanation Stand by + sb - কারও পাশে দাঁড়ানো।

**31. 'The unmentionable odour of death offends the — — night'**
Ⓐ September Ⓑ October
Ⓒ November Ⓓ December
A Explanation লাইনটি Wystan Hugh Auden (1907-1973), an English-American poet, এর "*September1, 1939*" কবিতা থেকে নেওয়া।

**32. 'Peace Movement' is basically an — movement.**
Ⓐ anti–war Ⓑ anti-environment
Ⓒ anti-alliance Ⓓ anti-pacifism
A Explanation Peace movement মূলত যুদ্ধবিরোধী আন্দোলন।

**Read the following passage and answer questions (33-37) using information from it:**

Hakaluki Haor is an important source of fisheries resources for Bangladesh, Kalibaus, Boal, Rui, Ghagot, Pabda and Chapila are the main fish species found here. From the Kushiara there are frequent upstream movement of fish towards the beels and tributaries of Hakaluki. The beels in Hakaluki Haor provide winter shelter for the mother fisheries. In early monsoon these mother fisheries produce millions of fries for the entire downstream fishing communities. Floodplains are also an important source of fisheries resources within the area. However, many of the beels have lost their capacity to provide shelter for mother fisheries because of sand deposits from upstream rivers and canals, use of complete dewatering technique for fishing and lack of aquatic plants to provide feed and shelter for parent fish. The Haor is also a very important resting place for migratory waterfowls flying in from the north.

**33. Hakaluki Haor is not a great source of:**

Ⓐ Hilsha fish　Ⓑ Migratory birds
Ⓒ Mother fisheries　Ⓓ Carp fish　Ans Ⓐ

**34. 'Millions of fries' means a large quantity of —**

Ⓐ eggs　Ⓑ larvae
Ⓒ juvenile fish　Ⓓ fluids　Ans Ⓐ

**35. Mother fisheries have been losing their shelter because of –**

Ⓐ heavy rainfall　Ⓑ sand deposits
Ⓒ tidal wave　Ⓓ bad weather

Ans Ⓑ Explanation Mother fisheries হারিয়ে যাচ্ছে sand deposits এর জন্য।

**36. The phrase 'dewatering technique' is related to –**

Ⓐ evaporation strategy　Ⓑ intensive fishing
Ⓒ drainage system　Ⓓ birds sanctuary

Ans Ⓒ Explanation Dewatering technique' টি drainage system এর সাথে সম্পর্কীত।

**37. The urban culture —— many rural people.**

Ⓐ have influenced　Ⓑ has influenced
Ⓒ influenced　Ⓓ influence

Ans Ⓑ Explanation বাক্যে নির্দিষ্ট সময়ের উল্লেখ না থাকলে সাধারণত present perfect tense হয়। Culture একটি uncount noun। যার পর verb এর singular form হয়।

## Elective English

**Read the following passage and answer questions (38-41) using information from it:**

The demand of high value agricultural commodities includes fruits, vegetables, spices fish, and livestock products in Bangladesh is increasing rapidly. It is projected to be worth about $8 billion by 2020 (in 2005 prices). Driven by economic growth, rising incomes, and urbanization, such demand is shifting away from traditional staples toward high-value food commodities. High-value agriculture requires technical skills and knowledge not generally associated with more traditional production, making human capital development and knowledge management important elements in the transition. Systematically benchmarking and accessing to timely and reliable market information and to new technologies will go far in determining the competitiveness and profitability of agro- businesses. Applied research is needed to build an effective knowledge base that is available to investors who participate and compete in high-value agro-business. Procurement arrangements like contract farming are expanding rapidly in Bangladesh, and provide for more orderly marketing with less price volatility and better sharing of risks and rewards. Associations formed around professions, industries, and commodities are likely to play a very prominent role in developing high-value agro-business in Bangladesh. Effective producer groups often enable small-scale farmers to forge mutually beneficial partnerships with private industry. Closer collaboration between the public sector, nongovernmental organizations, and the private sector would be extremely beneficial in addressing the combinations of opportunities, risk, and challenges that the shift to high-value agriculture carries for Bangladesh

**38. 'High value agricultural commodity' is opposite to-**

Ⓐ nutritious food　Ⓑ traditional staple food
Ⓒ diet food　Ⓓ energetic value added food

Ans Ⓑ Explanation High value agricultural commodity হলো traditional staple food বা বিপরীতধর্মী খাদ্য।

**39. An example of procurement arrangement is a/an**

Ⓐ technical skill　Ⓑ human capital
Ⓒ contract farming　Ⓓ indigenous knowledge

Ans Ⓒ Explanation Passage অনুযায়ী এটাই হবে।

**40. The word 'Benchmark' stands for-**

Ⓐ point of reference
Ⓑ minimum requirement
Ⓒ rule of deviation
Ⓓ ready reckoner

Ans Ⓐ Explanation Benchmark বলতে point of reference কে বোঝায়।

**41. A suitable title of this paragraph would be-**

Ⓐ Prospect of value added agriculture
Ⓑ Developing high value agro-business
Ⓒ Agriculture of Bangladesh
Ⓓ Modern agriculture　Ans Ⓓ

**42. I would have bought a new car for her but it —— too expensive.**

Ⓐ were　Ⓑ are　Ⓒ was　Ⓓ can

Ans Ⓒ Explanation এটা অনেক দামি ছিল (was) হবে।

**43. When my teacher explains sums in class, I do practice them —— home.**

Ⓐ in Ⓑ at Ⓒ to Ⓓ for

B Explanation বাসায় বসে কাজ করা বোঝাতে home এর পূর্বে at হবে।

**44. People demand elected assemblies, —— devoted and sincere members.**

Ⓐ doing Ⓑ having

Ⓒ may Ⓓ be

B Explanation Perfect participle হবে।

**45. A drowing man catches — a straw.**

Ⓐ in Ⓑ of Ⓒ at Ⓓ with

C Explanation এটা একটা প্রবাদ বাক্য। যতক্ষণ শ্বাস, ততক্ষণ আঁশ।

**46. I count — your help.**

Ⓐ up Ⓑ on Ⓒ at Ⓓ of

B Explanation Count on - নির্ভর করা।

**47. Do not interfere — nature.**

Ⓐ in Ⓑ within

Ⓒ with Ⓓ upon

A Explanation Interfere in + sth - অধিকার চর্চা করা। Interfere with + sb - অধিকার চর্চা করা।

**48. Find the possessive pronoun in the sentence:**
"Unless they do all of their homework, they won't be allowed to play"

Ⓐ they Ⓑ won't Ⓒ their Ⓓ unless

C Explanation Their, our, her, his, my ইত্যাদিকে possessive pronoun বলে।

**49. Select the pair in the following options which is set in opposition:**

Ⓐ Doggish–Canine

Ⓑ Manly–Virile

Ⓒ Divine – Infernal

Ⓓ Earthly – Terrestrial

C Explanation Divine (স্বর্গীয়) ও Infernal (নারকীয়) হলো বিপরীত।

**50. The antonym of the word 'Transparent' is —**

Ⓐ opaque Ⓑ grey

Ⓒ clear Ⓓ pellucid

A Explanation Transparent (স্বচ্ছ) এর বিপরীত শব্দ opaque (অস্বচ্ছ)।

**51. Change the statement into passive voice: 'Can you help me to get rid of it?'**

Ⓐ Can I helped by you to get rid of it?

Ⓑ Can I be helped by you to get rid of it?

Ⓒ Could I helped by you to get rid of it?

Ⓓ Can I help by you to get rid of it?

B Explanation Can, may, might, could, would থাকলে passive করার সময় এরপর be + $v_3$ হয়।

**52. 'I like travelling to visit different place of the world.' in this sentence, the verbal noun is-**

Ⓐ travelling Ⓑ visit

Ⓒ world Ⓓ places Ans A

**53. Change the statement into indirect speech: You said, "It gives me a great pleasure to be with you"**

Ⓐ You said that gave him a great pleasure to be with him

Ⓑ You said that it gave you a great pleasure to be with me

Ⓒ You said it gives me a great pleasure to be with you

Ⓓ You said that it has given you a great pleasure to be with me Ans B

**54. The word 'graminivorous' is not related to-**

Ⓐ pet animals Ⓑ tame animals

Ⓒ beasts of prey Ⓓ beasts of jungle

D Explanation Graminivorous - যেসব (পোষা যায় এমন) প্রাণী তৃণ খেয়ে বাঁচে। এর সাথে জঙ্গল সম্পর্কিত নয়।

**55. The 'odd one' is:**

Ⓐ lucid Ⓑ indisputable

Ⓒ explicit Ⓓ nubilous

D Explanation Nubilous - অস্পষ্ট, ঝাপসা। বাকি সবগুলোর অর্থ স্পষ্ট বা স্বচ্ছ, পরিষ্কার।

**56. Anaphora is a technique where several phrases in a text begin with the —**

Ⓐ same sound(s) Ⓑ same word(s)

Ⓒ same meaning(s) Ⓓ same syllable(s)

B Explanation Anaphora – the repetition of the same word or phrase at the beginning of successive clauses or verses.

**57. 'A little thin on top' is an example of –**

Ⓐ Euphemism Ⓑ Assonance

Ⓒ Irony Ⓓ Synecdoche Ans A

**58. Which is not an appropriate use of Oxymoron?**

Ⓐ Small crowd Ⓑ Peace force

Ⓒ Cemetery Ⓓ Embarrass

A Explanation বাক্যে দুটি পরস্পর বিপরীত শব্দের সহাবস্থানকে oxymoron বলে।

**59. The misspelt word is:**

Ⓐ Weird Ⓑ Accomodate

Ⓒ Act naturally Ⓓ All together

B Explanation Accommodate - আবাস।

**60. Join these two sentences with appropriate word: i) You will not be allowed into the club. ii) You wear a suit and tie.**

Ⓐ if Ⓑ unless Ⓒ whether Ⓓ apart

B Explanation Unless এর পরের clause টি positive হয় কিন্তু অর্থ negative হয়। তুমি ক্লাবে ঢোকার অনুমতি পাবে না যদি না তুমি স্যুট টাই পরো।

**61. Choose modal for the bracketed space of the sentence: 'You ( ) fly to Pabna because there is no airport in Pabna.'**

Ⓐ may Ⓑ can Ⓒ may not Ⓓ cannot

D Explanation কোনো কিছু পারবে না এরকম অর্থে cannot ব্যবহৃত হয়।

**62. The word 'macrosmastic'refers to –**

Ⓐ having a good sense of smell

Ⓑ food lover

Ⓒ having crispy hair

Ⓓ a sickly of weak person Ans A

## সাধারণ জ্ঞান

63. 'অপারেশন সার্চ-লাইট' যে সালে সংঘটিত হয়-
Ⓐ ১৯৬৯ Ⓑ ১৯৭১ Ⓒ ১৯৭৫ Ⓓ ১৯৭০

B Solve ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে শুরু হওয়া পাকিস্তানি সেনাবাহিনীর পরিকল্পিত গণহত্যার মূল পরিকল্পনা করেন (১৮ মার্চ ১৯৭১) মেজর জেনারেল খাদিম হুসাইন রাজা এবং মেজর জেনারেল রাও ফরমান আলি।

64. যে দেশের দ্বিতীয় রাষ্ট্রভাষা বাংলা-
Ⓐ ঘানা Ⓑ ভারত
Ⓒ রুয়ান্ডা Ⓓ সিয়েরা লিওন

D Solve সিয়েরা লিওন পশ্চিম আফ্রিকার একটি দেশ। জাতিসংঘ শান্তি মিশনের অংশ হিসেবে সিয়েরা লিওনে বাংলাদেশ সেনাবাহিনী মোতায়েন করা আছে। ২০০২ সালে সিয়েরা লিওন সরকার বাংলা ভাষাকে সম্মানসূচক অফিসিয়াল ভাষা হিসেবে ঘোষণা করে।

65. আব্বাসীয় বংশের প্রতিষ্ঠাতা ছিলেন -
Ⓐ আবু জাফর আল-মনসুর Ⓑ আবুল আব্বাস আস-সাফফাহ
Ⓒ হারুন অর রশীদ Ⓓ আল-মাহদী

A Solve আব্বাসীয় খিলাফত ইসলামী খিলাফতগুলোর মধ্যে তৃতীয় খিলাফত। বাগদাদ এই খিলাফতের রাজধানী ছিল। উমাইয়া খিলাফতকে ক্ষমতাচ্যুত করার পর আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা ছিলেন আবু জাফর আল-মনসুর।

66. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি হলেন -
Ⓐ জয়নুল আবেদিন Ⓑ হামিদুর রহমান
Ⓒ এস.এম. সুলতান Ⓓ সৈয়দ মঈনুল হোসেন

D Solve জাতীয় স্মৃতিসৌধ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের শহিদদের স্মৃতির উদ্দেশ্যে নিবেদিত একটি স্মারক স্থাপনা। সাভারে অবস্থিত সাতটি ত্রিভুজাকৃতির স্তম্ভ বিশিষ্ট এই সৌধের নকশা প্রণয়ন করেছেন স্থপতি সৈয়দ মাইনুল হোসেন।

67. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সহায়তাকারী দেশ হলো -
Ⓐ জাপান Ⓑ সুইডেন Ⓒ রাশিয়া Ⓓ চীন

C Solve রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ২ হাজার ৪ শত মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি পরিকল্পিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, যা বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হিসেবে ২০২৩ সালে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করবে। এই কেন্দ্র স্থাপনে সাহায্যকারী দেশ হল রাশিয়া।

68. বর্তমানে বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস হলো -
Ⓐ আয়কর Ⓑ আবগারি শুল্ক
Ⓒ মূল্য সংযোজন কর Ⓓ ভূমিকর

C Solve মূল্য সংযোজন কর (মূসক) হচ্ছে কোনো পণ্য বা সেবার ক্ষেত্রে তার উৎপাদন ও বণ্টনের প্রতিটি পর্যায় শেষে সংযোজিত মূল্যের ওপর শতকরা হারের কর। এটি বাংলাদেশে ১৯৯১ সালে চালু করা হয় এবং বর্তমানে বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস হিসেবে বিবেচিত হয়।

69. দি রিপাবলিক গ্রন্থের লেখক হলেন-
Ⓐ প্লেটো Ⓑ সক্রেটিস Ⓒ এরিস্টটল Ⓓ ম্যাকিয়াভেলি

A Solve প্লেটো বিশ্বখ্যাত গ্রিক দার্শনিক। তিনি দার্শনিক সক্রেটিসের ছাত্র ছিলেন এবং দার্শনিক এরিস্টটল তাঁর ছাত্র ছিলেন। 'রিপাবলিক' গ্রিক দার্শনিক প্লেটো রচিত এক অমর গ্রন্থ। এই গ্রন্থে আদর্শ রাষ্ট্রের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করা হয়েছে।

70. 'নিঝুম দ্বীপ' যে জেলার অংশ -
Ⓐ নোয়াখালী Ⓑ চট্টগ্রাম Ⓒ ভোলা Ⓓ বরিশাল

A Solve নিঝুম দ্বীপ মেঘনা নদীর মোহনায় অবস্থিত। নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অর্ন্তগত। এটি মূলত একটি 'চর'। পূর্ব নাম- বাউলার চর বা বালুয়ার চর। আয়তন প্রায় ৯১ বর্গ কি.মি।

71. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয় -
Ⓐ ১ জুন ১৯২১ Ⓑ ১ মে ১৯২১
Ⓒ ১ জুলাই ১৯২১ Ⓓ ১ মার্চ ১৯২১

C Solve ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশের একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়। প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত এই বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে তদানীন্তন ব্রিটিশ ভারতে অক্সব্রিজ শিক্ষা ব্যবস্থা অনুসরণে স্থাপিত হয়। শিক্ষা কার্যক্রম শুরু হয় ১ জুলাই ১৯২১।

72. 'রিখটার স্কেল' যা পরিমাপে ব্যবহার করা হয়
Ⓐ টর্নেডো Ⓑ সুনামি Ⓒ বন্যা Ⓓ ভূমিকম্প

D Solve রিখটার স্কেল ভূমিকম্পের তীব্রতা পরিমাপক এক ধরনের মানদণ্ড। মার্কিন পদার্থবিদ চার্লস ফ্রান্সিস রিখটার এই স্কেল আবিষ্কার করেন। এটি একটি ১০-ভিত্তিক লগারিদমীয় পরিমাপক স্কেল। এখানে মাত্রা সিসমোমিটারের সাহায্যে পরিমাপ করা হয়।

73. বাংলাদেশ জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা?
Ⓐ ৩০০ Ⓑ ৩৩০
Ⓒ ৩২০ Ⓓ ৩৫০

D Solve জাতীয় সংসদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইনসভা। এককক্ষ বিশিষ্ট এ আইনসভার সদস্য সংখ্যা ৩৫০; যার মধ্যে ৩০০ জন সংসদ সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে থাকেন এবং অবশিষ্ট ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত।

74. ফিফা বিশ্বকাপ- ২০২২ অনুষ্ঠিত হবে -
Ⓐ কাতারে Ⓑ জর্ডানে
Ⓒ কুয়েতে Ⓓ ইরানে

A Solve ২০২২ ফিফা বিশ্বকাপ হচ্ছে ফিফা বিশ্বকাপের ২২তম আসর। এটি অনুষ্ঠিত হবে কাতারে। এ বিশ্বকাপে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে।

75. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য সর্বোচ্চ খেতাব হলো -
Ⓐ বীরশ্রেষ্ঠ Ⓑ বীরপ্রতীক
Ⓒ বীরউত্তম Ⓓ বীরবিক্রম

A Solve বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসীম সাহসিকতা প্রদর্শন এবং আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের চার পর্যায়ের খেতাব প্রদানের বিধান করা হয়: (ক) সর্বোচ্চ পদ,(বীরশ্রেষ্ঠ) (খ) উচ্চ পদ, (বীর উত্তম) (গ) প্রশংসনীয় পদ,(বীর বিক্রম) (ঘ) বীরত্বসূচক প্রশংসাপত্র (বীর প্রতীক)।

76. বাংলাদেশের জরুরি সেবা নম্বর হলো -
Ⓐ ৭৭৭ Ⓑ ১১১
Ⓒ ৯৯৯ Ⓓ ১০০

C Solve ৯৯৯ জরুরি সেবা বাংলাদেশ পুলিশের অধীনে পরিচালিত একটি টোল ফ্রি জরুরি কল সেন্টার। এখান থেকে জরুরি পুলিশ, জরুরি ফায়ার সার্ভিস ও জরুরি এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়। সার্বক্ষণিক কার্যকর এই সেবা ২০১৭ সালের ১২ ডিসেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ পুলিশ কর্তৃক চালু হয়।

77. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম
Ⓐ অ্যান্তোনিও গুতেরেস Ⓑ সুরেন্দ্র আগারওয়াল
Ⓒ লোপেজ ওবারর্দোর Ⓓ বান কি-মুন

**A Solve** জাতিসংঘ ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত। মহাসচিব জাতিসংঘ সচিবালয়ের প্রধান হিসেবে এবং জাতিসংঘের প্রধান মুখপাত্ররূপে দায়িত্ব পালন করেন। জাতিসংঘের বর্তমান মহাসচিব হিসেবে পর্তুগালের নাগরিক অ্যান্টোনিও গুতেরেস ১ জানুয়ারি ২০১৭ দায়িত্ব গ্রহণ করেন।

78. বাংলাদেশের প্রথম স্যাটেলাইট হলো -
Ⓐ বঙ্গবন্ধু-১ Ⓑ বাংলাদেশ-১
Ⓒ আকাশবীণা-১ Ⓓ আকাশ-১

**A Solve** বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ উপগ্রহ। এটি ১১ মে ২০১৮ যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। বিশ্বে বাংলাদেশ নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী ৫৭তম দেশ।

79. ATM- এর পূর্ণরূপ হলো-
Ⓐ Automatic Teller Macnine
Ⓑ Automated Teller Machine
Ⓒ Automated Talking Machine
Ⓓ Automatic Taking Machine

**B Solve** Automated Teller Machine বা ATM অটোমেটেড ব্যাংকিং মেশিন নামে পরিচিত একটি ইলেকট্রনিক টেলিযোগাযোগ ডিভাইস। এই যন্ত্রের ধারণা দেন স্কটল্যান্ডের অধিবাসী জন শেফার্ড ব্যারন।

80. সম্প্রতি যে সংস্থাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে।
Ⓐ ইউনেস্কো Ⓑ ইউনিসেফ
Ⓒ ইউএনডিপি Ⓓ ইউএনসিটিএডি

**A Solve** ১৯৭১ সালের ৭ মার্চে দেওয়া বাংলাদেশের প্রতিষ্ঠাতা শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণটিকে ইউনেস্কো বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে। ইউনেস্কো মহাপরিচালক ইরিনা বোকোভা ৭৮তম দলিল হিসেবে ৩০ অক্টোবর ২০১৭ এই স্বীকৃতি ঘোষণা করেন।

81. লালন শাহ ছিলেন একজন -
Ⓐ গীতিকবি Ⓑ লোককবি Ⓒ মরমি কবি Ⓓ স্বভাব কবি

**C Solve** লালন ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী একজন বাঙালি। যিনি ফকির লালন, লালন সাঁই, লালন শাহ, মহাত্মা লালন, মরমি কবি বাউল সম্রাট ইত্যাদি নামেও পরিচিত। গান্ধীরও ২৫ বছর আগে, ভারত উপমহাদেশে সর্বপ্রথম, তাঁকে 'মহাত্মা' উপাধি দেয়া হয়েছিল।

82. বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত -
Ⓐ ১০:৭ Ⓑ ১০:১
Ⓒ ১০:৬ Ⓓ ১০:৯

**C Solve** ভবনের জন্যে পতাকা ব্যবহারের স্বীকৃত মাপগুলো হল- ১০ বাই ৬ ফুট , ৫ বাই ৩ ফুট এবং ২.৫ বাই ১.৫ ফুট । মোটরগাড়িতে ব্যবহারের জন্য পতাকার বিভিন্ন মাপ হলো ১৫ বাই ৯ ইঞ্চি বা ১০ বাই ৬ ইঞ্চি। আন্তর্জাতিক ও দ্বিপাক্ষিক অনুষ্ঠানে ব্যবহারের জন্য টেবিল পতাকার মাপ হলো ১০ বাই ৬ ইঞ্চি।

83. কম্পিউটারের স্থায়ী মেমোরি হলো -
Ⓐ রম Ⓑ র‍্যাম Ⓒ সিপিইউ Ⓓ জিআইইউ

**A Solve** রম হল এক ধরনের সংরক্ষণ মাধ্যম যা কম্পিউটার এবং অন্যান্য ইলেক্ট্রনিক যন্ত্রে ব্যবহার করা হয়। রমে যে তথ্য থাকে তা পরিবর্তন করা যায় না তাই একে স্থায়ী মেমোরি বলা হয়।

84. বৌদ্ধসভ্যতার নিদর্শন বিদ্যমান রয়েছে-
Ⓐ ওয়ারী বটেশ্বর Ⓑ পাহাড়পুর
Ⓒ সিলেট Ⓓ বাগেরহাট

**B Solve** পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। পালবংশের দ্বিতীয় এবং সর্বশ্রেষ্ঠ রাজা শ্রী ধর্মপালের তৈরি এ বিহার ১৮৭৯ খ্রিস্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহাম আবিষ্কার করেন। এর অবস্থান নওগাঁ, বাংলাদেশ।

85. এশিয়া এবং ইউরোপ উভয় মহাদেশের অন্তর্ভুক্ত দেশ হলো-
Ⓐ সিরিয়া Ⓑ রাশিয়া
Ⓒ আফগানিস্তান Ⓓ তুরস্ক

**D Solve** এশিয়া ও ইউরোপে উভয় মহাদেশে অবস্থিত শহরের নাম ইস্তাম্বুল।

86. অর্থশাস্ত্রের জনক হলেন -
Ⓐ ডেভিড রিকার্ডো Ⓑ এরিস্টটল
Ⓒ কৌটিল্য Ⓓ এডাম স্মিথ

**D Solve** অ্যাডাম স্মিথ ক্লাসিক্যাল অর্থশাস্ত্রের জনক হিসেবে পরিচিত। তিনি ১৭৭৬ সালে An Inquiry into the Nature and Causes of the Wealth of Nations নামক গ্রন্থ লিখে অর্থনীতির মূল বিষয়গুলো সম্পর্কে ধারণা দেন।

87. হিউয়েন সাঙ ছিলেন একজন -
Ⓐ চিত্রকর Ⓑ চিকিৎসক
Ⓒ বিজ্ঞানী Ⓓ পরিব্রাজক

**D Solve** হিউয়েন সাঙ ছিলেন বিখ্যাত চীনা বৌদ্ধ ভিক্ষু, পণ্ডিত, পর্যটক এবং অনুবাদক। ৬২৯ খ্রিস্টাব্দে চীন থেকে মধ্য-এশিয়ার কুচ হয়ে উত্তর ভারতে পৌঁছান। ভারতে তিনি মহান ভারতীয় সম্রাট হর্ষবর্ধনের আতিথ্য লাভ করেন।

88. বাংলাদেশে ৩ নভেম্বর যে দিবস হিসেবে পালিত হয়-
Ⓐ জেলহত্যা দিবস Ⓑ মানবাধিকার দিবস
Ⓒ শহিদ বুদ্ধিজীবী দিবস Ⓓ গণহত্যা দিবস

**A Solve** ১৫ আগস্টের অভ্যুত্থানকারীরা ৩ নভেম্বর ১৯৭৫ ব্রিগেডিয়ার খালেদ মোশাররফের পাল্টা অভ্যুত্থানের সম্মুখীন হন। বঙ্গবন্ধুর হত্যাকারীরা দেশ থেকে নির্বাসিত হওয়ার পূর্বে ঐ দিন রাতে ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দী চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী এবং এ এইচ এম কামারুজ্জামানকে হত্যা করে।

89. বৈশ্বিক উষ্ণায়নের জন্য মূলত দায়ী যে গ্যাস-
Ⓐ মিথেন Ⓑ নাইট্রোজেন
Ⓒ কার্বন ডাই অক্সাইড Ⓓ হিলিয়াম

**C Solve** বৈশ্বিক উষ্ণায়ন বা Global Warming হলো জলবায়ু পরিবর্তনের একটি বিশেষ ঘটনা। এর জন্যে দায়ী গ্যাসগুলো হলো-কার্বন ডাইঅক্সাইড এবং কার্বন মনোক্সাইড, সালফার ডাইঅক্সাইড এবং সালফারের অন্যান্য অক্সাইডসমূহ, নাইট্রিক অক্সাইড, ক্লোরোফ্লোরো কার্বন ইত্যাদি।

**90. সদস্যরাষ্ট্র হিসেবে বাংলাদেশ জাতিসংঘে যোগদান করে -**

Ⓐ ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর Ⓑ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর
Ⓒ ১৯৭৩ সালের ০৩ সেপ্টেম্বর Ⓓ ১৯৭৫ সালের ১০ জানুয়ারি

B Solve বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ১৩৬তম সদস্য হিসেবে জাতিসংঘে যোগদান করে। যোগদানের এক সপ্তাহ পর ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বাংলায় ভাষণ প্রদান করেন।

**91. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন।**

Ⓐ স্পিকার Ⓑ প্রধানমন্ত্রী Ⓒ চিফ হুইপ Ⓓ রাষ্ট্রপতি

D Solve সংবিধানের ৭২ অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহবান করেন। মাননীয় স্পিকার হলেন সংসদের সভাপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী হলেন সংসদের নেতা।

**92. —— মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র -**

Ⓐ মাটির ময়না Ⓑ জয়যাত্রা
Ⓒ স্টপ জেনোসাইড Ⓓ ওরা এগারো জন

C Solve মাটির ময়না মুক্তিযুদ্ধ সম্পর্কিত একটি ফিচার চলচ্চিত্র। জয়যাত্রা ২০০৪ সালে মুক্তিপ্রাপ্ত একটি বাংলাদেশি চলচ্চিত্র। ওরা ১১ জন ১৯৭১ এ মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত, স্বাধীনতাত্তোর প্রথম চলচ্চিত্র। স্টপ জেনোসাইড জহির রায়হান কর্তৃক বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর নির্মিত ২০ মিনিটের একটি প্রামাণ্য চিত্র।

**93. মাতৃতান্ত্রিক নৃগোষ্ঠীর উদাহরণ হলো-**

Ⓐ গারো Ⓑ চাকমা Ⓒ হাজং Ⓓ মারমা

A Solve খাসিয়ারা মঙ্গোলীয় জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত। বাংলাদেশের সিলেট জেলা ও ভারতের আসামে খাসিয়া জনগোষ্ঠী বাস করে। তারা মাতৃপ্রধান পরিবারে বসবাস করে। খাসিয়াদের উৎপাদিত পান বাংলাদেশে খুব জনপ্রিয়।

**94. ছয় দফা দাবি উত্থাপিত হয়**

Ⓐ ঢাকায় Ⓑ দিল্লিতে
Ⓒ লাহোরে Ⓓ কলকাতায়

C Solve ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে '৬ দফা দাবি' পেশ করেন। আনুষ্ঠানিকভাবে ছয় দফা উত্থাপন করা হয় লাহোর প্রস্তাবের সাথে মিল রেখে ২৩ মার্চ। ছয় দফা দিবস ৭ জুন।

**95. বখতিয়ার খিলজি বাংলা জয় করেন -**

Ⓐ ১২০২ খ্রিস্টাব্দে Ⓑ ১২০৪ খ্রিস্টাব্দে
Ⓒ ১২০৬ খ্রিস্টাব্দে Ⓓ ১২০৮ খ্রিস্টাব্দে

B Solve ইখতিয়ার উদ্দিন মুহাম্মাদ বিন বখতিয়ার খিলজি ছিলেন একজন তুর্কি সেনাপতি। তিনি ১২০৪ সালের দিকে তৎকালীন বঙ্গের শাসক সেন রাজবংশের শেষ রাজা লক্ষ্মণ সেনকে পরাজিত করে বাংলা জয় করেন।

**96. 'বিজিবি' যে দেশের সীমান্তরক্ষী বাহিনী-**

Ⓐ বাংলাদেশ Ⓑ ভারত
Ⓒ চীন Ⓓ মিয়ানমার

A Solve ভারতের সীমান্ত প্রহরী বাহিনী বর্ডার সিকিউরিটি ফোর্স বা বিএসএফ। মিয়ানমারের সীমান্ত প্রহরী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি), চীনের সীমান্ত প্রহরী সংস্থা পিপল'স আর্মড পুলিশ।

**97. স্টিফেন হকিং একজন -**

Ⓐ পদার্থবিদ Ⓑ জ্যোতির্বিদ Ⓒ চিকিৎসক Ⓓ রসায়নবিদ

A Solve স্টিফেন উইলিয়াম হকিং, বিশিষ্ট ইংরেজ তাত্ত্বিক পদার্থবিজ্ঞানী ও গণিতজ্ঞ। মহাবিশ্ব সৃষ্টির রহস্য 'বিগ ব্যাং থিউরি'র প্রবক্তা স্টিফেন হকিং। 'অ্যা ব্রিফ হিস্ট্রি অব টাইম', 'থিউরি অব এভরিথিং' দুটি বই তিনি লিখেছেন। দুরারোগ্য মটর নিউরন ব্যাধিতে আক্রান্ত হয়ে ১৪ মার্চ ২০১৮ তিনি মারা যান।

**98. বর্তমানে সার্কের সদস্য-রাষ্ট্রের সংখ্যা -**

Ⓐ ৭টি Ⓑ ৬টি Ⓒ ৮টি Ⓓ ৯টি

C Solve দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা বা সার্কের সদস্য দেশগুলো হলো বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, নেপাল, মালদ্বীপ, ভুটান এবং আফগানিস্তান। সার্ক ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়েছিল। নেপালের কাঠমান্ডুতে সার্কের সদর দপ্তর অবস্থিত । এর বর্তমান মহাসচিব আমজাদ হোসেন সিয়াল।

**99. ২০১৮ সালের সাফ অনূর্ধ্ব- ১৮ নারী চ্যাম্পিয়নশিপের বিজয়ী দল -**

Ⓐ বাংলাদেশ Ⓑ ভুটান Ⓒ নেপাল Ⓓ পাকিস্তান

A Solve সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপের ফাইনালে নেপালকে ১-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল বাংলাদেশ দল। বাংলাদেশের পক্ষে গোল করেন ডিফেন্ডার মাছুরা পারভীন। ২০২১ সালের সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপের চ্যাম্পিয়ন বাংলাদেশ।

**100. ২০১৮-তে শান্তিতে অন্যতম নোবেল বিজয়ী হয়েছেন-**

Ⓐ মালালা ইউসুফজাই Ⓑ নাদিয়া মুরাদ
Ⓒ কৈলাশ সত্যার্থি Ⓓ তাওয়াককুল কারমান

B Solve ২০২১ সালে শান্তিতে নোবেল পান মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ।

**101. একটি রাষ্ট্রে জরুরি অবস্থা ঘোষণা করেন -**

Ⓐ রাষ্ট্রপতি Ⓑ প্রধানমন্ত্রী Ⓒ স্পিকার Ⓓ সেনাপ্রধান

A Solve জরুরি অবস্থা ঘোষণা করেন রাষ্ট্রপতি। বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক অনুযায়ী রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনকভাবে জরুরি অবস্থা জারির প্রয়োজন মনে হয় তাহলে তিনি অনধিক একশত কুড়ি দিনের জন্য জরুরি-অবস্থা ঘোষণা করতে পারেন।

**102. ঐতিহাসিক রোজ গার্ডেন স্থাপনা যে রাজনৈতিক দলের গঠনের সঙ্গে যুক্ত-**

Ⓐ আওয়ামী লীগ Ⓑ মুসলিম লীগ
Ⓒ ন্যাশনাল আওয়ামী পার্টি Ⓓ কমিউনিস্ট পার্টি

A Solve রোজ গার্ডেন প্যালেস বা রোজ গার্ডেন ঢাকা শহরের টিকাটুলি এলাকায় অবস্থিত বাংলাদেশের ঐতিহাসিক পুরাকীর্তি। এ ভবনেই বাংলাদেশ আওয়ামী লীগের গোড়াপত্তন হয়েছিল। ১৯৪৯ সালের ২৩ জুন এই বাড়িতেই পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ (বর্তমান আওয়ামী লীগ) গঠিত হয়।

**103. ভারতের শেষ মোগল সম্রাট ছিলেন -**

Ⓐ বাহাদুর শাহ জাফর Ⓑ হুমায়ূন
Ⓒ শাহজাহান Ⓓ আকবর

A Solve সম্রাট বাহাদুর শাহ্ জাফর বা ২য় বাহাদুর শাহ্ মুঘল সাম্রাজ্যের শেষ সম্রাট। সিপাহি বিপ্লবের শেষে ১৮৫৮ খ্রিস্টাব্দে ব্রিটিশ শাসকেরা তাঁকে বিদ্রোহে সহায়তার দায়ে ক্ষমতাচ্যুত করে ও রেঙ্গুনে নির্বাসনে পাঠায়। সেখানেই তাঁর মৃত্যু হয়।

104. 'বিষণ্ণতা' একটি —— সমস্যা -

Ⓐ শারীরিক Ⓑ মানসিক Ⓒ সামাজিক Ⓓ অর্থনৈতিক

B Solve ডিপ্রেশন বা বিষন্নতা খুবই কমন কিন্তু মারাত্মক ধরণের মানসিক ব্যাধি যা মানুষের অনুভূতি চিন্তা চেতনা ও কাজকর্মের উপর নৈতিকবাচক প্রভাব ফেলে।

105. ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারিতে বাংলা সালের তারিখ ছিল -

Ⓐ ৮ ফাগুন ১৩৫২ Ⓑ ৮ ফাগুন ১৩৫৯

Ⓒ ৯ ফাগুন ১৩৫২ Ⓓ ৯ ফাগুন ১৩৫৯

Blank Solve ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি (৮ ফাল্গুন ১৩৫৮) বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের ওপর পুলিশের গুলিবর্ষণে কয়েকজন তরুণ শহিদ হন। ২০০৮ খ্রিস্টাব্দে জাতিসংঘ একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। এর আগে ১৭ নভেম্বর ১৯৯৯, ইউনেস্কো একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে।

106. 'তিতলি' হচ্ছে একটি

Ⓐ দ্বীপ Ⓑ পাহাড়

Ⓒ ঘূর্ণিঝড় Ⓓ নদীবন্দর

C Solve 'তিতলি' ২০১৮ খ্রিস্টাব্দে উত্তর ভারত মহাসাগরে জন্ম নেয়া ঘূর্ণিঝড়। তিতলি শব্দের অর্থ 'প্রজাপতি'। দক্ষিণ পূর্ব এশিয়ার ঘূর্ণিঝড় সমূহের নাম দিয়ে থাকে এই অঞ্চলের বিভিন্ন দেশ। ক্রান্তীয় সাইক্লোন তিতলির নাম দিয়েছে পাকিস্তান।

107. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ছিলেন -

Ⓐ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Ⓑ তাজউদ্দীন আহমেদ

Ⓒ এম.এ. জি ওসমানী Ⓓ মো. মনসুর আলী

A Solve ১০ এপ্রিল ১৯৭১ গঠিত বাংলাদেশের প্রথম সরকারের রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এবং প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ। অর্থমন্ত্রী ক্যাপ্টেন এম. মনসুর আলী এবং সেনাবাহিনীর প্রথম কমান্ডার-ইন-চিফ জেনারেল মোহাম্মদ আতাউল গনি ওসমানী।

108. ইনপুট ডিভাইস যা নয় -

Ⓐ প্রিন্টার Ⓑ কী-বোর্ড Ⓒ স্ক্যানার Ⓓ মাউস

A Solve ইনপুট ডিভাইস গুলো হলো- কী-বোর্ড, স্ক্যানার, মাউস, ওয়েব ক্যাম, বার কোড রিডার, ক্যামেরা ইত্যাদি। প্রিন্টার হলো আউটপুট ডিভাইস।

109. ওয়েব ব্রাউজারের দৃষ্টান্ত হলো -

Ⓐ স্কাইপ Ⓑ ভাইবার Ⓒ ক্রোম Ⓓ ফেসবুক

C Solve ওয়েব ব্রাউজার সফটওয়্যারের মাধ্যমে একজন ইন্টারনেট ব্যবহারকারী যেকোন ওয়েবপেইজ বা ওয়ার্ল্ড-ওয়াইড-ওয়েবের যেকোনো তথ্য দেখতে ও অনুসন্ধান করতে পারে। ইন্টারনেট এক্সপে-রার, ফায়ারফক্স, গুগল ক্রম, সাফারি ইত্যাদি হলো ওয়েব ব্রাউজার। স্কাইপ, ভাইবার ও ফেসবুক হলো সামাজিক যোগাযোগ মাধ্যম।

110. বাংলাদেশের যে সংগঠন ২০১৫ সালের "টেগোর অ্যাওয়ার্ড ফর কালচারাল হারমোনি'র জন্য নির্বাচিত হয়েছে -

Ⓐ ছায়ানট Ⓑ বাংলা একাডেমি

Ⓒ বাংলাদেশ শিশু একাডেমি Ⓓ বাংলাদেশ শিল্পকলা একাডেমি

A Solve ভারত সরকারের দেওয়া সম্মানজনক 'দ্য টেগোর অ্যাওয়ার্ড ফর কালচারাল হারমনি ২০১৫' পেয়েছে বাংলাদেশের ছায়ানট। সম্প্রীতি রক্ষায় ছায়ানটের অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার পায়।

111. পৃথিবীর সবচেয়ে বড় বদ্বীপ হলো -

Ⓐ মালদ্বীপ Ⓑ মিয়ানমার

Ⓒ মিশর Ⓓ বাংলাদেশ

D Solve বদ্বীপ একটি প্রাকৃতিক ভূমি, যা নদীর মোহনায় দীর্ঘদিনের জমাট পলি অথবা নদীবাহিত মাটির সৃষ্ট দ্বীপ। বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ। ৩ টি নদী গঙ্গা (পদ্মা) ব্রহ্মপুত্র (যমুনা) ও মেঘনার সহযোগে এটি গঠিত।

112. ফরায়েজি আন্দোলনের নেতা ছিলেন-

Ⓐ তিতুমীর Ⓑ হাজী শরিয়তুল্লাহ

Ⓒ হাজি দানেশ Ⓓ দুদু মিয়া

B Solve ফরায়েজি আন্দোলন ধর্মীয় সংস্কারের উদ্দেশ্যে সূচিত হলেও পরবর্তীতে এটি কৃষকদের আন্দোলনে রূপ লাভ করে। হাজী শরীয়তুল্লাহ ফরিদপুর ও তার আশেপাশের অঞ্চলে সংগঠিত এই আন্দোলনের নেতৃত্ব দেন।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

113. 'লাঙ্গুল' শব্দের অর্থ–

Ⓐ লাঙ্গল Ⓑ বিড়াল Ⓒ লেজ Ⓓ আঙুল

C Solve কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| চারপায় – টুল বা চৌকি | সতরঞ্চখেলা – দাবা খেলা |
| যষ্টি – লাঠি | ভার্যা – স্ত্রী বা বউ |

114. 'মাকাল ফল' বাগ্‌ধারাটি দিয়ে বোঝায়–

Ⓐ উচ্ছিষ্ট বস্তু Ⓑ নির্দিষ্ট ঋতুভিত্তিক ফল

Ⓒ বিশেষ অর্থে গুণহীন Ⓓ কদাকার বস্তু

C Solve মাকাল ফল দেখতে সুন্দর অথচ ভেতরে দুর্গন্ধ ও শাঁসযুক্ত খাওয়ার অনুপযোগী।

115. 'আমার তো তেনার নাম করতে নেই বাবা।' যে রচনা থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে–

Ⓐ মাসি-পিসি Ⓑ আহ্বান

Ⓒ অপরিচিতা Ⓓ তাহারেই পড়ে মনে

B Solve 'আহ্বান' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উদার মানবিক সম্পর্কের গল্প। স্বামীর নাম মুখে না আনা- গ্রামীণ এ কুসংস্কারের জন্যই বুড়ি উক্তিটি করে।

116. 'বাসবত্রাস' হিসেবে যিনি অভিহিত–

Ⓐ লক্ষ্মণ Ⓑ রাবণ

Ⓒ বিভীষণ Ⓓ মেঘনাদ

D Solve মেঘনাদকে বাসববিজয়ী, ইন্দ্রজিৎ, রাবণি, অরিন্দম নামে অভিহিত করা হয়।

117. 'হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের' পর' এ রূপসী নারী হলো–

Ⓐ শঙ্খমালা Ⓑ কাঁকনমালা

Ⓒ কাঞ্চনমালা Ⓓ বনলতা

A Solve জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কবি শঙ্খমালা নামক এক নারীর উল্লেখ করেছেন, যাকে এ বাংলা ছাড়া পৃথিবীর আর কোথাও খুঁজে পাওয়া যাবে না।

**118. 'সদানন্দ' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো–**

Ⓐ সদ + আনন্দ Ⓑ সদা + নন্দ
Ⓒ সৎ + আনন্দ Ⓓ সদা + আনন্দ

**C Solve** ক্, চ্, ট্, ত্, প্ এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ, জ্, ড্ (ড়), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন : দিক্ + অন্ত = দিগন্ত, তৎ + অবধি = তদবধি।

**119. 'গণনার যোগ্য নয় যা' এক কথায় বলা যায়–**

Ⓐ অগণ্য Ⓑ নগণ্য
Ⓒ অগণিত Ⓓ অসংখ্য

**B Solve** কতিপয় এক কথায় প্রকাশ : যা ক্রয় করার যোগ্য = ক্রেয়, যা মুছে ফেলা যায় না = দুর্মোচ্য, যা বলার যোগ্য নয় = অকথ্য, যা ধারণ বা পোষণ করে = ধর্ম, যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব।

**120. 'গ্রেকো-রোমান মিউজিয়ম' অবস্থিত–**

Ⓐ রোমে Ⓑ মিশরে Ⓒ ইতালিতে Ⓓ গ্রিসে

**B Solve** ১৮৯২ খ্রিস্টাব্দে মিশরের আলেকজান্দ্রিয়ায় গ্রেকো রোমান মিউজিয়ম প্রতিষ্ঠিত হয়। এতে খ্রিস্টপূর্ব তৃতীয় শতকের পুরানিদর্শনসহ প্রাচীন গ্রিক-রোমান সভ্যতার অনেক নিদর্শন সংরক্ষিত আছে।

**121. বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা–**

Ⓐ ৫টি Ⓑ ৭টি
Ⓒ ৯টি Ⓓ ১১টি

**D Solve** বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা ১১টি। তবে অ, আ, ই, উ, এ, অ্যা, ও মোট ৭টি মৌলিক স্বরধ্বনি রয়েছে।

**122. যে ছন্দকে অবলম্বন করে মধুসূদন অমিত্রাক্ষর ছন্দ প্রবর্তন করেন–**

Ⓐ পয়ার Ⓑ ত্রিপদী
Ⓒ স্বরবৃত্ত Ⓓ মাত্রাবৃত্ত

**A Solve** পয়ার ছন্দ ছিল মধুসূদন পূর্ব হাজার বছরের বাংলা কবিতার ছন্দ। একটি চরণের শেষে আর একটি চরণের মিল ছিল পয়ারের অনড় প্রথা। মধুসূদন এ প্রথাকে ভেঙ্গে অক্ষরবৃত্ত ছন্দের নবরূপায়ণ করে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন।

**123. 'সুতীর্থ' উপন্যাসটির রচয়িতা–**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ জীবনানন্দ দাশ
Ⓒ সৈয়দ শামসুল হক Ⓓ আহসান হাবীব

**B Solve** জীবনানন্দ দাশের 'মাল্যবান' (১৯৭৩) এবং 'সুতীর্থ' (১৯৭৪) উপন্যাস ছাড়াও সম্প্রতি 'কল্যাণী' (প্রকাশ : দেশ ১৯৯৯) নামে একটি উপন্যাস খুঁজে পাওয়া যায়।

**124. একাধিক ভাষার শব্দ বা শব্দাংশ নিয়ে যে শব্দটি গঠিত হয়েছে–**

Ⓐ হাফপ্লেট Ⓑ সচিব
Ⓒ মাস্টারি Ⓓ সমাপ্তি

**C Solve** ইংরেজি ভাষার মাস্টার শব্দের সঙ্গে বাংলা ভাষার তদ্ধিত প্রত্যয় 'ই' বৃত্তি বা ব্যবসায় অর্থে যুক্ত হয়ে মাস্টারি শব্দটি গঠিত।

**125. অভিশ্রুতির উদাহরণ হলো–**

Ⓐ হাউট্যা Ⓑ মেছো
Ⓒ মাছুয়া Ⓓ আইসা

**B Solve** বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে, তাকে বলে অভিশ্রুতি। যেমন : মাছুয়া > মেছো, হাটুয়া > হাউটা > হেটো।

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

ভর্তি পরীক্ষা: ২০১৭-১৮; ইউনিট: কলা ও সামাজিক বিজ্ঞান

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

**01. শামসুর রাহমানের প্রথম কবিতা প্রকাশিত হয়–**

Ⓐ মর্নিং এজ পত্রিকায় Ⓑ নতুন কবিতা পত্রিকায়
Ⓒ সোনার বাংলা পত্রিকায় Ⓓ দৈনিক পাকিস্তান পত্রিকায়

**C Solve** নাগরিক কবি শামসুর রাহমানের (১৯২৯-২০০৬) প্রথম কবিতা প্রকাশিত হয় ১৯৪৯ খ্রি. 'সাপ্তাহিক সোনার বাংলা' পত্রিকায়।

**02. 'ও যখন হাঁটে তখন মজিদ চেয়ে দেখে।' এখানে 'ও' হলো–**

Ⓐ জমিলা Ⓑ হাসুনির মা
Ⓒ রহিমা Ⓓ আমেনা বিবি **Ans C**

**03. 'তাহারেই পড়ে মনে' কবিতায় উল্লেখ রয়েছে–**

Ⓐ পৌষ ও মাঘ মাসের Ⓑ কার্তিক ও পৌষ মাসের
Ⓒ মাঘ ও ফাগুন মাসের Ⓓ ফাগুন ও চৈত্র মাসের

**C Solve** অক্ষরবৃত্ত ছন্দে রচিত, গঠনরীতির দিক দিয়ে নাটকীয় ও সংলাপনির্ভর 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি সুফিয়া কামালের ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে। তাই বসন্ত এলেও উদাসীন কবির অন্তর জুড়ে রিক্ত শীতের করুণ বিদায়ের বেদনা।

**04. ট্রয় নগরীর উল্লেখ রয়েছে যে কবিতায়–**

Ⓐ সেই অস্ত্র Ⓑ সাম্যবাদী
Ⓒ আঠারো বছর বয়স Ⓓ আলো চাই **Ans A**

**05. 'Agora' শব্দের বাংলা পরিভাষা–**

Ⓐ সুপার শপ Ⓑ মুদি দোকান
Ⓒ বড় দোকান Ⓓ মুক্ত স্থান

**D Solve** কতিপয় পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Ceiling | সর্বোচ্চ | Emblem | প্রতীক |
| Farce | প্রহসন | Genesis | উৎপত্তি |
| Bench | এজলাস | Delta | ব-দ্বীপ |

**06. 'করকমল' যে সমাসের উদাহরণ–**

Ⓐ উপমান কর্মধারয় Ⓑ উপমিত কর্মধারয়
Ⓒ রূপক কর্মধারয় Ⓓ মধ্যপদলোপী কর্মধারয়

**B Solve** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সঙ্গে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন : কর কমলের ন্যায় = করকমল, চরণপদ্ম = চরণ পদ্মের ন্যায়।

07. 'আমার পথ' প্রবন্ধে নজরুল স্বাধীনতা অর্জনের লক্ষ্যে বিশেষ গুরুত্ব দিয়েছেন–
Ⓐ সচেতনতার ওপর Ⓑ আত্মনির্ভরতার ওপর
Ⓒ অসহযোগের ওপর Ⓓ গণঅভ্যুত্থানের ওপর Ans Ⓑ

08. 'A storm in a tea cup.' এর সর্বোত্তম অনুবাদ–
Ⓐ ব্যাপক ঝড়ঝঞ্ঝা Ⓑ তুচ্ছ বিষয়ে বাক-বিতণ্ডা
Ⓒ অনন্যস্বাদের চা Ⓓ জনস্থানের কোলাহল

Ⓑ Solve কতিপয় বঙ্গানুবাদ : Beat about the bush = অন্ধকারে ঢিল মারা, Every shoe fits not every foot = অনভ্যাসের ফোঁটা কপাল চড়চড় করে, Cast pearls before swine = উলু বনে মুক্তা ছড়ানো।

09. অনশন চলাকালীন বঙ্গবন্ধু লিখিত চিঠির সংখ্যা–
Ⓐ দুটি Ⓑ তিনটি
Ⓒ চারটি Ⓓ পাঁচটি Ans Ⓒ

10. 'ঐকতান' কবিতাটি ___ ছন্দে রচিত–
Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত
Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ গদ্যছন্দ

Ⓒ Solve সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যাক কবিতা। ১৩৪৭ বঙ্গাব্দের ফাগুন সংখ্যা প্রবাসী প্রক্রিয়ায় কবিতাটি 'ঐকতান' নামে প্রথম প্রকাশিত হয়। কবিতাটি অশীতিপর স্থিতপ্রজ্ঞ কবির আত্মসমালোচনা, কবি হিসেবে নিজের অপূর্ণতার স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি।

11. 'রেইনকোট' গল্পের পটভূমি যে শহরের–
Ⓐ রংপুর Ⓑ সিলেট
Ⓒ রাজশাহী Ⓓ ঢাকা Ans Ⓓ

12. 'এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়' ... কে?
Ⓐ রহিমা Ⓑ আমেনা
Ⓒ মজিদ Ⓓ খালেক Ans Ⓒ

13. বাক্যের অর্থশৃঙ্খলা রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে যে পরিভাষায় অভিহিত করা হয়–
Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ যোগ্যতা
Ⓒ আসত্তি Ⓓ সঙ্গতি

Ⓒ Solve একটি সার্থক বাক্যের গুণ তিনটি। যথা :
১. আকাঙ্ক্ষা ২. আসত্তি ৩. যোগ্যতা।

14. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি যে গ্রন্থ থেকে নেওয়া হয়েছে–
Ⓐ বন্দি শিবির থেকে Ⓑ নিজ বাসভূমে
Ⓒ নিরালোকে দিব্যরথ Ⓓ নিয়ত মন্তাজ

Ⓑ Solve গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে রচিত নাগরিক কবি শামসুর রাহমানের 'ফেব্রুয়ারি ১৯৬৯' দেশপ্রেম, গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা।

15. 'সিরাজউদ্দৌলা' নাটকে যে পাখির ডাক অশুভ বলে বিবেচিত–
Ⓐ কাক Ⓑ কোকিল
Ⓒ ফিঙ্গে Ⓓ পেঁচা

Ⓓ Solve সিকান্দার আবু জাফর রচিত ৪টি অঙ্ক ও ১২টি দৃশ্য বিশিষ্ট 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের দ্বিতীয় দৃশ্যের প্রথমে শেয়াল এবং শেষে প্যাঁচার প্রসঙ্গ রয়েছে।

# English

**Read the following passage and answer questions (16-19) using information from it:**

The educational institution, therefore which I have in mind, has primarily for its object the constant pursuit of truth, from which the imparting of truth naturally follows. It must not be a dead cage in which living minds are fed with food artificially prepared. It should be an open house, in which students and teachers are at one. They must live their complete life together, dominated by a common aspiration for truth and a need of sharing all the delights of culture. In former days the great master-craftsmen had students in their workshops where they co-operated in shaping things to perfection. That was the place where knowledge could become living – that knowledge which not only has its substance and law, but its atmosphere subtly informed by a creative personality. For intellectual knowledge also has its aspect of creative art, in which the man who explores truth expresses something which is human in him – his enthusiasm, his courage, his sacrifice, his honesty, and his skill. In merely academical teaching we find subjects, but not the man who pursues the subjects; therefore the vital part of education remains incomplete.

16. **An ideal institution has been compared with –**
Ⓐ dead cage Ⓑ workshop
Ⓒ open house Ⓓ training centre Ans Ⓒ

17. **Choose the most suitable title for the above passage:**
Ⓐ Intellectual knowledge
Ⓑ Creative Art
Ⓒ Academic Teaching
Ⓓ Object of an Educational Institution Ans Ⓓ

18. **An aspect of intellectual knowledge is related to —**
Ⓐ Creative personality Ⓑ Creative art
Ⓒ Common aspiration Ⓓ Need of sharing Ans Ⓑ

19. **What did students do in their workshops?**
Ⓐ Studied hard
Ⓑ Prepared artificial food
Ⓒ Informed subtly
Ⓓ Cooperated in shaping things Ans Ⓓ

20. **Translate into Bangla: The wearer knows best where the shoe pinches.**
Ⓐ জুতা পর, ব্যথা বোঝ। Ⓑ জুতার ব্যথা পা-ই জানে।
Ⓒ যার জ্বালা তার ব্যথা। Ⓓ যার জ্বালা সেই জানে। Ans Ⓓ

21. **The jury (be) divided in their decision.**
Ⓐ was Ⓑ were Ⓒ is Ⓓ was being

Ⓑ Explanation Collective noun (committee, July, family etc) যদি বিভক্তি বোঝায় তাহলে পরবর্তী verb-টি plural হবে।

22. **In the poem 'What is life', the response to the statement 'Life is a duty' is–**
Ⓐ meet it Ⓑ face it
Ⓒ accepted it Ⓓ perform it Ans Ⓓ

**23. The verb form of the word 'friend' is –**
Ⓐ enfriend Ⓑ befriend
Ⓒ to make friend Ⓓ friending
B Explanation friend (বন্ধু) → Befriend - বন্ধুত্ব করা।

**24. Why are you leaning — the wall?**
Ⓐ on Ⓑ by Ⓒ with Ⓓ against
D Explanation Lean against → হেলান দেওয়া।

**25. The sentence, 'I wandered lonely as a cloud.' contains –**
Ⓐ Symbol Ⓑ Simile
Ⓑ Paradox Ⓓ Personification Ans B

**26. Make it simple: 'He left after I had come.' –**
Ⓐ He left after my arrival.
Ⓑ He left me after my arrival.
Ⓒ He left after my come.
Ⓓ He left after coming. Ans A

**27. Would you mind (to take) simply a cup of coffee? The correct form of verb would be –**
Ⓐ for taking Ⓑ to take Ⓒ taken Ⓓ taking
D Explanation Mind, worth etc word -এর পর verb + ing বসে।

**28. The correctly spelt word is —**
Ⓐ Comitee Ⓑ Comitee
Ⓒ Committee Ⓓ Comitie Ans C

**29. The phrasal verb which can replace the bold-faced part of the sentence: 'We should <u>reduce</u> our expenses.' is –**
Ⓐ Cut of Ⓑ Cut from
Ⓒ Cut in Ⓓ Cut down Ans D

**30. The example of a collective noun is –**
Ⓐ infantry Ⓑ infant
Ⓒ infancy Ⓓ infact Ans A

**31. The passive form of 'I know him.' is –**
Ⓐ He is known by me.
Ⓑ He is known to me.
Ⓒ He is known with me.
Ⓓ He is known for me. Ans B

**32. The word, 'Indigenous' means –**
Ⓐ origin Ⓑ aboriginal
Ⓒ genius Ⓓ Indian Ans B

**33. The noun of the verb, 'Continue' is —**
Ⓐ Continuation Ⓑ Continuity
Ⓒ Continuance Ⓓ All of the above Ans D

**34. Today people from all social strata — cell phone. –**
Ⓐ have used Ⓑ use
Ⓒ are using Ⓓ Both 'B' and 'C' Ans D

**35. 'Blue blood' means –**
Ⓐ enmity Ⓑ close friend
Ⓒ bluish blood Ⓓ aristrocracy
D Explanation Blue blood - অভিজাত (Aristocracy)

**36. 'You are requested to please your elders.' is an —**
Ⓐ Assertive sentence Ⓑ Optative sentence
Ⓒ Imperative sentence Ⓓ Both 'A' and 'C' Ans C

**37. Ruba is looking forward to –**
Ⓐ go Ⓑ goes
Ⓒ going Ⓓ have gone Ans C

**38. Why are you silent? Start (sing) a song. –**
Ⓐ sing Ⓑ singing
Ⓒ to sing Ⓓ sings
B Explanation Start/stop + verb + ing বসে।

**39. He died — hanging.**
Ⓐ of Ⓑ from
Ⓒ for Ⓓ by
D Explanation Die by- দুর্ঘটনায় মারা যাওয়া, die from- কোনো কারণে মারা যাওয়া।

**40. There are people who cannot help (laugh) when they see someone slip on a banana skin.**
Ⓐ laugh Ⓑ laughing
Ⓒ to laugh Ⓓ laughed
B Explanation Cannot/could not help + verb + ing তবে, cannot/ could not but + verb এর base form.

## সাধারণ জ্ঞান

**41. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্ব-ঐতিহ্যের অংশ হিসাবে স্বীকৃতি প্রদানকারী প্রতিষ্ঠান-**
Ⓐ ইউএনএইচসিআর Ⓑ ইউনিসেফ Ⓒ ইউএনডিপি Ⓓ ইউনেস্কো
D Solve ২০১৭ সালের ৩০ অক্টোবর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণকে 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে অর্ন্তভুক্ত করা হয়।

**42. নব্য প্রস্তর যুগের মানুষ সূচনা করে-**
Ⓐ ব্যবসা-বাণিজ্যের Ⓑ কৃষিকাজের
Ⓒ শিল্প-সাহিত্যের Ⓓ মৎস্য চাষের
B Solve বিভিন্ন প্রস্তর যুগের বৈশিষ্ট্য-

| যুগের নাম | বৈশিষ্ট্য |
|---|---|
| প্রাচীন প্রস্তর যুগ | আগুনের আবিষ্কার |
| মধ্য প্রস্তর যুগ | কৃষি উপকরণ আবিষ্কার (যদিও মতভেদ রয়েছে) |
| নব্য প্রস্তর যুগ | কৃষি কাজের সূচনা, বন্য পশুকে গৃহপালিত পশু করা |

**43. 'ছিয়াত্তরের মন্বন্তর'-এর খ্রিস্টীয় সাল-**
Ⓐ ১৭৭০ Ⓑ ১৭৭৬ Ⓒ ১৮৭০ Ⓓ ১১৭৬
A Solve ছিয়াত্তরের মন্বন্তর ঘটেছিল বাংলা ১১৭৬ (১৭৭০ খ্রিস্টাব্দে)। এ সময় দ্বৈত শাসনপদ্ধতির কারণে নবাব ক্ষমতাহীন হয়ে যান আর প্রকৃত ক্ষমতা চলে যায় ইংরেজদের হাতে। এ অব্যবস্থার সঙ্গে যুক্ত হয় অনাবৃষ্টি আর খরা। সবকিছু মিলিয়ে বাংলায় নেমে আসে প্রচণ্ড দুর্ভিক্ষ।

**44. 'কাঁকন বিবি হচ্ছেন-**
Ⓐ নারী উদ্যোক্তা Ⓑ এনজিও নেত্রী
Ⓒ লেখিকা Ⓓ মুক্তিযোদ্ধা
D Solve কাঁকন বিবি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় ৫ নং সেক্টরে যুদ্ধ করেন। এছাড়া 'বীর প্রতীক' খেতাব প্রাপ্ত দুইজন মহিলা মুক্তিযোদ্ধা হলেন - তারামন বিবি (কুড়িগ্রাম) ১১নং সেক্টর ও সিতারা বেগম (কিশোরগঞ্জ) ২ নং সেক্টর।

45. হিজরি সন প্রবর্তন করেন-

Ⓐ হযরত আবু বকর (রাঃ) Ⓑ হযরত ওমর (রাঃ)
Ⓒ হযরত ওসমান (রাঃ) Ⓓ হযরত আলী (রাঃ)

B Solve হযরত ওমর (রাঃ) ছিলেন ইসলামের দ্বিতীয় খলিফা। তাঁর শাসনকাল ৬৩৪-৬৪৪ সাল পর্যন্ত। হযরত আবু বকর (রাঃ) ছিলেন ইসলামের প্রথম খলিফা। ইসলামের তৃতীয় ও চতুর্থ খলিফা ছিলেন যথাক্রমে হযরত ওসমান (রাঃ) ও হযরত আলী (রাঃ)।

46. বিশ্বের ক্ষমতাধর ব্যক্তিবর্গের কর ফাঁকি সম্পর্কিত সম্প্রতি ফাঁস হওয়া নথিটি হলো-

Ⓐ দি ডেইলি মেইল Ⓑ পানামা পেপারস
Ⓒ প্যারাডাইস পেপারস Ⓓ দি ডেইলি মিরর

C Solve প্যারাডাইস পেপার্স কেলেঙ্কারি বিশ্বের ১৮০টি দেশের রাজনীতিক, সেলিব্রিটি ও বিত্তশালী মানুষের অর্থনৈতিক লেনদেন ও মালিকানা সংক্রান্ত বিস্তারিত তথ্যের ডাটাবেস। যারা কর থেকে বাঁচার জন্য বিভিন্ন ট্যাক্স হেভেনে বিনিয়োগ করে আর্থিকভাবে লাভবান হচ্ছেন।

47. বখতিয়ার খিলজি পরাজিত করেন-

Ⓐ ধর্মপালকে Ⓑ শ্রীচন্দ্রকে Ⓒ রামপালকে Ⓓ লক্ষণ সেনকে

D Solve ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি ছিলেন তুর্কি সেনাপতি। তিনি ১২০৪ সালের দিকে সেন বংশের শেষ রাজা লক্ষণ সেনকে পরাজিত করে নদীয়া দখল করেন। পরবর্তীতে নদীয়া ধ্বংস করে রাজধানী স্থাপন করেন গৌড়ের লক্ষণাবতীতে।

48. অটিজম হলো –

Ⓐ মানসিক সমস্যা Ⓑ আচরণগত সমস্যা
Ⓒ বর্ধনমূলক সমস্যা Ⓓ কোনোটিই নয়

B Solve অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার (এএসডি) একটি জটিল স্নায়ুবিক বিকাশ সংক্রান্ত রোগের শ্রেণি যা সামাজিক বিকলতা, কথা বলার প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতা, পুনরাবৃত্তিমূলক এবং একই ধরনের আচরণ দ্বারা চিহ্নিত হয়।

49. বাংলাদেশের ধান গবেষণা ইনস্টিটিউট অবস্থিত -

Ⓐ ফরিদপুরে Ⓑ গাজীপুরে
Ⓒ চট্টগ্রামে Ⓓ ময়মনসিংহে

B Solve বাংলাদেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান-

| প্রতিষ্ঠানের নাম | অবস্থান |
|---|---|
| বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | জয়দেবপুর, গাজীপুর |
| ডাল গবেষণা বোর্ড | ঈশ্বরদী, পাবনা |
| পাট গবেষণা ইনস্টিটিউট | শেরে বাংলানগর, ঢাকা |
| চা গবেষণা ইনস্টিটিউট | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

50. শেষ মোগল সম্রাট ছিলেন-

Ⓐ বাবর Ⓑ বাহাদুর শাহ জাফর
Ⓒ আওরঙ্গজেব Ⓓ শাহজাহান

B Solve ১৫২৬ সালে পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম লোদির বিরুদ্ধে জয়ের মাধ্যমে বাবর মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। ভারতীয় উপমহাদেশে তিনিই প্রথম কামানের ব্যবহার করেন। মোগল সম্রাটদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন সম্রাট আকবর।

51. 'বিজু' উৎসব উদ্‌যাপন করে -

Ⓐ গারোরা Ⓑ সাঁওতালরা Ⓒ চাকমারা Ⓓ মারমারা

C Solve বাংলাদেশের কতিপয় উপজাতিদের বর্ষবরণ উৎসব-

| উপজাতি | উৎসব | উপজাতি | উৎসব |
|---|---|---|---|
| ত্রিপুরা | বৈসুক | গারো | ওয়ানগালা |
| চাকমা | বিঝু | রাখাইন | জলকেলি |

52. কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হচ্ছেন-

Ⓐ হামিদুর রহমান Ⓑ নিতুন কুণ্ডু
Ⓒ জয়নুল আবেদীন Ⓓ কামরুল হাসান

A Solve গুরুত্বপূর্ণ ভাস্কর্য ও স্থপতি-

| ভাস্কর্য | স্থপতি | ভাস্কর্য | স্থপতি |
|---|---|---|---|
| জাতীয় স্মৃতি সৌধ | মাইনুল হোসেন | সংশপ্তক | হামিদুজ্জামান খান |
| বলাকা | মৃনাল হক | জাগ্রত চৌরঙ্গী | আবদুর রাজ্জাক |
| স্বাধীনতা সংগ্রাম | শামীম সিকদার | অপরাজেয় বাংলা | সৈয়দ আবদুল্লাহ খালিদ |

53. BAPEX-এর পূর্ণরূপ-

Ⓐ Bangladesh Petroleum Export
Ⓑ Bangladesh Petroleum Exposure
Ⓒ Bangladesh Petroleum Exploration
Ⓓ Bangladesh Petroleum Expert

C Solve বাপেক্স ১৯৮৯ সালের ৩ এপ্রিল কোম্পানি আইনের অধীনে পেট্রোবাংলার অধীনস্থ একটি কোম্পানি হিসেবে গঠিত হয়। বর্তমানে বাপেক্স কেবল অনুসন্ধান কোম্পানি নয় বরং তেল-গ্যাস অনুসন্ধান ও উন্নয়ন কোম্পানি হিসেবে পরিচালিত হচ্ছে।

54. পাটের জিন বিন্যাসতত্ত্ব আবিষ্কার করেন-

Ⓐ ড. মাহমুদুল হাসান Ⓑ ড. মাকসুদুল আলম
Ⓒ ড. মাহবুবুল আলম Ⓓ ড. মাকসুদুল ইসলাম

B Solve ড. মাকসুদুল আলম ও তাঁর একদল গবেষকের যৌথ প্রচেষ্টায় ২০১০ সালের মাঝামাঝি উন্মোচিত হয় তোষা পাটের জিন নকশা। পরে তিনি ম্যাক্রোফমিনা ফাসিওলিনা নামের এক ছত্রাকের জিন-নকশা উন্মোচন করেন।

55. বিশ্বখ্যাত 'মোনালিসা' চিত্রটির চিত্রকর-

Ⓐ লিওনার্দো দ্য ভিঞ্চি Ⓑ মাইকেল এঞ্জোলো
Ⓒ পাবলো পিকাসো Ⓓ ভিনসেন্ট ভ্যান গগ

A Solve **গোয়ের্নিকা** চিত্রটি স্পেনের বিখ্যাত চিত্রকর পাবলো পিকাসোর আঁকা একটি বিখ্যাত চিত্র। এছাড়া **মোনালিসা** ও **দি লাস্ট সাপার**- লিওনার্দো দ্য ভিঞ্চি, **দি হোলি ফ্যামিলি**- মাইকেল অ্যাঞ্জেলা, **সানফ্লাওয়ার**- ভিনসেট ভ্যানগগ, **সানরাইজ**- ক্লদ মোনে।

56. বাংলাদেশের জাতীয় সংসদের প্রতীক-

Ⓐ শাপলা ফুল Ⓑ গোলাপ ফুল Ⓒ পদ্ম ফুল Ⓓ সূর্যমুখী ফুল

A Solve জাতীয় সংসদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের এক কক্ষবিশিষ্ট আইনসভা। সংবিধানের বিধানাবলি সাপেক্ষে আইন প্রণয়নের ক্ষমতা সংসদের ওপর ন্যস্ত। প্রতি নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত ৩০০ সদস্য ও সংরক্ষিত ৫০টি নারী সদস্যের সমন্বয়ে জাতীয় সংসদ গঠিত। জাতীয় সংসদের মেয়াদ ৫ বছর।

**57. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি অবস্থিত-**

Ⓐ কুষ্টিয়ায় Ⓑ রংপুরে Ⓒ দিনাজপুরে Ⓓ পাবনায়

**D Solve** বাংলাদেশে পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প ১৯৬১ সালে গ্রহণ করা হয়। প্রকল্পটির নাম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প যেটি অবস্থিত ঈশ্বরদী, পাবনা। এছাড়া দেশের একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্রটি কাপ্তাই, রাঙামাটি অবস্থিত।

**58. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-**

Ⓐ ১৯০৬ সালে Ⓑ ১৯২২ সালে

Ⓒ ১৯৩৫ সালে Ⓓ ১৯২১ সালে

**D Solve** ঢাকা বিশ্ববিদ্যালয় ১ জুলাই ১৯২১ প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় গঠনের জন্য ১৯১২ সালে ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান (২৮তম)।

**59. শহিদ বুদ্ধিজীবী দিবস-**

Ⓐ ১৪ নভেম্বর Ⓑ ১৪ ডিসেম্বর Ⓒ ৪ ডিসেম্বর Ⓓ ২৩ নভেম্বর

**B Solve** গুরুত্বপূর্ণ দিবস ও তাৎপর্য-

| তাৎপর্য | দিবস | তাৎপর্য | দিবস |
|---|---|---|---|
| সংবিধান দিবস | ৪ নভেম্বর | জেলহত্যা দিবস | ৩ নভেম্বর |
| ছয় দফা দিবস | ৭ জুন | মুক্তিযোদ্ধা দিবস | ১ ডিসেম্বর |
| স্বাধীনতা দিবস | ২৬ মার্চ | মহান বিজয় দিবস | ১৬ ডিসেম্বর |

**60. জাতিসংঘের বর্তমান মহাসচিব-**

Ⓐ বান কি মুন Ⓑ কফি আনান

Ⓒ আন্তোনিও গুতেরেস Ⓓ দ্যাগ হামারশোল্ড

**C Solve** জাতিসংঘের নামকরণ করেন মার্কিন প্রেসিডেন্ট এফডি রুজভেল্ট। জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় ২৬ জুন ১৯৪৫ আর কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫। জাতিসংঘ দিবস পালিত হয় ২৪ অক্টোবর। অফিসিয়াল ভাষা ৬টি। জাতিসংঘের প্রথম মহাসচিব ট্রাইগভেলাই (নরওয়ে)।

**61. বাংলাদেশের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় -**

Ⓐ ১৯৭২ সালে Ⓑ ১৯৭৩ সালে

Ⓒ ১৯৭৪ সালে Ⓓ ১৯৭৫ সালে

**B Solve** বাংলাদেশে প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩। এ নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হয় এবং ৩০০টি আসনের মধ্যে ২৯৩টি আসন লাভ করে। একাদশ বা শেষ জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয় ৩০ ডিসেম্বর ২০১৮।

**62. আন্তর্জাতিক মানবাধিকার কমিশনের সদর দফতর-**

Ⓐ নিউইয়র্কে Ⓑ প্যারিসে Ⓒ জেনেভায় Ⓓ লন্ডনে

**C Solve** ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর প্যারিসে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদে মানবাধিকার সনদ ঘোষণা করা হয়। প্রত্যেক মানুষের মানবাধিকার নিশ্চিত করাই এ সনদের লক্ষ্য। বিশ্ব মানবাধিকার দিবস ১০ ডিসেম্বর।

**63. কাবাডি যে দেশের জাতীয় খেলা-**

Ⓐ ভুটান Ⓑ ভারত Ⓒ নেপাল Ⓓ বাংলাদেশ

**D Solve** কতিপয় দেশ ও তাদের জাতীয় খেলা:

| দেশ | জাতীয় খেলা | দেশ | জাতীয় খেলা |
|---|---|---|---|
| জাপান | জুডো | ভুটান | তীরন্দাজ/আর্চারি |
| শ্রীলঙ্কা | ক্রিকেট | পাকিস্তান | হকি |
| স্পেন | ষাঁড়ের লড়াই | আফগানিস্তান | বক্সিং |
| ভারত | হকি ও কাবাডি | তুর্কমেনিস্তান | ঘোড়া দৌড় |

**64. বাংলার নারী জাগরণের অগ্রদূত-**

Ⓐ সুফিয়া কামাল Ⓑ ইলা মিত্র

Ⓒ রাণী ভবানী Ⓓ বেগম রোকেয়া

**D Solve** বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন ১৮৮০ সালের ৯ ডিসেম্বর রংপুর জেলার মিঠাপুকুর থানার পায়রাবন্দ গ্রামের জন্মগ্রহণ করেন। তাঁর উল্লেখযোগ্য রচনার মধ্যে রয়েছে- মতিচূর, Sultana's Dream, পদ্মরাগ, অবরোধবাসিনী প্রভৃতি।

**65. বদরের যুদ্ধ সংঘটিত হয়-**

Ⓐ ৬২৪ সালে Ⓑ ৬২৮ সালে Ⓒ ৬৩০ সালে Ⓓ ৬৩২ সালে

**A Solve** ইতিহাসের কতিপয় গুরুত্বপূর্ণ যুদ্ধ-

| যুদ্ধের নাম | সময়কাল |
|---|---|
| শতবর্ষব্যাপী যুদ্ধ | ১৩৩৮-১৪৫৩ |
| আমেরিকার স্বাধীনতা যুদ্ধ | ১৭৭৬-১৭৮৩ |
| ট্রাফালগার যুদ্ধ | ১৮০৫ |
| ওয়াটারলুর যুদ্ধ | ১৮১৫ |
| স্পেনের গৃহযুদ্ধ | ১৯৩৬-১৯৩৯ |
| কোরিয়া যুদ্ধ | ১৯৫০-১৯৫৩ |

**66. সতীদাহ প্রথা উচ্ছেদে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন-**

Ⓐ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓑ স্বামী বিবেকানন্দ

Ⓒ রাজা রামমোহন রায় Ⓓ দেবেন্দ্রনাথ ঠাকুর

**C Solve** ১৮২৯ সালের ৪ ডিসেম্বর ব্রিটিশ ভারতের বেঙ্গল প্রেসিডেন্সিতে সতীদাহ প্রথাকে বাতিল ঘোষণা করা হয়। এ সময় বাংলার গভর্নর ছিলেন লর্ড উইলিয়াম বেন্টিংক।

**67. সেরিকালচার হলো-**

Ⓐ উপজাতীয় সংস্কৃতি Ⓑ সিরীয় সংস্কৃতি

Ⓒ কীটনাশক Ⓓ রেশম কীটের চাষ

**D Solve** বিজ্ঞান সংক্রান্ত পরিভাষা-

| | |
|---|---|
| অ্যানাটমি | অঙ্গসংস্থান বিদ্যা |
| এপিকালচার | মৌমাছি চাষ বিদ্যা |
| এভিকালচার | পাখিপালন বিদ্যা |
| হর্টিকালচার | উদ্যান বিদ্যা |
| নিউরোলজি | স্নায়ু বিদ্যা |
| ফিলাটেলি | ডাকটিকেট বিদ্যা |
| পিসিকালচার | মৎস্য চাষ বিদ্যা |
| সিসমোলজি | ভূকম্পন বিদ্যা |

**68. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়?**

Ⓐ ১৫ Ⓑ ১২ Ⓒ ১১ Ⓓ ১৩

**C Solve** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টর ও ৬৪টি সাব সেক্টরে ভাগ করা হয়েছিল। নৌবাহিনীর অধীনে ছিল ১০নং সেক্টর এবং সেখানে কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না। ১নং সেক্টরে ছিল চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম এবং ঢাকা ছিল ২নং সেক্টরে। সুন্দরবন ছিল ৯ নং সেক্টরে।

**69. কম্পিউটারের স্থায়ী মেমোরি -**

Ⓐ DOS Ⓑ ROM Ⓒ RAM Ⓓ USB

**B Solve** কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত মেমোরিকে তিন ভাগে ভাগ করা যায় যথা- i.প্রধান বা মুখ্য মেমোরি (ROM) ii. সহায়ক বা গৌণ মেমোরি (RAM) ও iii. ক্যাস মেমোরি।

**70. ২০২২ সালে ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হবে-**

Ⓐ কাতারে Ⓑ চীনে Ⓒ কুয়েতে Ⓓ ফ্রান্সে

**A Solve** বিশ্বকাপ ফুটবল প্রথম অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে উরুগুয়েতে। ২০১৮ সালের বিশ্বকাপ হচ্ছে ফিফা বিশ্বকাপের ২১তম আসর। ২০২৬ সালে ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে আমেরিকা, কানাডা ও মেক্সিকোতে।

**71. ভ্যাট একটি –**

Ⓐ প্রত্যক্ষ কর Ⓑ সম্পূরক শুল্ক
Ⓒ ভোক্তা কর Ⓓ উন্নয়ন কর

**C Solve** কর সাধারণত দুই ধরনের যথা i. প্রত্যক্ষ কর (আয়কর, সম্পদ কর) ও ii. পরোক্ষ কর (ভ্যাট)।

**72. Republic গ্রন্থের লেখক-**

Ⓐ প্লেটো Ⓑ সক্রেটিস Ⓒ এরিস্টটল Ⓓ রুশো

**A Solve** গ্রন্থ ও গ্রন্থাকার-

| গ্রন্থের নাম | লেখক |
|---|---|
| My Life | বিল ক্লিনটন |
| The Politics | অ্যারিস্টটল |
| Farewell to Arms | আর্নেস্ট হেমিংওয়ে |
| Tin Drum | গুন্টার গ্রাস |
| The Prince | ম্যাকিয়াভেলি |
| The Asian Drama | গুনার মিরডাল |

**73. সরকার ঘোষিত বাংলাদেশের অষ্টম সিটি কর্পোরেশন-**

Ⓐ ময়মনসিংহ Ⓑ রংপুর Ⓒ কিশোরগঞ্জ Ⓓ ফরিদপুর

**Blank Solve** ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনকে 'ঢাকা সিটি কর্পোরেশনে' উন্নীত করা হয় ১৯৯০ সালে। জনগণের ভোটে নির্বাচিত প্রথম সিটি মেয়র- মোহাম্মদ হানিফ। বর্তমান সিটি কর্পোরেশন ১২টি। দেশের অষ্টম সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ।

**74. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ-**

Ⓐ কেওক্রাডং Ⓑ ডামলং
Ⓒ বিজয় Ⓓ লালমাই

**C Solve** তাজিংডং (বিজয়) বাংলাদেশের সরকারিভাবে স্বীকৃত সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। এটি বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় বান্দরবন জেলার রুমা উপজেলার সাইচল পর্বতসারিতে অবস্থিত। এ পর্বতের উচ্চতা ১,২৩১ মিটার (৪০৩৬ ফুট)।

**75. কম্পিউটারের ইনপুট ডিভাইস নয়-**

Ⓐ কী-বোর্ড Ⓑ স্ক্যানার
Ⓒ মাউস Ⓓ প্রিন্টার

**D Solve** কম্পিউটারের ইনপুট ডিভাইস সমূহ- কী বোর্ড, মাউস, জয়স্টিক, স্ক্যানার ইত্যাদি এবং কম্পিউটারের আউটপুট ডিভাইস সমূহ-মনিটর, স্পিকার, প্রিন্টার, প্লটার ইত্যাদি।

**76. মিয়ানমারের রাজধানী-**

Ⓐ রেঙ্গুন Ⓑ আরাকান Ⓒ নেপোডো Ⓓ কোচিন

**C Solve** কতিপয় দেশের নাম ও রাজধানী-

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| মায়ানমার | নাইপিদো | বেলজিয়াম | ব্রাসেলস |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | মন্টিনিগ্রো | পোডগোরিকো |
| আলজেরিয়া | আলজিয়ার্স | ডেনমার্ক | কোপেনহেগেন |
| জিম্বাবুয়ে | হারারে | উরুগুয়ে | মন্টিভিডিও |

**77. সার্কের বর্তমান সদস্য সংখ্যা–**

Ⓐ ৬ Ⓑ ৮
Ⓒ ৯ Ⓓ ৭

**B Solve** দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর গঠিত হয়। ২০০৭ সালে ১৪তম শীর্ষ সম্মেলনে আফগানিস্তানকে সার্কের ৮ম সদস্য করা হয়। এর সদর দপ্তর কাঠমান্ডু, নেপাল।

**78. এদের মধ্যে বীরশ্রেষ্ঠ উপাধিপ্রাপ্ত যিনি–**

Ⓐ মুন্সী আবদুর রহীম Ⓑ মহিউদ্দিন জাহাঙ্গীর
Ⓒ নূরুল ইসলাম Ⓓ আবুল বরকত

**B Solve** বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৯৪৯ সালের ৭ মার্চ বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ৭নং সেক্টরে যুদ্ধ করেন। মৃত্যু ১৪ ডিসেম্বর ১৯৭১ বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জ। তাঁর সম্মানে ঢাকা সেনানিবাসের প্রধান ফটকের নাম "শহিদ জাহাঙ্গীর গেট" নামকরণ করা হয়েছে।

**79. বাংলাদেশের সংবাদ সংস্থা–**

Ⓐ বাসস Ⓑ এএফপি
Ⓒ এপি Ⓓ রয়টার্স

**A Solve** কতিপয় দেশের সংবাদ সংস্থা-

| দেশের নাম | সংবাদ সংস্থা | দেশের নাম | সংবাদ সংস্থা |
|---|---|---|---|
| ফ্রান্স | এএফপি | রাশিয়া | তাস |
| যুক্তরাষ্ট্র | এপি | মিশর | মেনা |
| যুক্তরাজ্য | রয়টার্স | ইন্দোনেশিয়া | আনতারা |

**80. বাংলাদেশের T20 ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক-**

Ⓐ সাকিব আল হাসান Ⓑ মাশরাফি বিন মোর্তজা
Ⓒ মুশফিকুর রহিম Ⓓ মাহমুদউল্লাহ রিয়াদ

**D Solve** বাংলাদেশের T-20 ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদ। বাংলাদেশ 'ওয়ানডে স্ট্যাটাস' লাভ করে ১৫ জুন ১৯৯৭ এবং 'টেস্ট স্ট্যাটাস' লাভ করে ২৬ জুন ২০০০।

**81. বাংলাদেশের সম্প্রতি আবিষ্কৃত গ্যাসক্ষেত্রটি-**

Ⓐ কুমিল্লায় Ⓑ ভোলায় Ⓒ রাজশাহীতে Ⓓ সিলেটে

**B Solve** বাংলাদেশে প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছিল ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে এবং প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৫৭ সালে। বর্তমানে বাংলাদেশে গ্যাসক্ষেত্র রয়েছে ২৮টি, জকিগঞ্জ, সিলেট।

**82. দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের নেতা–**

Ⓐ নেলসন ম্যান্ডেলা Ⓑ রবার্ট মুগাবে
Ⓒ সক্রুমা Ⓓ জ্যাকব জুমা

**A Solve** নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার বর্ণবাদ বিরোধী নেতা। যিনি বর্ণবাদের অবসান করে ১৯৯৪ সালের ১০ মে দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন। ১৯৯৩ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

**83. ২০১৭ সালের ফিফা বর্ষ সেরা খেলোয়াড়-**

Ⓐ নেইমার Ⓑ লিওনেল মেসি
Ⓒ রোনালদিনহো Ⓓ ক্রিশ্চিয়ানো রোনালদো

**B Solve** ২০২১ সালের ফিফা বর্ষসেরা খেলোয়াড় রবার্ট লেভান্ডোভস্কি (পোল্যান্ড)।

84. শেখ সাদী ছিলেন একজন-

Ⓐ চিত্রকর Ⓑ কবি Ⓒ পরিব্রাজক Ⓓ বিজ্ঞানী

**B** Solve বিশ্বের বিভিন্ন ভাষার শ্রেষ্ঠ কবি-

| কবি | ভাষা | দেশ |
|---|---|---|
| শেখ সাদী | ফার্সি | ইরান |
| ওমর খৈয়াম | ফার্সি | ইরান |
| হোমার | গ্রিক | গ্রিস |
| ইমরুল কায়েস | আরবি | সৌদি আরব |

85. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর (বার্ড) অবস্থান–

Ⓐ বগুড়ায় Ⓑ রাজশাহীতে Ⓒ খুলনায় Ⓓ কুমিল্লায়

**D** Solve বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) ১৯৫৯ সালে কুমিল্লা জেলার কোর্টবাড়িতে প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা আখতার হামিদ খান।

86. একটি রাষ্ট্রের উপাদান-

Ⓐ ৩ টি Ⓑ ৪ টি Ⓒ ৫ টি Ⓓ ৬ টি

**B** Solve রাষ্ট্রের চারটি গুরুত্বপূর্ণ উপাদান হলো- নির্দিষ্ট ভূখণ্ড, জনসমষ্টি, সার্বভৌমত্ব ও সরকার।

87. আঞ্চলিক জোট নয় –

Ⓐ সার্ক Ⓑ ওপেক Ⓒ আসিয়ান Ⓓ আরব লীগ

**B** Solve ১৯৬০ সালে ১৪ সেপ্টেম্বর প্রতিষ্ঠিত ওপেক (OPEC) একটি অর্থনৈতিক ও বাণিজ্যিক সংস্থা। এর সদর দপ্তর অবস্থিত ভিয়েনা, অস্ট্রিয়ায়। বর্তমান সদস্য ১৩টি।

88. বর্ধমান হাউসের বর্তমান অবস্থান-

Ⓐ নজরুল একাডেমিতে Ⓑ বাংলা একাডেমিতে

Ⓒ শিল্পকলা একাডেমিতে Ⓓ লালন একাডেমিতে

**B** Solve বাংলাদেশের কতিপয় স্থানের নতুন ও পুরাতন নাম-

| নতুন নাম | পুরাতন নাম | নতুন নাম | পুরাতন নাম |
|---|---|---|---|
| মুজিবনগর | বৈদ্যনাথতলা | সিরডাপ কার্যালয় | চাঁমেলী হাউজ |
| আসাদ গেইট | আইয়ুব গেইট | নূর হোসেন স্কয়ার | জিরো পয়েন্ট |
| বাহাদুর শাহ পার্ক | ভিক্টোরিয়া পার্ক | লালবাগ দুর্গ | আওরঙ্গবাদ দুর্গ |

89. যুক্তরাজ্যের সরকার ব্যবস্থা–

Ⓐ প্রেসিডেন্ট শাসিত Ⓑ রাজতন্ত্র

Ⓒ একনায়কতন্ত্র Ⓓ সাংবিধানিক রাজতন্ত্র

**D** Solve বিশ্বের বিভিন্ন দেশের শাসনতান্ত্রিক ব্যবস্থা-

| দেশ | শাসন ব্যবস্থা | দেশ | শাসন ব্যবস্থা |
|---|---|---|---|
| ভুটান | সাংবিধানিক রাজতন্ত্র | ইরান | গণতন্ত্র |
| সৌদি আরব | রাজতন্ত্র | চীন | সমাজতন্ত্র |
| যুক্তরাষ্ট্র | গণতন্ত্র | ইন্দোনেশিয়া | গণতন্ত্র |

90. মালয়েশিয়ার রাষ্ট্রীয় ভাষা হলো–

Ⓐ মালায়লাম Ⓑ মালয় Ⓒ মালি Ⓓ আরবি

**B** Solve বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রীয় ভাষা-

| দেশের নাম | ভাষা | দেশের নাম | ভাষা |
|---|---|---|---|
| মালদ্বীপ | দিভেহি | ডেনমার্ক | ড্যানিশ |
| ভুটান | দোজংখা | অস্ট্রিয়া | জার্মান |
| আফগানিস্থান | পশতু | ব্রাজিল | পর্তুগিজ |

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

91. বিশেষ নিয়মে সাধিত সন্ধিজাত শব্দ–

Ⓐ উত্থান Ⓑ যাচ্ঞা Ⓒ রাজ্ঞী Ⓓ তৎকাল

**A** Solve বিশেষ নিয়মে সাধিত কতিপয় ব্যঞ্জনসন্ধি : উৎ + স্থান = উত্থান, সম্ + কার = সংস্কার, পরি + কার = পরিষ্কার প্রভৃতি।

92. বিভক্তিহীন নামশব্দকে বলে–

Ⓐ রূঢ়ি শব্দ Ⓑ প্রাতিপদিক Ⓒ ধাতু Ⓓ সাধিত শব্দ Ans Ⓑ

93. 'রাশভারী' বাগ্ধারাটির অর্থ–

Ⓐ গম্ভীর প্রকৃতির Ⓑ চির অশান্তি

Ⓒ ভারি মেজাজের Ⓓ মোটা বুদ্ধি

**A** Solve কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্ধারা : ইতর বিশেষ (পার্থক্য), কাঠের পুতুল (নির্জীব, অসার), কেউকেটা (সামান্য), নয়ছয় (অপচয়), হাড় হাভাতে (হতভাগ্য), পগারপার (পালানো)।

94. 'আহ্বান' গল্পে বৃদ্ধাকে কবর দেওয়া হয়–

Ⓐ তিত্তিরাজ গাছের তলায় Ⓑ শিমুল গাছের নিচে

Ⓒ আমবাগানে Ⓓ বাঁশঝাড়ের নিচে Ans Ⓐ

95. 'রোয়াক' শব্দের অর্থ হলো–

Ⓐ চৌকাঠ Ⓑ দাওয়া Ⓒ দরজা Ⓓ জানালা

**B** Solve কতিপয় শব্দের অর্থ :

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| দোহারা | মন্দির | কুজ | মঙ্গলবার |
| পর্যঙ্ক | খাট | পুত্তিকা | উইপোকা |
| হসন্তিকা | অগ্নিপাত্র | সন্ত | সন্ন্যাসী |

96. দেশি শব্দ নয়–

Ⓐ ডিঙ্গি Ⓑ কুলা Ⓒ কাঁচি Ⓓ টোপর

**C** Solve কতিপয় তুর্কি শব্দ : কোর্মা, বন্দুক, বেগম, কাবু, খাতুন, খাঁ, লাশ, খোকা, উর্দু, কুলি, বাবা।

97. 'কণিকা' রাজ্যের উল্লেখ রয়েছে ___ রচনায়–

Ⓐ বিভীষণের প্রতি মেঘনাদ Ⓑ আহ্বান

Ⓒ চাষার দুক্ষু Ⓓ মাসি-পিসি Ans Ⓒ

98. 'বিড়াল' রচনায় বিড়ালের চারিত্রিক বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রাসঙ্গিক–

Ⓐ প্রতিবাদী Ⓑ পরিশ্রমী Ⓒ লোভী Ⓓ অলস

**A** Solve বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন 'কমলাকান্তের দপ্তর'। তিন অংশে বিভক্ত এ গ্রন্থের 'বিড়াল' প্রবন্ধে বিড়ালের কণ্ঠে পৃথিবীর সকল বঞ্চিত, নিষ্পেষিত, দলিতের ক্ষোভ-প্রতিবাদ-মর্মবেদনা যুক্তিগ্রাহ্য সাম্যতাত্ত্বিক সৌকর্যে উচ্চারিত হয়েছে।

99. হলুদ শাড়ি লেগে থাকে যার শরীরে–

Ⓐ কাঁকনমালা Ⓑ শঙ্খমালা Ⓒ কিরণমালা Ⓓ মধুমালা Ans Ⓑ

100. 'ঋজু' শব্দের বিপরীত অর্থ–

Ⓐ সরল Ⓑ বঙ্কিম Ⓒ ভঙ্গুর Ⓓ বেঁটে

**B** Solve কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সরল | কুটিল | বেঁটে | লম্বাটে |
| প্রফুল্ল | ম্লান | স্নিগ্ধ | রুক্ষ |
| যোজক | প্রণালি | ঐহিক | পারত্রিক |
| ভূত | ভবিষ্যৎ | বিজেতা | বিজিত |